পামারিস, প্যালমারিস, (Palmaris) হাতের তালুর পেশী।

পায়স, পু, শ্রীবাস, তার্পিণ, পরমান্ন।

পায়ামেটার, (Piamater) মস্তিষ্কের প্রথম আবরক ঝিল্লী।

পায়ু, পু, মলদ্বার (Anus)।

পার, পু, পারদ ; (Per) অম্ল ধাতুর সহিত অক্সিজেনাদির অত্যন্ত সংযোগ জ্ঞাপক উপসর্গ।

পারক, পু, স্বর্ণ।

পারকশন, (Percussion) প্রতিঘাত ; শরীরের উপরে অঙ্গুলীর আঘাত শব্দ দ্বারা রোগাক্রান্ত আভ্যন্তরিক যন্ত্রাদির অবস্থা জ্ঞান।

পারত, পু, পারদ।

পারকোলেটর, (Percolator) পারকোলেশন যন্ত্র।

পারকোলেশন, (Percolation) সছিদ্র নিরেট পদার্থের অভ্যন্তর দিয়া তরল পদার্থ চোয়াইবার ক্রিয়া।

পারগেটিভ, (Pergative) বিরেচক ঔষধ।

পারটসিস, (Pertussis) এক প্রকার আক্ষেপযুক্ত সংক্রামক কাস। হুপ শব্দকারক কাস।

পারদ, পু, ধাতু বিশেষ, পারা ; (গুণ) কৃমি কুষ্ঠনাশী, চক্ষুস্য এবং রসায়ণ। (Mercurry) অন্যান্য ঔষধের সহিতই ব্যবহৃত হইয়া থাকে।

পারদবেপন, (Mercurial palsy) পারদ জন্য সকম্প পক্ষাঘাত।

পারপুরা, (Purpura) চর্ম্মের নিম্নে রক্ত ক্ষরিত হইয়া গাত্রে বেগুনী রঙ্গের পীড়কা বিশিষ্ট এক প্রকার রোগ ; শীতাদ, ধূম্র রোগ।

পারফোরেটর, (Perforator) গর্ভস্থ ভ্রূণের মস্তকাদি রন্ধ্র করণার্থ অস্ত্র বিশেষ।

পারফোরেশন, (Perforation) রন্ধ্র, ছিদ্র।

পারভেগম, (Pervagum) ফুস্‌ফুস্ পাকাশয়িক স্নায়ু, নিউমোগ্যাষ্ট্রিক নার্ভ।

পার্শেপসন্, (Perception) ইন্দ্রিয়জ্ঞান।

পারস্পিরেশন, (Perspiration) ঘর্ম্ম।

পারাবতপদী, স্ত্রী, পারাবতাঙ্ঘ্রি, নয়াকট্‌কী, কাকজঙ্ঘা।

পারাবতাঙ্ঘ্রি, পু, জ্যোতিষ্মতী।

পারাবতী, স্ত্রী, লবলী ফল।

পারিজাত, পারিজাতক, পু, পারিভদ্র বৃক্ষ ; পালিদামাদার।

পারিভদ্র, পু, পালিদা মাদার ; (গুণ) অনিল শ্লেষ্মা শোথ মেদ ও কৃমি

নাশক; (ফুলের গুণ) পিত্তরোগ ও কর্ণ-ব্যাধিঘ্ন। নিম্ব বৃক্ষ, দেবদারু, সরল বৃক্ষ। ন, কুড়।

পারিভদ্রক, পু, কুড়।

পারিভব্য, ন, কুষ্টৌষধ, কুড়।

পারিশ, পু, পলাশ পিপুল, বৃক্ষবিশেষ; (গুণ) দুর্জর, স্নিগ্ধ, ক্রমিশুক্রকফপ্রদ, ফলে অম্ল, মূলে মধুর, কষায়, স্বাদু মজ্জক।

পারুষ্য, ন, অগুরু।

পার্টিকেল, (Particle) পরমাণু।

পার্টুরিয়েন্ট, (Parturient) প্রসূতি; প্রসববেদনা জনক বা বর্দ্ধক।

পার্টুরিশন, (Parturition) প্রসব ক্রিয়া, প্রসবাবস্থা।

পার্ণিও, (Pernio) শীতস্ফোট, চিলব্লেন।

পার্থ, পু, অর্জ্জুন বৃক্ষ।

পার্থিব, ন, তগর পুষ্প।

পার্মেনেন্ট, (Permanent) স্থায়ী।

পার্ব্বত, পু, মহানিম্ব।

পার্ব্বতী, স্ত্রী, সৌরাষ্ট্রমৃত্তিকা, ক্ষুদ্র পাষাণভেদা, ধাতকী, সৈংহলী।

পার্ব্বতেয়, ন, সৌবিরাঞ্জন।

পার্ব্বতেয়, পু, সূর্য্যাবর্ত্ত বৃক্ষ।

পার্শ্ব-পিপ্পল, ন, হরিতকী বিশেষ; (হিন্দী) গজগড়।

পার্শ্বশূল, পু, ন, শূলরোগ বিশেষ।

পার্শ্বাস্থি, ন, পঞ্জরাস্থি, পাঁজরা।

পার্ষ্ণি, পু, স্ত্রী, গুল্‌ফের অধোভাগ, গোড়মুড়া, গোড়ারী।

পালক, পু, চিত্রক বৃক্ষ।

পালঙ্ক, পু, শাকভেদ, পালং শাক, শল্লকী।

পালঙ্কী, স্ত্রী, কুন্দুরোখোটী নামক গন্ধদ্রব্য; (গুণ) কফ পিত্ত বাত বিবন্ধ নাশী ও রুক্ষ।

পালঙ্ক্য, ন, শাকভেদ, পালং; (গুণ) ঈষৎ কটু, মধুর, পথ্য, শীতল, রক্তপিত্তহর, পরম তর্পণক।

পালঙ্ক্যা, স্ত্রী, কুন্দুরু, কুন্দুরুখোটী; (গুণ) বাতল, শীতল, শ্লেষ্মল, ভেদক, গুরু, বিষ্টম্ভী, মদ শ্বাস পিত্ত রক্ত ও বিষাপহ।

পাললিক, (Pancreas) ক্লোম, প্যানক্রিয়াস দেখ।

পালাশ, ন, তামাল পত্র, তেজপত্র।

পালিন্দ, পু, কুন্দুরুক।

পালিন্দা, স্ত্রী, শ্যামালতা, কৃষ্ণ ত্রিবৃতা, ত্রিবৃতা।

পালিন্দী, স্ত্রী, কৃষ্ণ ত্রিবৃতা।

পাবক, পু, চিত্রক, ভল্লাতক, বিড়ঙ্গ, রক্তচিত্রক, কুসুম্ভ, গণিয়ারি।

পাবকারণি, পু, অগ্নিমন্থ।

পাবন, ন, রুদ্রাক্ষ, কুড়, চিত্রক। পু, সিহ্লক, পীত ভৃঙ্গরাজ।

পাবনধ্বনি, পু, শঙ্খ।

পাবনী, স্ত্রী, হরিতকী, তুলসী।

পাশুপত, পু, বকপুষ্প।

পাশ্চাত্যাকর সম্ভব, ন, সাম্ভারী লবণ।

পাষাণ গর্দ্দভ, পু, হনু সন্ধিজ ক্ষুদ্র রোগ বিশেষ।

পাষাণজতু, ন, শিলাজতু।

পাষাণভেদন, পু, বৃক্ষবিশেষ, হাথাজুড়ি (গুণ) মধুর, তিক্ত, মেহতৃড়দাহ মূত্র কৃচ্ছ্র, অশ্মরী নাশী এবং শীতল।

পাষাণভেদী, পু, বৃক্ষবিশেষ, পাথরচুর।

পাহাত, পু, ব্রহ্মদারু বৃক্ষ।

পিউট্রিফ্যাক্‌সন, (Putrifaction) পচন, বিগলিত হওন।

পিউডিক, (Pudic) বাহ্যজনেন্দ্রিয় সম্বন্ধীয়।

পিউডেণ্ডা, (Pudenda) জননেন্দ্রিয়, বিশেষতঃ স্ত্রীঅঙ্গ।

পিউডেণ্ডাল, (Pudendal) পিউডেণ্ডা সম্বন্ধীয়।

পিউপিল, (Pupil) চক্ষুর তারা; রেটিনার আলোক প্রবেশার্থ আইরিসের গোলাকার ছিদ্র।

পিউবার্টি, (Puberty) জীবনের যে সময়ে জনন প্রবৃত্তি বিকশিত হইতে আরম্ভ করে; বয়স্থতা।

পিউবিক, (Pubic) পিউবিস সম্বন্ধীয়।

পিউবিস, (Pubis) নাভীর নিম্নবর্ত্তী যে স্থান যৌবনে রোমাবৃত হইয়া থাকে, মণিপুর।

পিউরপারেল, (Puerperal) প্রসব সম্বন্ধীয়, সূতিকা সম্পর্কীয়।

পিউরাইল, (Peurile) শৈশব।

পিত্তনিয়া, বৃক্ষ বিশেষ।

পিক্স বর্গণ্ডিকা, বর্গণ্ডি পিচ।

পিক্স লিকুইডা, টার, আলকাতরা।

পিক্টেনিয়স, (Pictenius) মণিপুরাস্থি হইতে উচ্চাস্থি পর্যান্ত প্রসারিত প্রায় ত্রিকোণাকার পেশী বিশেষ।

পিক্রোমেল, (Picromel) পিত্তস্থিত তিক্ত ও মিষ্টস্বাদ এবং বর্ণশূন্য এক প্রকার কোমল পদার্থ।

পিকপ্রিয়া, স্ত্রী, মহাজম্বু।

পিকবন্ধু, পিকরাগ, পিকবল্লভ, পু, আম্রবৃক্ষ।

পিকাক্ষ, পু, রোচনী।

পিকেক্ষণা, স্ত্রী, কোকিলাক্ষ।

পিগ্‌মেণ্ট, (Pigment) শরীরের বর্ণক পদার্থ

পিগ্‌মেণ্টারী, (Pigmentary) শরীরের বর্ণক পদার্থ সম্বন্ধীয়।

পিঙ্গল, ন, পিত্তল। পু, স্থাবর বিষভেদ।

পিঙ্গললোহ, ন, পিত্তল।

পিঙ্গলা, স্ত্রী, নাড়ীবিশেষ, শিংশপা বৃক্ষ।

পিঙ্গসার, পু, হরিতাল।

পিঙ্গা, স্ত্রী, গোরচনা, হিঙ্গু, হরিদ্রা, নালিকা, বংশরোচনা।

পিঙ্গাশী, স্ত্রী, নীলিকা।

পিঙ্গী, স্ত্রী, শমী বৃক্ষ।

পিচকারী, (Enema) বেগে জল নিঃসারক ক্ষুদ্র যন্ত্র বিশেষ, বস্তি যন্ত্র।

পিচু, পু, কার্পাস তুলা; কুষ্ঠভেদ, ২ তোলা পরিমাণ, শস্যভেদ।

পিচুক, পু, মদনবৃক্ষ, ময়না।

পিচুমর্দ্দ, পু, নিম্ববৃক্ষ।

পিচুমন্দ, পু, নিম্ববৃক্ষ।

পিচুল, পু, ঝাবুক।

পিচ্চট, ন, সীসক, রঙ্গ। পু, নেত্ররোগ বিশেষ।

পিচ্ছলদলা, স্ত্রী, বদরী বৃক্ষ।

পিচ্ছা, স্ত্রী, মোচরস, পূগ, মোচা, শিংশপা বৃক্ষ, ভক্তসম্ভূত মণ্ড।

পিচ্ছিতব্রণ, (Contused wound) গুরুতর আঘাতবশতঃ কোন অঙ্গ দলিত হইলে তাহাকে পিচ্ছিতব্রণ বলে।

পিচ্ছিল, (Sliny) পিছল, আঠা আঠা; (বৈদ্যকে) শ্লেষ্মান্তক বৃক্ষ।

পিচ্ছিলক, পু, ধম্বন বৃক্ষ।

পিচ্ছিলচ্ছদা, স্ত্রী, উপোদিকা।

পিচ্ছিলত্বক্‌, পু, নাগরঙ্গ বৃক্ষ, ধম্বন বৃক্ষ।

পিচ্ছিলসার, পু, মোচরস।

পিচ্ছিলা, স্ত্রী, পোতিকা, শিংশপা, শাল্মলী, কোকিলাক্ষ, বৃশ্চিকাক্ষুপ, শূলীতৃণ, অগুরু, আতসী, কচ্বী।

পিঞ্জ, পু, কর্পূরভেদ।

পিঞ্জট, পু, নেত্রমল।

পিঞ্জর, ন, হরিতাল, স্বর্ণ, নাগকেশর।

পিঞ্জরক, ন, হরিতাল।

পিঞ্জল, ন, কুশপত্র, হরিতাল।

পিঞ্জা, স্ত্রী, তুলা, হরিদ্রা।

পিঞ্জান, ন, স্বর্ণ।

পিঞ্জূষ, পু, কর্ণমল।

পিঞ্জেট, পু, নেত্রমল।

পিটঙ্কোকী, স্ত্রী, ইন্দ্রবারুণী।

পিটিরিয়্যাসিস্‌, (Pityriasis) খুক্‌সী, রুখি, ভূঁষির ন্যায় ক্ষুদ্র ক্ষুদ্র পাতলা চর্ম্ম উত্তোলনশীল মস্তকাদির এক প্রকার চর্ম্মরোগ।

পিটিকি, পিটেকিরি, (Pitechiæ) সন্নিপাতাদি জ্বরে উৎপন্ন বেগুনী রঙ্গের ক্ষুদ্র ক্ষুদ্র পীড়কা।

পিটুইটাস, (Pituitus) শ্লেষ্মাপূর্ণ বা শ্লেষ্মার ন্যায়।

পিটুইটারী, (Pituitary) শ্লেষ্মাস্রাবী।

পিট্রাস পোর্শন, (Petrous portion) প্রস্তরাংশ সম্খাস্থির সেই অংশ যে অংশে আভ্যন্তরিক শ্রবণযন্ত্র আছে।

পিঠর, ন, মুস্তা।

পিডাঙ্কল, (Peduncle) মস্তিষ্কের বিবর্দ্ধন বা উপরোগ বিশেষ ; বৃন্ত, পুষ্পদণ্ড।

পিডাঙ্কিউলার, (Peduncular) পিডঙ্কলযুক্ত।

পিড়কা, স্ত্রী, স্ফোটকবিশেষ।

পিণ্ড, পু, বোল, সিহ্লক, ওড্রপুষ্প, মদন বৃক্ষ। পু, সিহ্লক নামক গন্ধদ্রব্য, পিণ্ডালু। (Concretion) দলা, সংযত পদার্থ, কাদার ন্যায় জিনিষের তাল।

পিণ্ডক, ন, পিণ্ডমূলক, বোল। পু, সিহ্লক নামক গন্ধদ্রব্য, পিণ্ডালু।

পিণ্ডকন্দ, পু, পিণ্ডালু।

পিণ্ডকর্কটী, স্ত্রী, মধুকুষ্মাণ্ডী, এক্ষণে ইহা বিলাতী কুমড়া প্রসিদ্ধ।

পিণ্ডখর্জূর, পু, স্বনামখ্যাত খর্জূর, রাজজম্বু, পিণ্ডী।

পিণ্ডখর্জুরী, স্ত্রী, স্বনামখ্যাত খর্জুর ; (গুণ) গৌল্য, হিম, পিত্তদাহর্ত্তি শ্বাস ও ভ্রমনাশী, বীর্য্য বৃদ্ধিকর।

পিণ্ডগোস, পু, গন্ধরস।

পিণ্ডতৈলক, পু, তুরুস্ক।

পিণ্ডপুষ্প, ন, অশোকপুষ্প, জবা, তগর পুষ্প, পদ্ম।

পিণ্ডপুষ্পক, পু, বাস্তুক।

পিণ্ডফল, ন, লাউ।

পিণ্ডফলা, স্ত্রী, কটুতুম্বী।

পিণ্ডমুস্তা, স্ত্রী, নাগরমুথা।

পিণ্ডমূল, ন, গর্জর, গাজর, মূলকভেদ ; (গুণ) কটু, উষ্ণ ও গুল্মবাতাদি দোষনাশক।

পিণ্ডবীজক, পু, কর্ণিকার বৃক্ষ।

পিণ্ডা, স্ত্রী, পিণ্ডায়স, কস্তূরীভেদ।

পিণ্ডাত, পু, সিহ্লক।

পিণ্ডায়ক, ন, তীক্ষায়স, ইস্পাত।

পিণ্ডার, ন, ফলবিশেষ, পিণ্ডারা ; (গুণ) শীতল, বল্য, পিত্তনাশী, রুচিকর ; পাকে লঘু, বিশেষরূপে বিষ শান্তিকর। পু, বিকঙ্কত বৃক্ষ।

পিণ্ডালু, পু, কন্দ গুড়চী, (হিন্দী) পেড় আলু, চুপড়ী আলু ; (গুণ) মধুর, শীতল, মূত্রকৃচ্ছ্র দাহ শোষ প্রমেহ নাশক, বৃষ্য, সন্তর্পক ও গুরু।

পিণ্ডালুক, ন, আলুবিশেষ, গোল আলু,

গুড় আলু, চুবড়ী আলু; (গুণ) কফ-হর, গুরু, বাত প্রকোপক।

পিণ্ডাহ্বা, স্ত্রী, নাড়ী হিঙ্গু।

পিণ্ডিকা, স্ত্রী, জানুর অধোবর্ত্তী মাংসল স্থান, পায়ের ডিম, শ্বেতাম্লি।

পিণ্ডিলা, স্ত্রী, গোড়ুম্বা।

পিণ্ডী, স্ত্রী, পিণ্ডাতগর, অলাবু, খর্জুর বিশেষ।

পিণ্ডীতক, পু, মদন বৃক্ষ, তগর, ফণিজ্জ-রুক, পেয়ারা গাছ।

পিণ্ডীতগর, পু, তগরবিশেষ।

পিণ্ডীতগরক, পু, তগর।

পিণ্ডীতরু, পু, মহাপিণ্ডী তরু।

পিণ্ডীপুষ্প, পু, অশোক বৃক্ষ।

পিণ্ডীর, পু, দাড়িম বৃক্ষ, হিণ্ডীর।

পিণ্যা, স্ত্রী, জ্যোতিষ্মতী।

পিণ্যাক, পু, ন, সর্ষপাদির খইল, তিল-কল্ক, হিঙ্গু, শিলাজতু, সরল, বাহ্লীক, সিহ্লক, কঙ্কুম।

পিত, (Drunk) যাহা পান করা হইয়াছে।

পিতৃপ্রিয়, পু, ভৃঙ্গরাজ।

পিতৃভোজন, পু, মাষ।

পিত্ত, ন, শরীরস্থ ধাতু বিশেষ; (গুণ) পিত্ত, পিত্তাম্ল, সারক, তুষ্ট, দ্রব, মধোবহ (Bile) যকৃৎ হইতে নিঃসৃত রস বিশেষ।

পিত্তকোষ, (Gall Bladder) যকৃতে অবস্থিত ঝিল্লি নির্ম্মিত পিত্তধারী থলি, পিত্তাধার।

পিত্তঘ্নী, স্ত্রী, গুড়ূচী।

পিত্তদ্রাবী, পু, মধুর জম্বীর।

পিত্তপ্রধান ধাতু, (Bilious Temperament) কৃষ্ণবর্ণ চুল ও চক্ষু, মলিন মুখমণ্ডল, খরস্পর্শ স্থূল ত্বক্ ও বলবতী নাড়ীপূর্ণ ইহার লক্ষণ।

পিত্তপ্রণালী, (Biliary ducts) পিত্ত-বাহীনালী।

পিত্তরক্ত, ন, রক্তপিত্ত রোগ।

পিত্তল, (Bilious) পিত্তবর্দ্ধক; (বৈদ্যকে) ধাতু বিশেষ। পিতল; (গুণ) তিক্ত, শীতল, রসে লবণ, -শাধক, পাণ্ডু, বাত কৃমি প্লীহা ও পিত্তনাশী।

পিত্তলা, স্ত্রী, তোয়পিপ্পলী।

পিত্তশীলা, (Gall stone) পিত্তকোষে উৎপন্ন পাথরী।

পিত্তারি, পু, পর্পট, লাক্ষা, বর্ব্বর।

পিত্তাশ্মরী, (Gall stone) পিত্তশিলা।

পিত্র্য, ন, মধু।

পিনা, (Pinna) মধ্যরেখা হইতে প্রসারিত পাখার ন্যায় অংশ।

পিন্যাস, ন, হিঙ্গু।

পিপ্পল, পু, অশ্বত্থ বৃক্ষ।

পিপ্পলক, ন, স্তনবৃন্ত।

পিপ্পলি, স্ত্রী, পিপ্পলী।

পিপ্পলী, স্ত্রী, পিপুল; (গুণ) জ্বরনাশী, বৃষ্য, স্নিগ্ধ, উষ্ণ, কটু, তিক্ত, দীপক, মারুত শ্বাস কাস শ্লেষ্মা নাশক; (মধুর সহিত গুণ) মেদ কফ শ্বাস কাস জ্বর হর, বৃষ্য, মেধাগ্নিবর্দ্ধক; (গুড়পিপ্পলী গুণ) জীর্ণজ্বরে, অগ্নিমান্দ্যে উপকারক; কাস অজীর্ণ রুচি শ্বাস হৃৎপাণ্ডু কৃমি নাশী।

পিপ্পলিকা, স্ত্রী, অশ্বত্থী বৃক্ষ।

পিপ্পলী মূল, ন, পিপুলের মূল; (গুণ) দীপক, কটু, পাচক, লঘু, রুক্ষ, পিত্তকর, ভেদক, কফ বাত উদর আনাহ প্লীহা গুল্ম কৃমি শ্বাস ক্ষয়াপহ, উষ্ণ এবং রোচক।

পিপ্পিকা, স্ত্রী, দন্তমূল।

পিয়াল, পু, স্বনামখ্যাত বৃক্ষ, ইহার বীজের নাম চিরোঞ্জী; (গুণ) পিত্ত কফাস্রনাশী; (ফলের গুণ) মধুর, স্নিগ্ধ, বৃংহণ, বাতপিত্ত নাশী, গুরু, দাহজ্বর, তৃষ্ণানাশক; (মজ্জার গুণ) মধুর, বৃষ্য, পিত্ত ও বায়ুনাশী, হৃদ্য, অতি দুর্জর, স্নিগ্ধ, বিষ্টম্ভী, আমবর্দ্ধক।

পিরামিড, (Pyramid) শুণ্ডাকার শরীরাংশ, কর্ণপটহের পার্শ্ববর্ত্তী প্রাচীরস্থ অস্থিময় ক্ষুদ্র শুণ্ডাকার উন্নতাংশ।

পিরিয়ডিক, (Periodic) পর্য্যায়শীল, নির্দ্ধারিত সময়ে প্রকাশশীল।

পিরুলেণ্ট, (Perulent) পুঁষবিশিষ্ট।

পিল, (Pill) ঔষধের বটিকা, বড়ি।

পিলার, (Pillar) স্তম্ভের ন্যায় অবলম্বস্বরূপ শরীরাংশ।

পিলিউল, (Pilule) ক্ষুদ্র বটিকা, হোমিওপ্যাথিক ঔষধের বটী।

পিলুক, পু, পিলু বৃক্ষ।

পিলুপর্ণী, স্ত্রী, মোরটা।

পিশাচক্র, পু, শাখোট বৃক্ষ।

পিশাচবৃক্ষ, পু, শাখোট বৃক্ষ।

পিশাচী, স্ত্রী, গন্ধমাংসী।

পিশিত, ন, মাংস।

পিশিতা, স্ত্রী, জটামাংসী।

পিশী, স্ত্রী, জটামাংসী।

পিশুন, ন, কুঙ্কুম।

পিশুনা, স্ত্রী, পৃক্কা, পিড়িংশাক।

পিষ্ট, ন, সীসক, পিষ্টক, পিঠা; (গুণ) প্রাণকর, রুক্ষ, বিদাহী, গুরু, দুর্জর।

পিষ্টক, পু, স্বনামখ্যাত খাদ্যবিশেষ, পিঠা, নেত্ররোগ বিশেষ। ন, তিলচূর্ণ।

পিষ্টপুর, পু, বটক, পিষ্টক বিশেষ; (গুণ) ঘৃতপুর, ঘৃতবর, ঘার্ত্তিক।

পিষ্টবর্ত্তি, পু, মুদ্গ মসূরাদি পিষ্ট।

পিষ্টসৌরভ, ন, চন্দন।

পিষ্টাত, ন, আবীর।

পিষ্টালিকা, স্ত্রী, পিঠালি বৃক্ষ।

পিষ্টিক, ন, তণ্ডুলোদ্ভব তবক্ষীর।

পিষ্টোড়ি, স্ত্রী, শ্বেতাম্লি।

পীড়কা, (Eruptions) উদ্ভেদ, গুটিকা, ক্ষুদ্রব্রণ, ফুস্কুড়ি।

পীড়া, স্ত্রী, রোগ, সরলদ্রু। (Disease)।

পীত, ন, হরিতাল। (Yellow) হরিদ্রা বর্ণ।

পীতক, ন, হরিতাল, কুঙ্কুম, অগুরু, পদ্মকাষ্ঠ, রীতি, মাক্ষিক, নন্দীবৃক্ষ, পীত শাল, শ্যোনাক প্রভেদ, হরিদ্রু, কিংকিরাত বৃক্ষ।

পীতকদলী, স্ত্রী, স্বর্ণকদলী।

পীতকদ্রুম, পু, হরিদ্রু বৃক্ষ।

পীতকন্দ, ন, গর্জর, গাজর।

পীতকরবীরক, পু, পীতবর্ণ করবীর, পুষ্পবৃক্ষ, পীতপ্রসব, সুগন্ধিকুসুম ; (গুণ) সামান্য করবীর তুল্য গুণ।

পীতকা, স্ত্রী, ঝিণ্টী, হরিদ্রা।

পীতকাবের, ন, কুঙ্কুম, পিত্তল।

পীতকাষ্ঠ, ন, পীতচন্দন।

পীতকীলা, স্ত্রী, আবর্ত্তকী লতা।

পীতকুরুণ্ট, পু, পীত ঝিণ্টী।

পীতঘোষা, স্ত্রী, পীতপুষ্প, ঘোষালতা।

পীতচন্দন, ন, দ্রাবিড় দেশীয় পীতবর্ণ চন্দন, কলম্বক ; (গুণ) রক্তচন্দনের ন্যায়।

পীতচম্পক, পু, পীতবর্ণ চম্পকপুষ্প বৃক্ষ।

পীতজ্বর, (Yellow fever) ইওলো ফিবার দেখ।

পীততণ্ডুল, পু, কঙ্গুনী।

পীততণ্ডুলা, স্ত্রী, ক্ষবিকা বৃক্ষ।

পীততৈলা, স্ত্রী, জ্যোতিষ্মতী লতা, মহাজ্যোতিষ্মতী।

পীতদারু, ন, দেবদারু, সরল, হরিদ্রু।

পীতদ্রু, পু, সরল বৃক্ষ, দারুহরিদ্রা।

পীতন, ন, কুঙ্কুম, হরিতাল, পীতদারু। পু, প্লক্ষ, আম্রাতক।

পীতনক, পু, আম্রাতক।

পীতপর্ণিকা, (Nettarash) শীতপিত্ত দ্রষ্টব্য।

পীতপর্ণী, স্ত্রী, শ্বিত্রঘ্নী, বিছিটী।

পীতপুষ্প, ন, আহুল্য বৃক্ষ। পু, কর্ণিকার বৃক্ষ, চম্পক, পীতঝিণ্টী, পিণ্ডীতক ভেদ।

পীতপুষ্পা, স্ত্রী, ইন্দ্রবারুণী, ঝিঞ্জিরিষ্টা ক্ষুপ, পীতবেড়েলা, আঢ়কী।

পীতপুষ্পী, স্ত্রী, শঙ্খপুষ্পী, সহদেবী, মহা কোষাতকী, ত্রপুষী।

পীতফল, পু, শাখোট বৃক্ষ, কর্ম্মরা বৃক্ষ।

পীতফলক, পু, শাখোট বৃক্ষ।

পীতবাহকা, স্ত্রী, হরিদ্রা।

পীতভৃঙ্গরাজ, পু, পীতবর্ণ ভৃঙ্গরাজ, পীত কেশুরিয়া; (গুণ) তিক্ত, উষ্ণ, চক্ষুস্য, কেশরঞ্জন, কফ আম শোক নাশী।

পীতমাক্ষিক, ন, মাক্ষিক।

পীতমুদ্গ, পু, মুদ্গবিশেষ, সোনামুগ।

পীতমূলক, ন, গর্জর, গাজর।

পীতযূথী, স্ত্রী, স্বর্ণযূথী।

পীতরাগ, ন, কিঞ্জল্ক, সিকথক।

পীতরোহিণী, স্ত্রী, কাশ্মরী।

পীতলক, ন, পিত্তল।

পীতলোহ, ন, পিত্তলভেদ।

পীতবীজা, স্ত্রী, মেথিকা।

পীতবৃক্ষ, পু, শ্যোনাক বৃক্ষ প্রভেদ, সরল বৃক্ষ।

পীতশাল, পু, অশন বৃক্ষ, পিয়াশাল।

পীতসার, ন, পীতবর্ণ চন্দনকাষ্ঠ, হরিচন্দন। পু, মলয়জ, অঙ্কোঠ বৃক্ষ, তুরুষ্ক, বীজক, সালগাছ।

পীতসারক, পু, নিম্ববৃক্ষ, অঙ্কোঠবৃক্ষ।

পীতসারি, ন, স্রোতোঽঞ্জন।

পীতসালক, পু, পীতবর্ণ শালবৃক্ষ, পিয়াশাল; ইহার গুণ অসন শব্দে দেখ।

পীতা, স্ত্রী, হরিদ্রা, দারুহরিদ্রা, মহাজ্যোতিষ্মতী, কপিল, শিংশপা, প্রিয়ঙ্গু, গোরোচনা, অতিবিষা, ঝিণ্টী।

পীতাঙ্গ, পু, শ্যোনাক বৃক্ষ প্রভেদ।

পীতিকা, স্ত্রী, হরিদ্রা, দারুহরিদ্রা, স্বর্ণযূথী।

পীনস, পু, নাসারোগ বিশেষ। (Catarrh) নাসারন্ধ্রের প্রাচীন প্রদাহ, ঘ্রাণশক্তির বিলোপ।

পীনসা, স্ত্রী, কর্কটী।

পীপরি, পু, হ্রস্বপ্লক্ষ।

পীযূস, ন, অমৃত, দুগ্ধ।

পীলু, পু, কোঙ্কনাদি দেশে প্রসিদ্ধ ফল বিশেষ; (গুণ) শ্লেষ্মবায়ু গুল্মনাশী, পিত্তদ, ভেদক, যাহা স্বাদু ও তিক্ত তাহা নাত্যুষ্ণ এবং ত্রিদোষহর।

পীলুনী, স্ত্রী, মূর্ব্বা।

পীলুপত্র, পু, মুরটালতা।

পীলুপর্ণী, স্ত্রী, মূর্ব্বা, বিম্বিকা, তেলাকুচা, ওষধি বিশেষ।

পীবরা, স্ত্রী, অশ্বগন্ধা, শতাবরী।

পীবরী, স্ত্রী, শতাবরী, অশ্বগন্ধা।

পুংসবন, ন, দুগ্ধ।

পুংস্ত, ন, শুক্র, পুরুষত্ব।

পুংস্তবিগ্রহ, পু, ভূতৃণ।

পুক্কসী, স্ত্রী, নীলী।

পুঙ্গব, পু, ঔষধ ভেদ, ঋষভৌষধ।

পুচ্ছদা, স্ত্রী, লক্ষণাকন্দ।

পুচ্ছী, পু, অর্কবৃক্ষ।

পুট, ন, গজপুট প্রভৃতি, জাতিফল।

পুটক, ন, পদ্ম।

পুটকন্দ, পু, কোলকন্দ।

পুটকিনী, স্ত্রী, পদ্মলতা।

পুটপাক, পু, পুটাভ্যন্তরস্থ ঔষধের পাক।

পুটালু, পু, কোলকন্দ।

পুটিকা, স্ত্রী, এলা।

পুটোদক, পু, নারিকেল।

পুণ্ডরী, পু, শালপর্ণী।

পুণ্ডরীক, ন, শুক্লপদ্ম। পু, সহকার, দমনকবৃক্ষ, কুষ্ঠরোগ বিশেষ।

পুণ্ডরিকাক্ষ, ন, পুণ্ডর্য্য, পুণ্ডরিয়া।

পুণ্ডরীয়ক, ন, স্থলপদ্ম, প্রপৌণ্ডরিক।

পুণ্ডর্য্য, ন, প্রপৌণ্ডরীক, পুণ্ডরিয়া।

পুণ্ড, পু, ইক্ষুভেদ, পুঁড়ি আক, অতিমুক্তক, পুণ্ডরীক, হ্রস্বপ্লক্ষ, তিলকবৃক্ষ।

পুণ্ড্রক, পু, মাধবীলতা, তিলকবৃক্ষ, পুঁড়ি আক; (গুণ) মধুর, শীতল, রুচিকর, মৃদু, পিত্তদাহ হর, বৃষ্য ও তেজোবল বিবর্দ্ধক।

পণ্যগন্ধ, পু, চম্পক।

পুণ্যতৃণ, ন, শ্বেতকুশ।

পুণ্যা, স্ত্রী, তুলসী।

পুত্রক, পু, বৃক্ষ বিশেষ।

পুত্রকন্দা, স্ত্রী, লক্ষ্মণাকন্দ।

পুত্রজীব, পু, বৃক্ষবিশেষ, জিয়াপুতা; (গুণ) হিম, বৃষ্ট, শ্লেষ্মগর্ভবীজদাতা, চক্ষুস্য, পিত্তশমনক, দাহতৃষ্ণা নিবারক, গুরু, বাতকর, সৃষ্ট মূত্রমল, স্বাদু, পটু, কটু।

পুত্রঞ্জীব, পু, বৃক্ষবিশেষ, জিয়াপুতা।

পুত্রদা, স্ত্রী, বন্ধ্যা কর্কোটকী, লক্ষণাকন্দ, গর্ভদাত্রী ক্ষুপ।

পুত্রদাত্রী, স্ত্রী, মালবে প্রসিদ্ধ লতা বিশেষ; (গুণ) বাত কটু উষ্ণ কফনাশী, সুরভি, সর্ব্বদা পথ্য, বন্ধ্যাদোষনাশী।

পুত্রপ্রদা, স্ত্রী, ক্ষবিকা।

পুত্রভদ্রা, স্ত্রী, বৃহজ্জীবন্তী।

পুত্রশৃঙ্গী, স্ত্রী, অজশৃঙ্গী।

পুত্রশ্রেণী, স্ত্রী, মূষিকপর্ণী।

পুত্রী, স্ত্রী, বৃক্ষবিশেষ।

পুনর্ণবা, স্ত্রী, স্বনামখ্যাত শাক বিশেষ (গুণ) উষ্ণ, তিক্ত, কফ কাস হৃদ্রোগ শূলাস্রপাণ্ডু শোকানীলনাশী, ভেদক, রসায়ন।

পুনর্ভব, পু, রক্ত পুনর্ণবা।

পুনরাক্রমণ, (Relapse) আরোগ্যোন্মুখ সময়ে রোগের পুনরাবির্ভাব।

পুনরুৎপাদন শক্তি, (Reproductive Power) কিছু বিনষ্ট হইলেও তাহা পুনরুৎপাদন শক্তি। প্রজনন শক্তি।

পুন্নাগ, পু স্বনামখ্যাত বৃহৎ পুষ্প ; (গুণ) মধুর, শীতল, সুগন্ধি, পিত্তনাশী, দ্রাবক, দেবতাপ্রসাদক, কষায়, কফ-রক্তনাশী।

পুন্নাট, পুন্নাড়, পু চক্রমর্দ্দ।

পুপফল, পু, উদরস্থ বায়ু।

পুপ্ফুস্, পু, রক্তোভ্যন্তরস্থ কোষ্ঠ বিশেষ, ফুসফুস্।

পুপার্ট শ্ লিগেমেন্ট, (Pouparts Ligament) উদরের বহিস্থ তীর্য্যগ-পেশীর নিম্নতর বন্ধনী।

পুর, ন, নাগর মুথা। পু, গুগ্‌গুলু, পীত ঝিণ্টী।

পুরট, ন, সুবর্ণ।

পুরন্দর, ন, চবিক।

পুরচ্ছদ, পু, তৃণবিশেষ, উলু।

পুরা, স্ত্রী, সুগন্ধি দ্রব্য বিশেষ ; (গুণ) তিক্ত, কটু, শীতল, কষায়, কফপিত্ত শ্বাসাস্র দাহার্ত্তি ভ্রম মূর্চ্ছা এবং তৃষ্ণানাশক।

পুরাতন, (Chronic) প্রাচীন, বহুদিন স্থায়ী।

পুরাসিনী, স্ত্রী, সহদেবীলতা।

পুরীমোহ, পু, ধুস্তুর।

পুরীষ, ন, বিষ্ঠা।

পুরীষম, পু, মাষ।

পুরুষ, পু, পুন্নাগ বৃক্ষ, স্বর্ণ।

পুরুষদন্তিকা, স্ত্রী, মেদা।

পুরোদ্ভবা, স্ত্রী, মহামেদা।

পুলক, ন, কঙ্কুষ্ঠ। পু, হরিতাল।

পুলকী, পু, ধারা কদম্ব।

পুষা, স্ত্রী, লাঙ্গলিকা বৃক্ষ।

পুষ্কর, ন, পদ্ম, কুড়। পু, রোগবিশেষ।

পুষ্কর কর্ণিকা, পুষ্করনাড়ী। স্ত্রী, স্থল-পদ্মিনী।

পুষ্করমূল, ন, পুষ্কর দেশীয় ওষধিবিশেষ ; ইহার পরিবর্ত্তে কুড় ব্যবহৃত হইয়া থাকে ; (গুণ) কটু, তিক্ত, উষ্ণ, কফবাত জ্বর শ্বাস আরোচক কাস শোক ও পাণ্ডুনাশী। পার্শ্বশূল রোগে ইহা অত্যন্ত উপকারী।

পুষ্কর মূলক, ন, কুষ্ঠ বৃক্ষের মূল।

পুষ্কর শিকা, স্ত্রী, পুষ্কর জটা, পুষ্কর মূল।

পুষ্করাহ্বয়, ন, জটা, পুষ্কর মূল।

পুষ্করিণী, স্ত্রী, স্থলপদ্মিনী, পুষ্করমূল।

পুষ্ট তাড়িত, (Positive Electricity)

স্বাভাবিক অপেক্ষা অধিক তাড়িত বিশিষ্ট।

পুষ্টি, স্ত্রী, অশ্বগন্ধা।

পুষ্টিকা, স্ত্রী, জলশুক্তি।

পুষ্টিদা, স্ত্রী, অশ্বগন্ধা।

পুষ্প, ন, স্ত্রীরজ, নেত্ররোগ বিশেষ, ফুল, নাগকেশর।

পুষ্পক, ন, নেত্ররোগ বিশেষ, রসাঞ্জন, কাসীম, লোহ কাংস।

পুষ্পকাসীস, ন, পীতবর্ণ কাসীস; (গুণ) তিক্ত, শীত, নেত্ররোগনাশী, লেপনে পামাকুষ্ঠাদি বহুবিধ ত্বক্‌রোগ নষ্ট করে।

পুষ্পচামর, পু, দমন বৃক্ষ।

পুষ্পদ্রব, পু, পুষ্পরস, সুরভি, শীত, কষায়, গৌল্য, দাহ ভ্রমার্ত্তি বমি শোথ মুখাময় তৃষ্ণার্ত্তি পিত্ত কফদোষ এবং চিরারোচকানশী, সর ও সন্তর্পক।

পুষ্পপ্রিয়ক, পু, পিয়াশালবৃক্ষ।

পুষ্পফল, পু, কপিথ, কুষ্মাণ্ড।

পুষ্পরক্ত, পু, সূর্য্যমণিবৃক্ষ।

পুষ্পরস, পু, মধু।

পুষ্পরসাহ্বয়, পু, মধু।

পুষ্পরাগ, পু, পোকরাজ-মণি; (গুণ) অম্ল, শীত, বাতনাশী, দীপক। এই প্রস্তর ধারণ করিলে শ্রী ও প্রজ্ঞা বৃদ্ধি হয়।

পুষ্পরোচন, পু, নাগকেশর।

পুষ্পশূন্য, পু, উডুম্বর।

পুষ্পশ্রেণী, স্ত্রী, ইন্দুরকানী পানা, দন্তী।

পুষ্পসৌরভা, স্ত্রী, কলিকারী বৃক্ষ।

পুষ্পহীনা, স্ত্রী, উড়ুম্বর বৃক্ষ।

পুষ্পাঞ্জন, ন, অঞ্জনভেদ; (গুণ) হিম, পিত্ত হিক্কাস্র দাহ বিষ কাসার্ত্তি ও সর্ব্বনেত্রময় নাশী।

পুষ্পাসব, ন, মধু।

পুষ্পাহ্বা, স্ত্রী, শতপুষ্পা।

পুষ্পিকা, স্ত্রী, দন্তমল, লিঙ্গমল।

পুষ্যালক, পু, গন্ধমৃগ।

পুগ, ন, গুবাকফল,। পু, গুবাকবৃক্ষ, কণ্টকীবৃক্ষ।

পূগফল, ন, গুবাকফল।

পূগরোট, পু, হিন্তালবৃক্ষ।

পূত, পু, শঙ্খ, শ্বেতকুশ, বিকঙ্কত বৃক্ষ।

পূতগন্ধ, পু, বর্ব্বর, বাবুই।

পূততৃণ, পু, শ্বেতকুশ।

পূতদ্রু, পু, পলাশ, বৃক্ষ।

পূতধান্য, ন, তিল।

পূতি, ন, রোহিষ তৃণ। স্ত্রী, খট্টাশ মুক্, খটাশী; (অনুলেপন গুণ) পরমা

লক্ষ্মী ও রক্ষোঘ্নর নাশী। (Patrid) পচা।

পূতিক, পু, পূতিকরঞ্জ, ডহরকরঞ্জ।

পূতিকর্ণ, (Otorrhœa) কাণপাকা।

পূতিকরজ, পু, পূতিকরঞ্জ, ডহরকরঞ্জ, নাটাকরঞ্জ।

পূতিকরঞ্জ, পু, পূতিকরঞ্জ, ডহরকরঞ্জ, নাটাকরঞ্জ; (গুণ) কটু, তিক্ত, উষ্ণ, বিষার্ত্তি কণ্ডূ বিচর্চিকা কুষ্ঠ স্পর্শত্বগ্-দোষ নাশী।

পূতিকর্ণ, পূতিকর্ণক, পু, কর্ণরোগ বিশেষ।

পূতিকা, স্ত্রী, লতাবিশেষ, পুঁই, নাটা-করঞ্জ, গাঁদাল, খটাশী।

পূতিকাষ্ঠ, ন, দেবদারু, সরল বৃক্ষ।

পূতিকাষ্ঠক, ন, সরল বৃক্ষ।

পূতিগন্ধ, ,ন, রঙ্গ। পু, গন্ধক, ইঙ্গুদী বৃক্ষ।

পূতিগন্ধিকা, স্ত্রী, বাকুচী।

পূতিতৈলা, স্ত্রী, জ্যোতিষ্মতী, লতাকটকী।

পূতিনসা, পু, নাসারোগ বিশেষ। (Ozarna) নাসাভ্যন্তরস্থ পূতিগন্ধ পূযস্রাবী ক্ষত, ইহাতে কখন কখন নাসাস্থি নষ্ট হয়।

পূতিপত্র, পু, শ্যোনাক প্রভেদ।

পূতিপুষ্প, পু, ইঙ্গুদী বৃক্ষ।

পূতিপুষ্পিকা, স্ত্রী, মাতুলুঙ্গা, টাবালেবু।

পূতিফলা, পূতিফলী, স্ত্রী, সোমরাজী।

পূতিবক্ত্রা, (Fector of the mouth) মুখের দুর্গন্ধ।

পূতিবাষ্প, (Malaria) উদ্ভিদাদি জলে পচিয়া যে দুর্গন্ধ ও স্বাস্থ্যহানিকর বাষ্প উত্থিত করে।

পূতিময়ূরিকা, স্ত্রী, অজগন্ধা।

পূতিমেদ, পু, অরিমেদ।

পূযবটী, (Pustule) পূযপূর্ণ পীড়কা।

পূযাত্মকরক্ত, (Pyemia) পাইমিয়া দ্রষ্টব্য।

পূতিবাত, পু, বিল্ববৃক্ষ।

পূতিশারিজা, স্ত্রী, খট্টাশী।

পূতিক, পু, পূতিকরঞ্জ, গন্ধমার্জার।

পূয, ন, পক্ক ব্রণাদি সম্ভূত, ঘনীভূত শুক্ল-বর্ণ বিকৃতি রক্ত, পুঁয।

পূযরক্ত, পু, নাসারোগ বিশেষ।

পূয়ারি, পু, নিম্ববৃক্ষ।

পূয়ালস, পু, সন্ধিগত রোগ বিশেষ।

পূর, ন, দাহাগুরু।

পূরক, পু, বীজপুর।

পূরণ, ন, কুটন্নট।

পূরণী, স্ত্রী, শাল্মলী বৃক্ষ।

পূরাম্ল, ন, বৃক্ষাম্ল।

পূরিকা, স্ত্রী, কচুরী, লুচী, পিষ্টক বিশেষ; (গুণ) রুচা, গুরু, স্নিগ্ধ, বাতপিত্তাস্র

ভূষিকা, চক্ষুস্তেজোহর, উষ্ণ, পাকে বাতবিনাশী, ঘৃতপক্ক হইলে রক্তপিত্ত-হর।

পূর্ণকোষ্ঠা, স্ত্রী, নাগরমুথা।

পূর্ণবীজ, পু, বীজপূর।

পূর্ব্ববর্ত্তী কারণ, (Predisposing cause) গৌণকারণ; যে কারণ রোগের মূলীভূত।

পূর্ব্বরূপ, (Incipient stage) রোগের পূর্ব্বলক্ষণ, প্রচ্ছন্ন অবস্থা; (বৈদ্যকে) ভাবী ব্যাধিবোধক চিহ্ন।

পূষ, পূষক, পু, ব্রহ্মদারু বৃক্ষ, তুঁত।

পৃ, (Pre) পূর্ব্ববাচক উপসর্গ।

পৃক্কা, স্ত্রী, পিড়িংশাক; (গুণ) পাকে মধুর, হৃদ্য, পিত্ত ও কফনাশী।

পৃথকচক্ষু, পু, আনারস।

পৃথকত্বচা, স্ত্রী, মূর্ব্বা।

পৃথকপর্ণী, স্ত্রী, চাকুল্যা।

পৃথকবীজ, পু, ভল্লাতক।

পৃথাঙ্গ, পু, অর্জ্জুন বৃক্ষ।

পৃথিবীপতি, পু, ঋষভক।

পৃথু, স্ত্রী, কৃষ্ণজীরক।

পৃথুক, পু, ন, চিপীটক, চিঁড়া।

পৃথুকা, স্ত্রী, হিঙ্গুপত্রী।

পৃথুকোল, পু, রাজবদর, নারিকেল কুল।

পৃথুচ্ছদ, পু, হরিদর্ভ।

পৃথুপত্র, পু, রক্তলশুন।

পৃথুপলাসিকা, স্ত্রী, শঠী।

পৃথুলা, স্ত্রী, হিঙ্গুপত্রী।

পৃথুশিম্ব, পু, শ্যোনাক প্রভেদ।

পৃথ্বী, স্ত্রী, হিঙ্গুপত্রী, কৃষ্ণজীরক, পুনর্ণবা, স্থূলৈলা।

পৃথ্বীকা, স্ত্রী, বৃহদেলা, সূক্ষ্মেলা কৃষ্ণজীরক, হিঙ্গুপত্রী।

পৃথ্বীকুরবক, পু, শ্বেত মন্দারক।

পৃথ্বীজ, ন, গড়লবণ, পাংশুলবণ।

পৃশ্নিকা, স্ত্রী, কুম্ভিকা।

পৃশ্নিপর্ণী, স্ত্রী, লতাবিশেষ, চাকুলিয়া; (গুণ) কটু, অতিসার কাশ বাতরোগ জ্বর উন্মাদ ব্রণ দাহ নাশী, ত্রিদোষঘ্ন, বৃষ্য, মধুর, শ্বাসরক্তাতিসার বমন নিবারক।

পৃশ্নী, স্ত্রী, কুম্ভিকা।

পৃষ্ঠ, ন, শরীরের পশ্চাদ্ভাগ, পিঠ, (Back)।

পৃষ্ঠবংশ, পু, পৃষ্ঠাস্থি, পিঠের দাঁড়া, (Spine) মেরুদণ্ড।

পৃষ্ঠবংশীয় মজ্জা, (Spinal marrow) মেরুদণ্ডের অভ্যন্তরস্থ কোমল মেদাকার পদার্থ।

পৃষ্ঠব্রণ, (Carbuncle) পৃষ্ঠ দূষিত ব্রণ, পৃষ্ঠক।

পৃষ্ঠাঘাত, (Carbuncle) পৃষ্ঠব্রণ।

পেইণ্টার্স কলিক, (Painters caulic) সীসের বিষদোষজনিত উদর বেদনা রোগ, সীসশূল।

পেইন, (Pain) কোন স্নায়ুর উপঘাত প্রযুক্ত অসচ্ছন্দতা অনুভব, বেদনা।

পেক্টোরিলোকুয়ি, (Pectoriloquy) আকর্ণন কালে বক্ষঃস্থলে কর্ণ প্রয়োগ করিয়া রোগীর বাক্যের যে স্পষ্ট ধ্বনি শুনা যায়। বক্ষবাক্ ধ্বনি।

পেক্টোর‍্যাল, (Pectoral) বক্ষঃসম্বন্ধীয়।

পেক্টোর‍্যাল্স, (Pectorals) বক্ষঃরোগের ঔষধ।

পেটিম্যাল, (Petilmal) সামান্য বা মৃদু অপস্মার।

পেট্রোলিয়ম, (Petroleum) রক অয়েল, খনিজ তৈল বিশেষ।

পেট্রোসম, (Petrosum) শিলাস্থি, শঙ্খাস্থির প্রস্তরবৎ অংশ।

পেট্রোস্যাল, (Petrosal) প্রস্তরবৎ কঠিন।

পেটিকা, স্ত্রী, সিক্থকযুক্ত পেয় দ্রব্য; (গুণ) স্বেদ ও অগ্নিজনক, ক্ষুত্তৃষ্ণা গ্লানি দৌর্ব্বল্য ও কুক্ষিরোগ নাশক।

পেডিকেল্স, (Pedicles) ফুসফুসস্থ এক প্রকার ঝিল্লীময় পদার্থ।

পেডিকিউলাস, (Pediculous) উৎকুণ সম্বন্ধীয়।

পেডিকিউলেটেড, (Pediculated) বিবর্দ্ধন বা উপযোগ বিশিষ্ট, বৃন্তের উপর আলম্বিত।

পেডিকিউলেরিয়া, (Pedicularia) উৎকুণজনিত চর্ম্মরোগ।

পেনিস, (Penis) পুরুষাঙ্গ, উপস্থ।

পেন্থোরাম, আমেরিক ক্ষুপ বিশেষ।

পেপ্‌টিক, (Peptic) পরিপাক শক্তি বর্দ্ধক, আগ্নেয়।

পেপসিন, (Pepsine) জন্তুর আমাশয় হইতে নিঃসৃত এক প্রকার পদার্থ, আমাশয়িক রসে ইহা বিদ্যমান থাকে, এবং এতদ্বারা আমাশয়িক রসের ভুক্তান্ন জীর্ণ করিবার শক্তি বর্দ্ধিত হয়। মেষ এবং গোবৎসের আমাশয়েই প্রস্তুত হইয়া থাকে। ক্রিয়া—পাচক, বলকারক ও পচন নিবারক। মাত্রা—রোডাল্‌টস পেপসিন ১০—২০ গ্রেণ এবং পেপ্‌সিনা পোর্শাল ২—৫ গ্রেঃ। লাটিন নাম (Pepsina) পেপসিনা।

পেপিউলার, (Pepular) অপচ্যমান পীড়কা পূর্ণ।

পেপিউলি, (Pepulæ) যে সকল পীড়-

কায় রস বা পূষ জন্মে না, অপচ্যমান পীড়কা।

পেপিলা, (Papilla) শরীরের নানা স্থানে অল্প উন্নত উদ্ভেদ।

পেপিলারী, (Papillary) পীড়কা বা চুচুক সম্বন্ধীয়।

পেপিলি, (Papilæ) পেপিলা শব্দের বহুবচন।

পেপেভার, (Papaver) পোস্ত, পেপেভার সোম্নিফরম হইতে অহিফেণ জন্মে।

পেপিভারিস ক্যাপ্সিউলি, (Pappy capsule) পোস্তের ঢেঁড়ি; ক্রিয়া,— অহিফেণের ন্যায় কিন্তু অনেক মৃদু, প্রয়োগরূপে মাত্রা অবধারিত আছে।

পেভিলিয়ন, (Pavillion) বাহ্যকর্ণের বিস্তীর্ণ প্রান্তর।

পেম্ফিগাস, (Pemphigus) জলবিম্বের ন্যায় ফোস্কাবিশিষ্ট এক প্রকার চর্ম্ম-রোগ, বিম্বিকা রোগ।

পেয়ারাখ্য গ্রন্থি, (Payer's glands) পেয়ার্স-গ্লাণ্ড দেখ।

পেয়ার্স-গ্লাণ্ড, (Peyr's glands) ক্ষুদ্রান্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লীর নিম্নে অবস্থিত ক্ষুদ্র ক্ষুদ্র গোল ও চেপ্টা গ্রন্থি বা কোষের স্তবক।

পেরিঅষ্টাইটিস্, (Periostitis) অস্থিবেষ্ট প্রদাহ।

পেরিঅষ্টিয়ম, (Periosteum) অস্থির উপরিভাগের তন্তু ও পেশীময় আবরণ, অস্থিবেষ্ট।

পেরিঅষ্টোসিস, (Periostosis) অস্থিবেষ্টের অর্ব্বুদ।

পেরিকণ্ড্রিয়ম, (Perichondrium) উপাস্থির শুভ্র তন্তুময় আবরণ।

পেরিকার্ডাইটিস, (Pericarditis) হৃদ্বেষ্টের প্রদাহ।

পেরিকার্ডিয়ম, (Pericardium) হৃৎপিণ্ডাবরক ঝিল্লীময় থলি; হৃদ্বেষ্ট।

পেরিক্রেনিয়ম, (Pericranium) মস্তকের অস্থির আবরক ঝিল্লী।

পেরিগোরিক, (Perigoric) বেদনা উপশমকর।

পেরিটোনাইটিস্, (Peritonitis) অন্ত্রবেষ্টের প্রদাহ, অন্ত্রাবরণ প্রদাহ।

পেরিটোনিয়ম, (Peritonium) যে মাস্তক ঝিল্লীর দ্বারা উদরাদি বেষ্টিত আছে, অন্ত্রবেষ্ট, অন্ত্রাবরণ।

পেরিনিউমোনিয়া, (Peripneumonia) নিউমোনিয়া, ফুসফুস প্রদাহ।

পেরিনিয়ম, (Perineum) মলদ্বার ও

অণ্ডকোষের মধ্যবর্ত্তী স্থান, মুলাধার, বিটপ, যোনি।

পেরিনিয়েল, (Perineal) বিটপ সম্বন্ধীয়।

পেরিফারী, (Periphery) বৃত্তাদির পরিধি।

পেরিফিয়্যাল, (Peripherial) পরিধি সম্বন্ধীয়।

পেরিসিস্, (Paresis) আংশিক পক্ষঘাত, দুর্ব্বলতা, উন্মত্তের ক্রমশঃ বর্দ্ধনশীল পক্ষাঘাত।

পেরিনিয়েল, (Perennial) অবিরাম গতি, দুই বৎসরের অধিক কাল স্থায়ী উদ্ভিদ।

পেরিষ্টলটিক, (Peristaltic) তরঙ্গবৎ বা কৃমির ন্যায় গমনে অভ্যন্তরস্থ বস্তু সঙ্কোচ ও প্রক্ষেপকর, স্বভাবতঃ অন্ত্রাদির এই প্রকার ক্রিয়ায় ভুক্তদ্রব্য পরিপাচিত ও মলাদিরূপে নিঃসারিত হয়; বমনক্রিয়াজনক।

পেরিষ্টোল, (Peristole) পূর্ব্বোক্তরূপে অন্ত্রের কার্য্য।

পেরোনিও, (Peroneo) ফিবিউলা অস্থি-বাচক পূর্ব্বপদ।

পেরোনিয়েল,(Peroneal)ফিবিউলা সংলগ্ন।

পেলভিক, (Pelvic) পেলভিস্ শব্দের বিশেষণ, বস্তিকোটর সম্বন্ধীয়।

পেলভিস্, (Pelvis) অস্পিউবিস্, অস স্যাক্রম ও অস ককসিজিম নামক অস্থি তিন খানি দ্বারা সীমাবদ্ধ, উদরের নিম্নস্থিত মুখগহ্বর, বস্তিকোটর, বস্তিগহ্বর, বৃক্ক প্রভৃতি অপর কোন কোন যন্ত্রের ঝিল্লীময় শূন্যগর্ভ কোষ।

পেলিকেল, (Pallicle) দ্রব পদার্থ দানা বাঁধিবার সময়ে উপরে সর পড়ে; সর; সূক্ষ্ম ত্বক্।

পেলেগ্রা, (Pellagra) ইটালী দেশীয় এক প্রকার কুষ্ঠরোগ। রৌদ্রত্বক।

পেশী, স্ত্রী, জটামাংসী, মাংসপিণ্ড (Muscle)।

পেশীতন্তু, (Muscular fibre) মাংসসূত্র।

পেশীমণ্ডল, (Muscular system) সমুদায় পেশী।

পেষ্টিলেন্স, (Pestilence) সংক্রামক ব্যাপকরোগ; মড়ক।

পেষন, ন, তেকাঁটাসিজ।

পেস্ য়্যাক্সেসরিয়াস্, (Pes accessorious) বৃহত্তর ও ক্ষুদ্রতর হিপোক্যাম্প-সের মধ্যবর্ত্তী শুভ্র উন্নতাংশ।

পেস্ য়্যাস্‌সারিনাস, (Pes anserinus) মুখমণ্ডলের স্নায়ুর শঙ্খদেশীয় ও গ্রীবাদেশীয় অংশ।

পেসারী, (Pessary) জরায়ু ভ্রংশ ও যোনিভ্রংশাদি রোগে যোনিতে প্রবেশার্থ ঔষধের বর্ত্তি।

পেসেল, (Pestle) খলের দণ্ড।

পৈশিক; (Muscular) পেশী সম্বন্ধীয়।

পৈষ্টিক, ন, বিবিধ ধান্য; বিকারজ মদ্য; (গুণ) বাতহর, কফকর, পিত্ত ও মোহকারক।

পোটগল, পু, নলবৃক্ষ, খাগড়া, কাশ।

পোটাশ, (Potash) ক্ষার; ক্যালি দেখ।

পোটেন্সি, (Potency) শক্তি, শক্তির পরিমাণ; ঔষধের ক্রম।

পোটেন্সাল কটারী, (Potential cautery) ক্ষারকর্ম্মসাধনার্থ পোটাশ বা লুনার কষ্টিক।

পোতকী, স্ত্রী, পুঁইশাক।

পোতিকা, স্ত্রী, পূতিকা, শতপুষ্পা, মূলপোতী।

পোতাস, পু, কর্পূর, বিশেষ।

পোমম্ অ্যাডেমাই, (Pomam adami) ফলকগ্রন্থি।

পোমেড, (Pomade) চুলে লাগাইবার মলম; পমেটম।

পোর, (Pore) লোমকূপ।

পোরাস, (Porous) সছিদ্র, ছিদ্রবিশিষ্ট, সান্তর।

পোরিগো, (Porrigo) খড়ের ন্যায় বর্ণ সপূয পীড়কা বিশিষ্ট চর্ম্ম রোগ বিশেষ; ইহাকে স্কল্ড হেড, হনিকোম স্ক্যাব ও রিং-ওয়ারম অফ দি স্ক্যাল্প বলে। অরুংষিকা।

পোরোসিটী, (Porosity) সছিদ্র সান্তর।

পোর্টাল, (Portal) যকৃৎ হইতে আরব্ধ রক্ত সঞ্চালন সম্বন্ধীয়।

পোর্টাল ভেন, (Portal vein) যকৃৎ প্রবিষ্ট ও ধমনীর ন্যায় বিকীর্ণ বৃহৎ শিরা বিশেষ, যকৃৎশিরা।

পোল্টিশ, (Poultice) তিসি ময়দা প্রভৃতি বস্তু জল বা অন্য কোন তরল পদার্থের সহিত মিশ্রিত করিয়া বাহ্য প্রয়োগ। প্রদেহ।

পোর্শিও ডিউরা (Porcio Dura) সপ্তম স্নায়ু যুগ্ম।

পোষণ ক্রিয়া, (Nuitrition) যে ক্রিয়া দ্বারা জীবিত প্রাণীর ক্ষয়প্রাপ্ত বিধানোপদানের পরিপোষণ সংসাধিত হইয়া থাকে।

পোষ্টমর্টম একজামিনেশন, (Postmortem Examination) মৃতদেহের পরীক্ষা।

পোষ্টা, পু, পূতিক, কাঁটাকরঞ্জ।

পৌণ্ডরিক, ন, প্রপৌণ্ডরিক।

পৌণ্ডর্য্য, পুণ্ডর্য্য।

পৌণ্ড্র, পুং, ইক্ষুবিশেষ, পুঁড়ি আক।

পৌণ্ড্রক, পুং, ইক্ষুবিশেষ, পুঁড়ি আক; (গুণ) শীতল, বৃষ্য, স্নিগ্ধ, মধুর, বৃংহণক।

পৌণ্ড্রিক, পুং, ইক্ষুবিশেষ, পুঁড়ি আক।

পৌত্তিক, ন, মধু বিশেষ।

পৌর, ন, রোহিষ তৃণ, রাম কর্পূর।

পৌষ্কর, ন, পুষ্করমূল, কুড়।

পৌষ্টিক, ন, ক্ষৌরসময়ে গাত্রাচ্ছাদন বস্ত্র বিশেষ; (গুণ) ধনচিহ্ন, আয়ুষ্য, শুচি, রূপবিরাজক।

পৌষ্পক, ন, কুসুমাঞ্জন।

প্যাচ, (Patch) তালি।

প্যাটেলা, (Patella) ফলকাস্থি।

প্যাণ্ডেমিক, (Pandemic) বিশ্ব-ব্যাপী।

প্যাথজিনী, (Pathogeny) প্যাথলজি অর্থাৎ নিদান শাস্ত্রের যে অংশে রোগের উৎপত্তি ও বিকাশের বিষয় বর্ণিত থাকে।

প্যাথলজি, (Pathology) চিকিৎসা শাস্ত্রের যে অংশে রোগের প্রকৃতি, কারণ ও লক্ষণ ব্যাখাত হয়; সম্প্রাপ্তিতত্ত্ব; নিদানতত্ত্ব।

প্যাথলজিক, (Pathologic) নিদানতত্ত্ব সম্বন্ধীয়।

প্যাথলজিষ্ট, (Pathologist) নিদান-তত্ত্ববিৎ।

প্যানক্রিয়াস, (Pancreas) ক্লোম শব্দ দেখ।

প্যানক্রিয়েটিস্, (Pancreatis) ক্লোমের প্রদাহ।

প্যানক্রিয়েটিক জুস, (Poncreatic juice) তৈলাদি জীর্ণকর ক্লোম হইতে নিঃসারিত রস; ক্লোমরস।

প্যানক্রিয়েটিন, (Pancreatine) অণ্ড-লালবৎ ক্লোমরস বিশেষ; এতদ্দ্বারা শ্বেতসার ও তৈলাক্ত পদার্থ জীর্ণ হয়।

প্যানাস, (Pannus) কনীণিকার এক-প্রকার রোগ, ইহাতে কনীনিক লালবর্ণ ও মাংসময় হইয়া উঠে।

প্যানেশিয়া, (Panacea) সর্ব্বরোগ আরোগ্যকর ঔষধ।

প্যাবিউলাম, (Pabulum) রক্তের সার-ভাগ; এতদ্দ্বারা সমস্ত শারীরিকা বিধানের পরিপোষণ জন্মে।

প্যাপিউলা, (Papula) প্যাপিউলি শব্দের বহুবচন।

প্যাপিউলার, (Papular) অপচ্যমান পীড়কাপূর্ণ।

প্যাপিউলি, (Papulæ) যে সকল পীড়কায় রস বা পূঁয জন্মে না। অপচ্যমান পীড়কা।

প্যাপিলা, (Papilla) শরীরের নানা স্থানে অল্প উন্নত উদ্ভেদ।

প্যাপিলারী, (Papillory) পীড়কা বা চুচুক সম্বন্ধীয়।

প্যাপিলি, (Papillæ) প্যাপিলা শব্দের বহুবচন।

প্যাম্পিনিফরম, (Pampiniform) লতার আঁকড়ির আকার।

প্যারাক্সিজম, (Paroxysm) নির্দ্ধারিত বা অনির্দ্ধারিত বিরাম কালের পর রোগ লক্ষণের পুনরায় প্রকাশ।

প্যারনিকিয়া, (Paronychia) প্রথম অঙ্গুলি সন্ধির প্রদাহ বা আঙ্গুলহারা রোগ।

প্যারপ্সিস্, (Paropsis) বিকৃত দৃষ্টি।

প্যারা, (Para) অপর পার্শ্বে, পাশাপাশি, নিকট প্রভৃতি বাচক উপসর্গ।

প্যারাইটিস্, (Parietis) শরীরস্থ কোন যন্ত্র বা গহ্বরের সীমা বা প্রাচীর।

প্যারাইট্যাল, (Parietal) প্যারাইটিস্ সম্বন্ধীয়।

প্যারাইট্যাল বোন্স, (Parietal Bones) করোটীর উর্দ্ধভাগস্থ অস্থি।

প্যারাকোপ, (Paracope) স্বল্প প্রলাপ।

প্যারাপ্লিজিয়া, (Paraplegia) শরীরের নিম্নার্দ্ধের পক্ষাঘাত। উরুস্তম্ব।

প্যারাফাইমোসিস, (Paraphymosis) অবপাটিকা দেখ।

প্যারাফ্রিণাইটিস্, (Paraphrenitis) ডায়াফ্রামের প্রদাহ।

প্যারালিসিস্, (Paralysis) গতিশক্তি ও স্পর্শশক্তির বিলোপ; পক্ষাঘাত।

প্যারালিসিস য়্যাজিট্যান্স, (Paralysis agitans) অবিরত হস্ত, বাহু, মস্তক অর্থাৎ সমগ্র শরীর কম্প, সকম্প পক্ষাঘাত, বেপথু।

প্যারাসাইট, (Parasite) জীবিত প্রাণী-শরীরে যে কৃমি কীটাদি জন্মে; পরাঙ্গ পুষ্ট, বৃক্ষরুহ।

প্যারাসেন্টেসিস্, (Paracentesis) শরীরের কোন গহ্বরে ছিদ্র করিয়া ক্ষরিত পদার্থ নিঃসারণ।

প্যারেক্টেমা, (Paractama) শরীরের কোন অংশের অত্যন্ত প্রসারণ।

প্যারেঙ্কাইমা, (Parenchyma) গ্রন্থির ও অন্যান্য যন্ত্রের জালবৎ নির্ম্মাণ উপাদান; সান্তর বিধান।

প্যারেঙ্কাইমেটাইটিস্, (Parenchyme-

titis) কোন যন্ত্রের প্যারেঙ্কাইমার প্রদাহ।

প্যারেঙ্কাইমটয়েড, (Parenchymatoid) প্যারেঙ্কাইমার ন্যায় আকৃতি বিশিষ্ট।

প্যারেঙ্কাইমেটস্, (Parenchymatous) প্যারেঙ্কাইমা বিশিষ্ট।

প্যারোটাইটিস, (Parotitis) কর্ণমূল-প্রদাহ।

প্যারোটিড, (Parotid) কর্ণের নিম্নে যে তিনটি লালাস্রাবী গ্রন্থি আছে তাহাদের বৃহত্তম অর্থাৎ সকলের অপেক্ষা বড়; কর্ণমূল।

প্যারোডিনিয়া, (Parodinia) অস্বাভাবিক প্রসব বেদনা।

প্যালোডিয়ম, ধাতুবিশেষ।

প্যাল্লিউড্যাল, (Paludal) অণূপভূমি সংক্রান্ত।

প্যালিয়েটিভ, (Palliative) উপশমকর কিন্তু সম্যক আরোগ্যকর নহে; যাপ্যকর।

প্যালিয়েশন, (Palliation) উপশম।

প্যালেট, (Palate) মুখ মধ্যের উপরাংশ বা ছাদ; তালু।

প্যালেটাইয়সা, (Palatiossa) যে দুই খানি অস্থিদ্বারা মুখের উপরিভাগ বা তালু প্রস্তুত হইয়াছে।

প্যালেটো, (Palato) তালু সংসৃষ্ট বুঝা যায় যে উপসর্গ।

প্যালেডিয়ম, (Palladium) প্লাটিনম মিশ্রিত এক প্রকার ধাতু।

প্যাল্পিটেশন, (Palpitation) হৃৎপিণ্ডের অতিরিক্ত স্পন্দন, হৃৎকম্প।

প্যাল্‌পিব্রা, (Palpibra) অক্ষিপুট।

প্যাল্পিব্র্যাল, (Palpibral) অক্ষিপুট সম্বন্ধীয়।

প্যাল্পেশন, (Palpation) সংস্পর্শন, রুগ্নস্থান স্পর্শ দ্বারা রোগ নির্ণয়।

প্যাশিফ্লোরাইন কার্ণেটা, (Passion flower) প্যাশন ফ্লাউয়ার।

প্যাশেজ, (Passage) পথ।

প্রক্টাইটাস, (Proctitus) সরলান্ত্রের বা মলদ্বারের শ্লৈষ্মিক ঝিল্লীর প্রদাহ।

প্রক্ট্যালজিয়া, (Proctalgia) গুহ্যদ্বারের স্নায়বীয় বেদনা।

প্রক্সিমেট,, (Proximate) চরমনয় কিন্তু নিকটতর।

প্রক্সিমেট কজ, (Proximate cause) রোগাদির অব্যবহিত কারণ।

প্রকর, ন, অগুরু।

প্রকাশ, ন, কাংস্য।

প্রকীর্ণ, পু, পূতিকরঞ্জ।

প্রকীর্য্য, পু, নাটাকরঞ্জ, ঘৃতকরঞ্জ, রিটা-করঞ্জ।

প্রকুঞ্চ, পু, আটতোলা পরিমাণ।

প্রকৃতি, (Habit) স্বভাব, ধাতু।

প্রকোপ, (Aggavation) প্রাবল্য, বৃদ্ধি।

প্রকোষ্ঠ, পু, ককোনি অবধি মণিবন্ধ পর্য্যন্ত হস্ত ভাগ। (Fore-arm) অগ্রবাহু, কনুই হইতে মণিবন্ধ পর্য্যন্ত।

প্রকোষ্ঠাস্থি, (Radius plelna) অগ্র বাহুর হাড়।

প্রগণ্ড, (Arm) কনুই অবধি স্কন্ধ পর্য্যন্ত বাহুভাগ।

প্রগতপদ, (Club-foot) ক্লবফুট দেখ।

প্রগ্নোসিস, (Prognosis) বিশেষ বিশেষ লক্ষণ দৃষ্টে রোগের গতি ফলাফল নিরূপণ, সাধ্যাসাধ্য নির্দ্দেশ, ভাবী-ফল তত্ত্ব।

প্রগন্ধ, পু, পর্পট।

প্রগ্রহ, পু, কর্ণিকার বৃক্ষ, সোঁদালু।

প্রচণ্ড, পু, শ্বেত করবীর।

প্রচণ্ডমূর্ত্তি, স্ত্রী, বরুণ বৃক্ষ।

প্রচণ্ডা, স্ত্রী, শ্বেত দূর্ব্বা।

প্রচাপন, (Pressure) চাপ প্রদান।

প্রচতসী, স্ত্রী, কটফল।

প্রচেল, ন, পীতচন্দন।

প্রচোদন, স্ত্রী, কণ্টকারী।

প্রচ্ছর্দ্দিকা, স্ত্রী, বমি।

প্রজাদা, স্ত্রী, গর্ভদাত্রী ক্ষুপ।

প্রচ্ছদিকা, স্ত্রী, বমি।

প্রজাদান, ন, রজত।

প্রটুবারেন্স, (Protuberance) কোন যন্ত্রের উপরিভাগে উন্নত অসম ও বন্ধুর অংশ।

প্রণাদ, পু, কর্ণনাদ।

প্রতনু, (Conical) মঠাকার, ক্রমশঃ সূক্ষ্মাগ্র।

প্রতনি, পু, অপতানক নামক বায়ুরোগ বিশেষ।

প্রতাপস, পু, শুক্লার্ক বৃক্ষ।

প্রতিকারক, (Curative) আরোগ্য-কর।

প্রতিকূল, (Unfavorable) অনুপকারক, বিরোধী।

প্রতিক্রিয়া, (Reaction) কোন ক্রিয়া বাধা প্রাপ্ত হওয়াতে যে অন্য ক্রিয়া জন্মে, যথা—অতিরিক্ত উত্তেজনার পর অবসাদ।

প্রতিক্ষিপ্ত, (Reflex) প্রতিঘাত প্রাপ্ত।

প্রতিক্ষিপ্ত উপদাহ, (Reflex irritation) প্রতিঘাত প্রযুক্ত উৎপন্ন উপদাহ।

প্রতিঘর্ষণ শব্দ, (Crepitation) ক্রিপ্সন সাউণ্ড দেখ।

প্রতিঘাত, (Reaction) প্রতিক্রিয়া।

প্রতিজিহ্বা, স্ত্রী, অলিজিহ্বিকা, আল্-জিব্।

প্রতিধ্বনি শব্দ, (Resonant sound) রেজোন্যাণ্ট সাউণ্ড দেখ।

প্রতিপত্রফলা, স্ত্রী, ক্ষুদ্র কারবেল্লী।

প্রতিপর্ণশিকা, স্ত্রী, দ্রবন্তী।

প্রতিফলা, স্ত্রী, সোমরাজী।

প্রতিবিম্ব, (Image) ছায়া।

প্রতিবিষ, (Antidote) বিষঘ্ন ঔষধ।

প্রতিবিষা, স্ত্রী, আতইচ।

প্রতিবিষ্ণু, পু, মুচুকুন্দ বৃক্ষ।

প্রতিশ্যায়, পু, পীনস রোগ, সর্দ্দি। (Cattarh) ঠাণ্ডী।

প্রতিষেধক, (Prophylactic) যে ঔষধ পূর্ব্বে সেবন করিলে রোগ জন্মে না, বাধক, প্রতিরোধক।

প্রতিসোমা, স্ত্রী, মহিষ বল্লী।

প্রতিহারক, (Antidote) কোন ঔষধের বিষক্রিয়া বা অতিক্রিয়া নিবারক ঔষধ।

প্রতিহাস, প্রতীহাস, পু, করবীর।

প্রতুদ, পু, গৃধ্রাদি পক্ষী, কঙ্ক, কাক, দ্রোণকাক ; (মাংস গুণ) লঘু, শীত মধুর এবং কষায়।

প্রত্যকপর্ণী, স্ত্রী, অপামার্গ, দ্রবন্তী।

প্রত্যক্‌পুষ্পী, স্ত্রী, অপামার্গ।

প্রত্যকশ্রেণী, স্ত্রী, দন্তীবৃক্ষ, মূষিকপর্ণী, খুলকুড়ি।

প্রত্যঙ্গ, ন, অবয়ব বিশেষ, কর্ণ নাসিকা প্রভৃতি।

প্রত্যঙ্গিরা, স্ত্রী, শিরীষ পুষ্প।

প্রত্যশ্ম, ন, গৈরিক।

প্রত্যাধ্মান, পু, বাতব্যাধি বিশেষ।

প্রত্যুগ্রতাসাধক, (Counter irritant) কাউণ্টার ইরিট্যাণ্ট দেখ।

প্রপদাস্থি, (Metatarsus) মেটাটার্সাস দেখ।

প্রদর, পু, স্ত্রীরোগবিশেষ, (Leucorrhœa) স্ত্রীজননেন্দ্রিয় হইতে অস্বাভাবিক স্রাবাদি নিঃসরণ।

প্রদাহ, (Inflamation) ইন্‌ফ্ল্যামেশন দেখ।

প্রদাহঘ্ন, (Antiphlogistic) প্রদাহ-নাশক ঔষধাদি।

প্রদীপন, পু, স্থাবর বিষভেদ।

প্রদেশ, (Region) রিজন দেখ।

প্রদেশনী, প্রদেশিনী, স্ত্রী, তর্জ্জনীর অঙ্গুলী।

প্রদেহ, পু, প্রেলপ। (Poultice) ঈষদুষ্ণ প্রলেপ, পুলিটিস।

প্রপথ্যা, স্ত্রী, হরিতকী।

প্রপন্নাড়, পু, চক্রমর্দ্দ।

প্রপুন্নাড়, প্রপুন্নড়, পু, চক্রমর্দ্দ; চাকুন্দে।

প্রপুন্নাট, পু, চক্রমর্দ্দ।

প্রপুরিকা, স্ত্রী, কণ্টকারী।

প্রপৌণ্ডরিক, ন, শালপর্ণী পত্র তুল্য পত্র বিশিষ্ট বৃক্ষ বিশেষ; পুণ্ডরিয়া; (গুণ) চক্ষুর্হিতকর, মধুর, তিক্ত, শীতল, পিত্তরক্ত ব্রণ জ্বর দাহ ও তৃষ্ণা নিবারক।

প্রফাইল্যাক্সিস, (Prophylacsis) প্রতিষেধক অর্থাৎ রোগের উৎপত্তি নিবারক চিকিৎসা।

প্রবণতা, (Tendency) অভিমুখগতি।

প্রবর্দ্ধন, (Process) প্রসেস দেখ।

প্রবলা, স্ত্রী, প্রসারণী।

প্রবাল, পু, স্বনামখ্যাত রত্ন, পলা; (গুণ) মধুর, অম্ল, কফপিত্তাদি দোষনাশী, স্ত্রীদিগের বীর্য্যকান্তিকর, ধারণে মঙ্গলদায়ক, সারক, শীতল, কষায়, স্বাদু, কান্তিকর, চক্ষুর হিতকর।

প্রবালফল, ন, রক্তচন্দন।

প্রবালিক, পু, জীবশাক।

প্রবোধনী, প্রবোধিনী, স্ত্রী, দুরালভা।

প্রবেণিকা, (Cirrhosis) যকৃতের শিরোসিস্ রোগ। ইহাতে যকৃৎ কুঞ্চিত, ঘন ও লোহার মরিচার ন্যায় কপিল বর্ণ হয়।

প্রবেশদ্বার, (Inlet) মধ্যপ্রবেশের পথ।

প্রভদ্র, পু, নিম্ব।

প্রভদ্রা, স্ত্রী, প্রসারণী।

প্রভাকর, পু, অর্কবৃক্ষ।

প্রভাঞ্জন, পু, শোভাঞ্জন।

প্রভু, পু, পারদ।

প্রভূত, (Copious) অধিক পরিমাণ।

প্রমণ্টরী, (Promontory) অন্তরী পাকার প্রবর্দ্ধন।

প্রমথা, স্ত্রী, হরিতকী।

প্রমথিত, ন, নির্জল তক্র।

প্রমদ, পু, ধুস্তর ফল।

প্রমীলা, স্ত্রী, তন্দ্রী।

প্রমুখ, পু, পুন্নাগ বৃক্ষ।

প্রমেহ, পু, স্বনামখ্যাত রোগ। (Gonorrhœa) মূত্রমার্গ হইতে নিঃক্লামক স্রাব নিঃসরণ; ধাতুর ব্যায়রাম।

প্রমোচনী, স্ত্রী, গবাক্ষী, গোড়ম্বা।

প্রমোদিনী, স্ত্রী, জিঙ্গিনী বৃক্ষ।

প্ররোহ, (Vegetation) মাংসাঙ্কুর।

প্ররোহিকা, (Ecyema) পামা দেখ।

প্রলম্ব, পু, তালাঙ্কুর।

প্রলাপ, পু, রোগের উপসর্গ বিশেষ, অনর্থক বাক্যব্যয়।

প্রলাপহা, পু, কুলথাঞ্জন।

প্রলিফারেশন, (Proliferation) প্রজনন ক্রিয়া।

প্রবর, ন, অগুরু।

প্রবাহিকা, স্ত্রী, আমাশয় পীড়া, গ্রহণী।

প্রবির, পু, পীতকাষ্ঠ।

প্রবিষা, স্ত্রী, অতিবিষা।

প্রবেট, পু, যব।

প্রবেল, পু, পীতমুদ্গ।

প্রব্রজিতা, স্ত্রী, মাংসী, মুণ্ডিরী।

প্রশ্নী, স্ত্রী, কুম্ভিকা।

প্রষ্টাইটিস, (Prostitis) প্রষ্টেট গ্রন্থির প্রদাহ।

প্রষ্টেট, (Prostate) পুরুষের মূত্রাশয়ের মুখশায়ী দৃঢ় গ্রন্থি বিশেষ।

প্রষ্টেটিক যূস, (Prostatic juice) প্রষ্টেট গ্রন্থি হইতে ক্ষরিত রস।

প্রষ্ট্রেশন, (Prostration) অতিশয় দৌর্ব্বল্য, অবসন্নতা, শারীরিক ও মানসিক শ্রমে অসমর্থতা।

প্রসঙ্গ, পু, মৈথুন।

প্রসন্না, স্ত্রী, মদ্যের উপরিস্থিত স্বচ্ছাংশ, দ্বিতীয়বার পরিস্রুত সুরা, সুরা।

প্রসন্নেয়া, স্ত্রী, মদিরা।

প্রসরা, স্ত্রী, গন্ধভাদুল্যা।

প্রসব, পু, গর্ভমোচন।

প্রসবক, পু, পিয়াল বৃক্ষ।

প্রসবতত্ব, (Mid-wifery) ধাত্রী-বিদ্যা।

প্রসব বেদনা, (Labor pain) সন্তান প্রসব করিবার কালে প্রসূতির যে অত্যন্ত বেদনা হয়।

প্রসবান্তিক, (Post-partum) প্রসবের পরবর্ত্তী।

প্রসহ, পু, কাকাদি পক্ষী; (মাংস গুণ) গুরু, উষ্ণ, মধুর, স্নিগ্ধ, বাতঘ্ন ও শুক্র-বর্দ্ধক।

প্রসহা, স্ত্রী, বৃহতী।

প্রসাতিকা, স্ত্রী, অণুব্রীহি, সূক্ষ্ম ধান্য।

প্রসাদন, ন, অন্ন।

প্রসাধিকা, স্ত্রী, নীবার; (গুণ) শীতল, গ্রাহী, পিত্তঘ্ন, কফবাতকারক।

প্রসারক পেশী, (Extensor muscle) যে সকল পেশীর ক্রিয়া বশতঃ শরীর প্রসারিত হয়।

প্রসারণশীল ক্ষত, (Corroding ulcer) যে ক্ষত খাইয়া যায়।

প্রসারণী, স্ত্রী, গন্ধভাদুলে; (গুণ) উষ্ণ, বাতপিত্তনাশী, বল এবং শুক্রকর।

প্রসারণী, স্ত্রী, লজ্জালু লতা; (গুণ)

গুরু, উষ্ণ, তিক্ত, বাতাশ, শ্বয়থু মল বিষ্টম্ভ নাশী।

প্রসিত, ন, পূয।

প্রসূ, স্ত্রী, কদলী।

প্রসূকা, স্ত্রী, বাজিনী, অশ্বগন্ধা।

প্রসৃত, ন, দুই পল পরিমাণ।

প্রস্তরিণী, স্ত্রী, গোলোমিকা।

প্রস্তার্য্যর্ম্ম, ন, নেত্ররোগ বিশেষ।

প্রস্থ, পু, দুই সের পরিমাণ।

প্রস্থপুষ্প, পু, মরুবক, স্বল্পপত্র তুলসী, জম্বীর ভেদ, জম্বীরভেদ মাত্র।

প্রস্থিকা, স্ত্রী, অম্বষ্ঠা।

প্রস্বেদ, পু, অতিশয় ঘর্ম্ম নির্গম।

প্রস্রংশিনী, (Prolapsus of the vagina) যোনী বাহির হইয়া পড়া; যোনিভ্রংশ।

প্রসেস, (Process) অস্থির উন্নত বা বিবর্দ্ধিত অংশ। প্রক্রিয়া।

প্রসোপ্যালজিয়া, (Prosopalgia) মুখমণ্ডলের স্নায়ুশূল।

প্রহর কুটকী, স্ত্রী, কুটুম্বিনী ক্ষুপ।

প্রহর্ষনী, স্ত্রী, হরিদ্রা।

প্রহসন্তী, স্ত্রী, যূথী, বাসন্তী।

প্রহারবল্লী, স্ত্রী, মাংসরোহিনী।

প্রক্ষেপ, পু, পাককালে ঔষধাদিতে প্রক্ষেপনীয় দ্রব্য।

প্রাইভেট পার্টস, (Private parts) জননেন্দ্রিয়।

প্রাইভেশন, (Privation) অনশন।

প্রাইমারি, (Primary) প্রাথমিক, আদিম, রোগের প্রাথমিক আকার ও লক্ষণাদি।

প্রাউড ফ্লেশ, (Proud flesh) ক্ষতাঙ্কুরের অতিরিক্ত বর্দ্ধন, মাসাঙ্কুর।

প্রাকফল, পু, পনস।

প্রাগ্রাট, ন, অঘন দধি।

প্রাচীন পনস, পু, বিল্ব।

প্রাচীনা, স্ত্রী, বনতিক্তিকা, আকনাদি, রাস্না।

প্রাচীনামলক, ন, পানীয়ামলক, পানি আমলা; (গুণ) দোষত্রয় রোগ বিনাশী।

প্রাণক, পু, জীবকক্রম।

প্রাণদ, ন, জল, রক্ত। পু, জীবক বৃক্ষ।

প্রাণদা, স্ত্রী, ঋদ্ধিবৃক্ষ, হরিতকী।

প্রাণন্ত, পু, রসাঞ্জন।

প্রাণপ্রদা, স্ত্রী, ঋদ্ধি।

প্রাণহারক, ন, বৎসনাভ।

প্রাণিমাজ, স্ত্রী, গর্ভদাত্রী ক্ষুপ।

প্রাতিকা, স্ত্রী, জবা।

প্রাদাহিক, (Inflamatory) প্রদাহ সম্বন্ধীয়।

প্রায়েপিজম, (Priapism) কামপ্রবৃত্তি ব্যতীত কষ্টকর লিঙ্গোদ্রেক।

প্রাবট, পু, যব।

প্রাবৃষায়ণী, স্ত্রী, কপিকচ্ছু, আলকুশী, পুনর্ণবা।

প্রাবৃষেণ্য, পু, কদম্ব বৃক্ষ, কুটজ বৃক্ষ, ধারা কদম্ব।

প্রাবৃষেণ্যা, স্ত্রী, কপিকচ্ছু, রক্তবর্ণ পুনর্ণবা।

প্রাবৃষ্য, পু, কুটজ, ধারাকদম্ব, বিকণ্টক।

প্রিকর্ডিয়া, (Præcordia) হৃৎপিণ্ডের অগ্রবর্ত্তী বক্ষস্থলের সম্মুখ প্রদেশ; হৃদগ্র।

প্রিকর্ডিয়াল, (Precordial) হৃদগ্র সম্বন্ধীয়।

প্রিকলিহিট, (Prickly heat) ঘর্ম্ম-চর্ব্বিকা, ঘামাছি।

প্রিকার্সরী, (Precursory) পূর্ব্ববর্ত্তী।

প্রিকিং, (Pricking) কণ্টকাদি বেধনবৎ যাতনা।

প্রিকোসিটী, (Precosity) উপযুক্ত সময়ের পূর্ব্বে বিকাশ। আকাল পক্বতা।

প্রিটার ন্যাচারল, (Priter-natural) অস্বাভাবিক।

প্রিডিস্পোজিশন, (Predisposition) শরীরে রোগোৎপন্ন হইবার অবস্থা, রোগপ্রবণতা।

প্রিডিস্পোজিং কজ, (Predisposing cause) রোগের পূর্ব্ববর্ত্তী কারণ; গৌণ কারণ।

প্রিন্সিপাল অফ মেডিসিন, (Principle of medicine) চিকিৎসার মূলতত্ত্ব।

প্রিপিউস, (Prepuce) লিঙ্গমুণ্ডের আবরক চর্ম্ম, মেঢ্রত্বক।

প্রিপিউস্যাল, (Preputial) মেঢ্রত্বক সম্বন্ধীয়।

প্রিমেচুয়ার লেবার, (Premature labor) অকাল প্রসব।

প্রিমনিটারী, (Premonitory) পূর্ব্ববর্ত্তী, পূর্ব্ব সূচনা জ্ঞাপক।

প্রিয়, পু, ঋদ্ধি, জীবক।

প্রিয়ক, পু, নীপ, পীতশাল, প্রিয়ঙ্গু, কুমকুম, ধারা কদম্ব, অশন বৃক্ষ।

প্রিয়ঙ্করী, স্ত্রী, বৃহজ্জীবন্তী, শ্বেতকণ্টকারী, অশ্বগন্ধা।

প্রিয়ঙ্গু, পু, স্বনামখ্যাত বৃক্ষ; (গুণ) শীতল, তিক্ত, দাহ পিত্তাস্রদোষ ভ্রমবান্তি জ্বর বক্ত জাড্যনাশী, তুবর, অনিলনাশী, রক্তাতি রোগ দৌর্গন্ধ্য স্বেদ গুল্ম তৃড় বিষ মোহ নাশী। রাজিকা, পিপ্পলী, কটুকী।

প্রিয়ঙ্গুবীজ, (Milliary seeds) পিপ্পলী বীজ।

প্রিয়জীব, পু, শ্যোনাক বৃক্ষ।

প্রিয়তম, পু, ময়ূরশিখা বৃক্ষ।

প্রিয়দর্শন, পু, ক্ষীরিকা বৃক্ষ

প্রিয়বর্ণী, প্রিয়বল্লী, স্ত্রী, প্রিয়ঙ্গু।

প্রিয়সখ, পু, খদির।

প্রিয়সন্দেশ, পু, চম্পক বৃক্ষ।

প্রিয়সালক, পু, অসন বৃক্ষ, পেয়াসাল।

প্রিয়া, স্ত্রী, এলা, মল্লিকা, মদিরা, প্রিয়ঙ্গু।

প্রিয়াম্বু, পু, আম্রবৃক্ষ।

প্রিয়াল, পু, বৃক্ষভেদ ; (গুণ) পিত্তকফাস্র নাশী ; (ফলের গুণ) মধুর, গুরু, স্নিগ্ধ, সর, মরুৎ পিত্ত দাহজ্বর তৃষা-পহ, হৃদ্য, দুর্জর, স্নিগ্ধ, বিষ্টম্ভী ও আমবর্দ্ধক।

প্রিয়ালা, স্ত্রী, দ্রাক্ষা।

প্রিশিপিটেশন, ! (Precipitation) তরল পদার্থের সহিত মিশ্রিত অতরল পদার্থকে নিম্নে পাতিত করা, উর্দ্ধ-পাতন ক্রিয়া।

প্রুনাশ, (Prunus) বদরী জাতীয় বৃক্ষ।

প্রুফ, (Proof) স্পিরিট বা সুরাসারের শক্তির পরিমাণ।

প্রুরাইগো, (Prurigo) অতিশয় কণ্ডূয়নশীল অপচ্যমান পীড়কা বিশিষ্ট চর্ম্ম রোগ, গাত্রকণ্ডূ, চুলকণা।

প্রুরাইটাস পিউডেণ্ডাই, (Pruritus Pudendi) ভগকণ্ডূয়ন।

প্রুরাইটাস স্ক্রোটাই, (Scroti) অণ্ডকোষ কণ্ডূয়ন।

প্রুসিক য়্যাশিড, প্রসিক য়্যাশিড, (Prusic acid) হাইড্রোসিয়েনিক য়্যাশিড। অতিশয় অবসাদক ও সাংঘাতিক এক প্রকার উদ্ভিদ বিষ।

প্রূণস, প্রূণ, (Prune) আলুবোখারা, পারস্ত সিরিয়া এবং দক্ষিণ আমেরিকা জাত এক প্রকার ফল। ক্রিয়া—মৃদু বিরেচক, স্নিগ্ধকারক ও পোষক।

প্রূণস, (Prunus) বৃক্ষ বিশেষ।

প্রেগ্‌ন্যান্সি, (Pregnancy) গর্ভ।

প্রেগ্‌ন্যাণ্ট, (Pregnant) গর্ভবতী।

প্রেজেণ্টেশন, (Presentation) প্রসবকালে ভ্রূণের যে অংশ অপত্যপথে প্রথম দৃষ্ট হয়।

প্রেতরাক্ষসী, স্ত্রী, তুলসী।

প্রেভেলেন্স, (Prevalence) ব্যাপকতা।

প্রেস্কৃপ্সন, (Prescription) ঔষধের ব্যবস্থা পত্র।

প্রেসবাইওপিয়া, (Presbyopia) দুরদৃষ্টি, বৃদ্ধাবস্থায় কনীণিকা চেপ্টা হওয়াতে নিকটের বস্তু স্পষ্টরূপে দৃষ্ট না হওয়া।

প্রোগ্রেসিভ লকোমোটর এটাক্সি, (Progressive locomotor ataxy) এক প্রকার পক্ষাঘাত রোগ। ইহাতে রোগীর ইচ্ছামত গমনের বিশৃঙ্খলা জন্মিয়া থাকে।

প্রোটিন, (Protin) কষ্টিক পটাসের উগ্র দ্রবে এল্বুমেন, ফাইব্রিণ ও ক্যাজিন বিসমাসিড করিয়া যে জিলেটিনের ন্যায় পদার্থ উৎপন্ন হয়; জীবদেহের যবক্ষারযান বিশিষ্ট উপাদান।

প্রোটেক্টিভ, (Protective) ক্ষতাদি আবরক ঔষধ।

প্রোটেগন, (Protagon) মস্তিষ্ক ও স্নায়ু বিধানের প্রধান উপাদান।

প্রোটো, (Proto) প্রথমবাচী পূর্ব্বপদ, অন্যান্য ধাতুর সহিত অক্সিজেন প্রভৃতির প্রথম সংমিশ্রণ।

প্রোটোপ্ল্যাজম, (Protoplasm) যে পোষণ উপাদানে জীবিত পদার্থ বা শরীরের বিধান তন্তু বর্দ্ধিত হয়; উদ্ভিদের মূলীভূত নির্ম্মাণ উপাদান পদার্থ বিশেষ।

প্রোট্রাক্টর, (Pratractor) সম্মুখে আকর্ষক পেশী বিশেষ, সদ্য ব্রণাদি হইতে মৌল উদ্ধারার্থ অস্ত্র বিশেষ।

প্রোট্রুজন, (Protrusion) বহিঃসরণ, বাহির হইয়া পড়া।

প্রোণেটার, (Pronator) যে পেশী দ্বারা প্রোনেশন গতি জন্মে।

প্রোণেশন, (Pronation) যে গতির দ্বারা হাতের তালু নীচের দিকে ঘুরান যায়।

প্রোৎফল, বৃক্ষ বিশেষ, সিংহ লাঙ্গুল, ছড়ী, ছটা পিপ্পা।

প্রোব, (Probe) ক্ষতাদির গভীরতা প্রভৃতি পরীক্ষার্থ শলাকার ন্যায় অস্ত্র বিশেষ, এষণী।

প্রোল্যাপ্সাস, (Prolapsus) জরায়ু প্রভৃতি যন্ত্রের স্থানভ্রষ্টতা, বাহির হইয়া পড়া।

প্রোল্যাপ্সাস রেক্টাই, (Prolapsus recti) গুদভ্রংশ, হাড়িস বা হালিস বাহির হওয়া, সরলান্ত্র নির্গম।

প্রোল্যাপ্সাস্ ইউটেরাই, (Prolapsus uteri) জরায়ুভ্রংশ, ফন্দ, পেঁদ।

প্রাক্টিশনার, (Practitioner) চিকিৎসা ব্যবসায়ী।

প্লগিং, (Plugging) ক্ষত বা শরীরের স্বাভাবিক দ্বারাদিতে লিন্ট বা অন্য কোন বস্তুর গোঁজি।

প্লম্বম, (Lead) লেড, সীস ধাতু। ক্রিয়া,—সঙ্কোচক, রূপান্তরে ব্যবহৃত।

প্লম্বাই অক্সাইডম, (Oxide of lead) অক্সাইড অফ লেড। মূদ্রাশঙ্খ। পলাস্তারার জন্য ব্যবহৃত হয়।

প্লম্বাই য়্যাশিটাস, (Acetate of lead) য়াসিটেট অফ লেড অথবা সুগার অফ লেড। মূদ্রাশঙ্খ ২৪ আং, সির্কাম্ল (য়্যাসেটিক য়্যাসিড) ২ পাং, পরিশ্রুত জল ১ পাইং। ক্রিয়া,—সঙ্কোচক ও অবসাদক। মাত্রা,—১—৫ গ্রেঃ।

প্লম্বাই কার্ব্বনাশ, (Carbonate of lead) কার্ব্বনেট অফ লেড; স্কটলণ্ড ও ইংলণ্ডের ভূমিতে পাওয়া যায়। ক্রিয়া,—আভ্যন্তরিক প্রয়োগ হয় না। কোন কোন স্থানে চর্ম্ম উঠিয়া ক্ষত হইলে এবং দগ্ধ ক্ষতাদি শুষ্ক করণার্থ প্রয়োগ করা যায়।

প্লম্বাই ক্লোরাইডম, (Chloride of lead) ক্লোরাইড অফ লেড। সীস শর্করা ১৯ আং, সামান্য লবণ (ক্লোরাইড অফ সোডিয়ম) ৬ আং। ক্রিয়া,—সঙ্কোচক ও দাহক, আভ্যন্তরিক প্রয়োগ হয় না।

প্লম্বাই ট্যানাস, (Tannate of lead) সীস শর্করা ও ট্যানিক য়্যাসিড। ক্রিয়া,—সঙ্কোচক ও শুষ্ককারক।

প্লম্বাই নাইট্রাস, (Nitrate of lead) নাইট্রেট অফ লেড। ক্রিয়া,—সঙ্কোচক, দুর্গন্ধহর ও পচননিবারক।

প্লব, ন, কৈবর্ত্তমুস্তক। পু, পর্কটী বৃক্ষ, পাকুড় গাছ, জলচর পক্ষী বিশেষ; (গুণ) পিত্তহর, স্নিগ্ধ, গুরু, মধুর, হিম, বাতশ্লেষ্মপ্রদ ও বলশুক্রকর।

প্লবগ, পু, পাকুড় গাছ, পর্কটী বৃক্ষ।

প্লবল, পু, শিরীষ বৃক্ষ।

প্লবঙ্গ, পু, প্লক্ষবৃক্ষ।

প্লক্ষ, পু, বৃক্ষবিশেষ, পাকুড়; (গুণ) কটু, কষায়, শিশির, রক্ত ভ্রম মূর্চ্ছা-দোষ ও প্রলাপনাশী, ব্রণ যোনিগদ দাহ পিত্ত কফ শোথ রক্তপিত্তনাশী। কন্দরাল বৃক্ষ, অশ্বত্থ বৃক্ষ।

প্লাক্ষ, ন, পাকুড় ফল।

প্লাম্বাম, (Plumbum) সিস।

প্লাইকা, (Plica) পোলণ্ড প্রভৃতি

দেশের কেশ রোগ বিশেষ। ইহাতে মস্তক হইতে এক প্রকার নির্য্যাসবৎ পদার্থ নিঃসৃত হইয়া চুল ঘনীভূত ও জড়িত হয়।

প্লাটিনা, প্লাটিনম, ধাতু বিশেষ।

প্ল্যান্টেগোমেজার, (Plantain) আমেরিকার কদলী।

প্লীহা, স্ত্রী, কুক্ষির বামপার্শ্বস্থ উদর মধ্যগত মাংসখণ্ড ; পীলা।

প্লীহারি, প্লীহন্ন, পু, রোহিতক বৃক্ষ, রোহড়া ; (গুণ) রোহিতক শব্দে দেখ।

প্লীহাশত্রু, প্লীহশত্রু, পু, রোহিতক।

প্লীহারি, পু, অশ্বত্থ বৃক্ষ।

প্লুরা, (Pleura) ফুস্‌ফুসের বেষ্টক ঝিল্লী, ফুস্‌ফুস্ আবরক, বক্ষাবরক ঝিল্লী।

প্লুরি, (Pleuræ) প্লুরা শব্দের বহুবচন।

প্লুরিশি, (Pleurisy) ফুস্‌ফুস্‌বেষ্ট প্রদাহ।

প্লুরো, (Pleuro) ফুস্‌ফুস্ বেষ্ট, পার্শ্ব বা পঞ্জরাস্থির সংস্পৃষ্টতা অথবা বিশেষণ জ্ঞাপক পূর্ব্বপদ।

প্লুরোডিনিয়া, প্লুরোডাইনিয়া, (Pleurodynia) পর্শুকার মধ্যবর্ত্তী পেশীর আক্ষেপিক বা আমবাতিক বেদনা, পার্শ্ববেদনা।

প্লুরোথটনস, (Pleuro-thotonas) পার্শ্ব বক্র টঙ্কার রোগ।

প্লুরো নিউমোনিয়া, (Pleuro pneumonia) যুগপৎ ফুস্‌ফুস্‌বেষ্ট ও ফুস্‌ফুসের প্রদাহ।

প্লেক্সাস্, (Plexus) স্নায়ু বা নাড়ীর গুচ্ছ।

প্লেক্‌সিমিটার, (Pleximeter) অঙ্গুলীর আঘাত দ্বারা বক্ষ পরীক্ষার্থ হস্তীদন্ত নির্ম্মিত ব্যবধারক পদার্থ বিশেষ।

প্লেগ, (Plegue) অত্যন্ত সংক্রামক এক প্রকার ব্যাপক রোগ। ইহা কার্ব্বঙ্কলাদি বিশিষ্ট এক প্রকার উৎকট টাইফস জ্বর ; মহামারী।

প্লেথোরা, (Plethora) অস্বাস্থ্যকর রক্তাধিক্য, রক্তপ্রধান ধাতু।

প্লেথোরিক, (Plethoric) প্লেথোরা সংক্রান্ত।

প্ল্যাজ্‌মা, (Plasma) আকরহীন অর্দ্ধ তরল কোমল পদার্থ বিশেষ, ইহা জীবিত দেহের মৌলিক ও বিধান সম্বন্ধীয় উপাদান। Organic matter.

প্ল্যাটিজ্‌মা মাইওডিস, (Platisma myodis) গ্রীবাপৃষ্ঠের চর্ম্মের অব্যবহিত মাংস তন্তুময় সূক্ষ্ম ঝিল্লী।

প্ল্যাটিনা, (Platina) এক প্রকার ধাতু।

প্ল্যাণ্টার, (Planter) পদতল সংক্রান্ত।

প্ল্যাণ্টেগো মেজার, (Plantago major) বৃহৎ কদলী।

প্ল্যাষ্টার, (Plaster) পলস্তারা, এমপ্লাষ্টম দেখ।

প্ল্যাষ্টার অফ প্যারিস, (Plaster of Paris) প্যারিস নগরের সন্নিকটে সমুৎপন্ন শুভ্রবর্ণ সঙ্কোচক চূর্ণ বিশেষ।

প্ল্যাষ্টিক, (Plastic) নির্ম্মাণ বা প্রস্তুত শক্তি, আকার প্রদায়িনী শক্তি।

প্ল্যাসেণ্টা, (Placenta) রক্তবহা নাড়ীময় ও স্পঞ্জের ন্যায় আকার বিশিষ্ট যে পদার্থ দ্বারা গর্ভস্থ ভ্রূণ মাতার রক্তবহা নাড়ীর সহিত সংযুক্ত থাকে; গর্ভের ফুল।

ফ।

ফঙ্কশন, (Function) শরীরস্থ যন্ত্রাদির ক্রিয়া।

ফঙ্কশন্যাল, (Functional) ক্রিয়াবিকার জনিত।

ফঙ্গস, (Fungus) স্পঞ্জের ন্যায় ছিদ্রতা বিশিষ্ট ক্যান্সার প্রভৃতি উন্নত মাংস বা অর্ব্বুদ। বহুবচন—ফঙ্গি।

ফঙ্গিফরম, (Fungiform, Fungoid) ছত্রকাকার।

ফঞ্জিকা, স্ত্রী, আখুপর্ণী।

ফঞ্জী, স্ত্রী, ভার্গী।

ফটোপসিয়া, (Photopsia) চক্ষুরোগ বশতঃ অস্বাভাবিক আলোক দর্শন।

ফটোফোবিয়া, (Photophobia) আলোকাতঙ্ক, আলোক দর্শন বিদ্বেষ।

ফণ্টেনল, (Fontanel) শিশুর মস্তকেঃ অস্থি শূন্য স্থান, ব্রহ্মরন্ধ্র।

ফণ্ডাস, (Fundus) জরায়ু প্রভৃতি গ্রীবা বিশিষ্ট যন্ত্রের মূলদেশ।

ফণ্ডেমেণ্ট, (Fundament) মলদ্বার।

ফণিকেশর, ন, নাগকেশর।

ফণিজিহ্বা, স্ত্রী, মহাশতাবরী, মহাসমঙ্গা।

ফণিজ্ঝ, ফণিজ্ঝক, পু, ক্ষুদ্র পত্র তুলসী, জম্বীরভেদ, জম্বীর মাত্র।

ফণিফেন, পু, অহিফেন, আফিঙ্গ।

ফণিবল্লী, স্ত্রী, নাগবল্লী।

ফণিহন্ত্রী, স্ত্রী, গন্ধনাকুলী।

ফণিহৃৎ, স্ত্রী, ক্ষুদ্র দুরালভা।

ফণী, স্ত্রী, সর্পিনী, ওষধি।

ফনোমেনিয়া, (Phonomania) নরহত্যার প্রবৃত্তি বিশিষ্ট উন্মাদ।

ফরনিক্স, (Fornix) তোরণের আকৃতির ন্যায় মস্তিষ্কের অংশ বিশেষ।

ফর্ফর্, (Furfur) খুথ্সি, রুথি।

ফরমিক য়্যাসিড, (Formic acid) টার্টারিক য়্যাসিড প্রভৃতি যে সকল য়্যাসিড জল প্রভৃতি তরল দ্রব্যের সহিত মিশ্রিত না করিয়া শুষ্করূপে চোয়াইয়া উদ্ভিজ্জ হইতে উৎপন্ন হয়। ফরমিকা অর্থাৎ পিপীলিকা দ্বারা নিঃসৃত হয় বলিয়া এপ্রকার নাম হইয়াছে।

ফরমিকা, পিপীলিকার বিষ।

ফরমিকেশন, (Formication) শরীরে পিপীলিকা সঞ্চরণের ন্যায় অনুভব, তিড়তিড়, সুড়সুড়ি।

ফরমেশন, (Formation) নির্ম্মাণ।

ফরসেপ্স, (Forceps) টানিয়া তুলিয়া ফেলিবার জন্য কাঁচির ন্যায় অস্ত্র, সোন্না, চিম্‌টা।

ফরেন বডি, (Foreign body) বাহ্যবস্তু, শল্য দেখ।

ফরেন্সিক মেডিসিন, (Forensic medicine) অপরাধের বিচার বিষয়ে ভৈষজ্য বিদ্যার প্রয়োগ।

ফল, ন, জাতীফল, ত্রিফলা, কঙ্কোল, মদন ফল, আর্ত্তব, মুষ্ক। পু, কুটজ বৃক্ষ, মদন বৃক্ষ।

ফলক, ন, জায়ফল, নাগকেশর, অস্থিখণ্ড।

ফলক গ্রন্থি, (Thyroid gland) গলগ্রন্থি, যাহা বৃদ্ধি পাইলে গলগণ্ড রোগ হয়।

ফলক-কর্কশা, স্ত্রী, বনকোলি।

ফলকাস্থি, (Patella) জানুসন্ধির সম্মুখভাগে অবস্থিত ক্ষুদ্র ও চেপ্টা অস্থি বিশেষ।

ফলকৃষ্ণ, পু, পানীয়ামলক।

ফলকেশর, পু, নারিকেল বৃক্ষ।

ফলকোষ, পু, অণ্ডকোষ।

ফলকোষক, পু, অণ্ডকোষ।

ফলচোরক, পু, চোর নামক গন্ধ দ্রব্য।

ফলত্রয়, ন, ত্রিফলা ; পরূষ ফল, কাশ্মর্য্য ও দ্রাক্ষা।

ফলত্রিক, ন, ত্রিফলা, ত্রিকটু।

ফলপাক, পু, করমর্দ্দক, পানীয় ফলামলক।

ফলপাকী, পু, গর্দ্দভাণ্ড।

ফলপুচ্ছ, পু, এরণ্ড বৃক্ষ।

ফলপুষ্পা, স্ত্রী, পিণ্ড খর্জ্জূরী।

ফলপূর, পু, বীজপূর।

ফলপূরক, পু, বীজপূর।

ফলপ্রিয়া, স্ত্রী, প্রিয়ঙ্গু।

ফলমুখ্যা, স্ত্রী, অজোমোদা।

ফলমুদ্গারিকা, স্ত্রী, পিণ্ডখর্জ্জূর।

ফলবর্ত্তি, (Suppository) মলদ্বারে প্রবেশ করণার্থ ঔষধ বা ঔষধের মিশ্রিত বাতি।

ফলমিনেশন, (Fulmination) উত্তাপ বা ঘর্ষণে কোন রাসায়নিক প্রস্তুত পদার্থের উচ্চ শব্দে বিদারণ।

ফলবর্ত্তুল, ন, কালিঙ্গ।

ফলবৃক্ষক, পু, পনস।

ফলশাক, ন, ষড়বিধ শাকান্তর্গত ফল রূপ শাক।

ফলশাড়ব, পু, দাড়িম।

ফলশৈশির, পু, বদর বৃক্ষ।

ফলশ্রেষ্ঠ, পু, আম্রবৃক্ষ।

ফলস, পু, পনস বৃক্ষ।

ফলস্নেহ, পু, আখোট বৃক্ষ।

ফলা, স্ত্রী, ঝিঞ্জিঝরিষ্টা ক্ষুপ, প্রিয়ঙ্গু।

ফলাঢ্যা, স্ত্রী, কাষ্ঠকদলী।

ফলাধ্যক্ষ, ন, রাজাদন বৃক্ষ।

ফলান্ত, পু, বংশ।

ফলাম্বু, ন, ত্রিফলার জল।

ফলাম্ল, ন, বৃক্ষাম্ল। পু, অম্লবেতস।

ফলিকা, স্ত্রী, নিষ্পাবী।

ফলিকিউলার, (Follicular) ফলিকেল সম্বন্ধীয়।

ফলিকেল, (Follicle) গ্রন্থি বা গহ্বর; ক্ষুদ্রকোষ।

ফলিন, পু, পনস।

ফলিং সিক্‌নেশ, (Falling sickness) মৃগি রোগ।

ফলিনী, স্ত্রী, প্রিয়ঙ্গু, অগ্নিশিখা বৃক্ষ।

ফলী, স্ত্রী, প্রিয়ঙ্গু বৃক্ষ।

ফলূষ, পু, লতাবিশেষ।

ফলেন্দ্র, পু, বৃহজ্জম্বু; (গুণ) স্বাদু, বিষ্টম্ভী, গুরু ও রোচক।

ফলেপুষ্পা, স্ত্রী, ক্ষুদ্র ক্ষুপ বিশেষ; (হিন্দী) পূমা; (গুণ) গুরু, স্বাদু, রুক্ষ, উষ্ণ, বাতপিত্তকর, ক্ষার, লবণ, স্বাদুপাক, কটু, ভেদক, কফ কাস কামলা শোথ তমকশ্বাস নাশী।

ফলেরুহা, স্ত্রী, পাটলী বৃক্ষ।

ফলোত্তমা, স্ত্রী, কাকোলী, দ্রাক্ষা।

ফলোৎপত্তি, পু, আম্রবৃক্ষ।

ফল্গু, স্ত্রী, কাকোডুম্বরিকা, কাকডুমুর;

(গুণ) গুরু, গ্রাহী, শীতল, স্বাদু, তৃপ্তিকর, রেণুভেদ, আবীর।

ফল্গুনী, স্ত্রী, কাকোডুম্বরিকা।

ফল্গুবটিকা, স্ত্রী, কাকোডুম্বরিকা।

ফল্গুবৃন্তাক, পু, শ্যোনাক প্রভেদ।

ফল্‌স, (False) কৃত্রিম।

ফল্‌স প্যাসেজ, (False passage) মূত্রমার্গে বলপূর্ব্বক শলাকাদি প্রবেশ করাতে শ্লৈষ্মিক ঝিল্লী ছিন্ন হইয়া স্বাভাবিক মূত্রপথ ব্যতীত স্বতন্ত্র কৃত্রিম পথ।

ফল্‌স মেম্ব্রণ, (False membrane) কৃত্রিম ঝিল্লী দেখ।

ফল্‌স রিব, (False rib) উপপর্শুকা।

ফস্‌ফরাস, (Phosphoras) দগ্ধ অস্থির সহিত জলমিশ্রিত গন্ধকদ্রাবক মিশাইলে সুপার ফস্ফেট অফ লাইম প্রস্তুত হয়। সেই সুপার ফস্ফেট অফ লাইমকে অঙ্গার সহযোগে চুয়াইলে ফস্ফরাস পাওয়া যায়। ক্রিয়া,—উত্তেজক, কামোদ্দীপক, মূত্র ও ঘর্ম্মকারক। মাত্রা,—সিকি হইতে অর্দ্ধ গ্রেণ। ঘন অবস্থায় কখন প্রয়োগ করিবে না। তৈল বা ইথারে গলাইয়া ব্যবহার করিবে। যথা,—ফস্ফরাস ৪ আং, ইথার ২০০ আং; অথবা ফস্ফরাস ১০ গ্রেণ, বাদাম তৈল ১ আং। মাত্রা—৫ হইতে ১০ মিং।

ফস্ফেট, (Phosphate) লাইম সোডা প্রভৃতির সহিত ফস্ফরিক য়্যাসিডের সংযোগে সমুৎপন্ন মিশ্র পদার্থ।

ফসেস, (Fauces) মুখ ও গলমধ্যের অভ্যন্তরস্থ গহ্বর, জিহ্বা, উপজিহ্বা, তালু পার্শ্বগ্রন্থি ও স্বরযন্ত্র দ্বারা এই গহ্বর সীমাবদ্ধ।

ফাইজষ্টিগ মেটিসকেবা, ক্যালেবারবীন।

ফাইটোলাক্কাডিকেণ্ড্রা, পোক উইড, মার্কিন ক্ষুপ বিশেষ।

ফাইব্রিণ, (Fibrin) প্রাণী ও উদ্ভিদ দেহের তন্তুময় উপাদান। রক্তে এই পদার্থ বহুল পরিমাণে পাওয়া যায়। তন্তু।

ফাইব্রিনো, (Fibrino) ফাইব্রিণজ্ঞাপক পূর্ব্বপদ।

ফাইবার, (Fibre) সূত্র, আঁশ।

ফাইব্রয়েড, (Fibroid) সূত্রবৎ।

ফাইব্রাস, (Fibrous) সূত্রময়।

ফাইব্রো, (Fibro) সৌত্রিক।

ফাইমা, (Phyma) অর্ব্বুদ, ক্ষুদ্র স্ফোটক।

ফাইমোসিস, (Phymosis) পুরুষাঙ্গের

মুণ্ডাবরক ত্বকের এরূপ পীড়া যাহাতে উহা সঙ্কুচিত করিয়া লিঙ্গমুণ্ড অনাবৃত করিতে পারা যায় না; মুদা।

ফাইসোমিট্রা, (Physometra) বায়ু বা বাষ্প জন্য জরায়ুর স্ফীতি।

ফাটকী, স্ত্রী, স্ফটী।

ফাণিত, ন, অর্দ্ধাবর্ত্তিত ইক্ষুরস, ফেণী; (গুণ) গুরু, অভিস্যন্দী, বৃংহণ, কফ শুক্রল, বাতপিত্তশ্রমনাশী, মূত্রবস্তি বিশোধক।

ফাণ্ট, পু, ন, কষায় বিশেষ; কুট্টিত দ্রব্য উষ্ণ জলে নিক্ষেপ করিয়া সেই জল ছাঁকিয়া লইলে ফাণ্ট প্রস্তুত হয়। (Infusion) কুট্টিত উদ্ভিদ পদার্থ উষ্ণ জলে কিয়ৎকাল রাখিয়া ছাঁকিয়া লইলে উহা প্রস্তুত হয়।

ফার, (Fur) রোগকালে জিহ্বাদি কোন কোন যন্ত্রের উপরিভাগে সরের ন্যায় এক প্রকার বিকৃত পদার্থ সঞ্চয়; লেপ।

ফার্ড, (Furred) অস্বাভাবিক বস্তু কর্ত্তৃক আবৃত; যেমন জ্বরাদি রোগে লেপযুক্ত জিহ্বা।

ফার্বাইটিস্ সেমিনা, (Kaladana seed) কালাদানা সিড। ফার্বাইটিস নিল নামক লতার বীজ, ভারতবর্ষের সর্ব্বত্র এই লতা জন্মে। ক্রিয়া,—বিরেচক। মাত্রা,—৩০ হইতে ৬০ গ্রেঃ।

ফার্মেকিউটীক্স, (Pharmaceutics) ঔষধ প্রস্তুত তত্ত্ব।

ফার্মেকিউটীষ্ট, (Parmaccutist) যে ব্যক্তি ঔষধ প্রস্তুত করে।

ফার্মেকোডিনেমিক্স, (Pharmacodynamics) ঔষধের ফল ও ব্যবহার বিষয়ক বিদ্যা।

ফার্মেকোপিয়া, (Pharmacopia) ঔষধ প্রস্তুত তত্ত্ব, ঔষধ প্রস্তুতের বিধিবদ্ধ গ্রন্থ।

ফার্মেণ্ট, (Forment) অভিষপাদি, অন্তরুৎসেচনজনক পদার্থ।

ফার্মেণ্টেশন, (Formentation) য়্যালকোহল বা য়্যাশেটিক য়্যাশিড প্রস্তুতে কার্বনিক য়্যাশিড বায়ু বাহির হইয়া যে বিসমাস ক্রিয়া জন্মে। জন্তু বা উদ্ভিদ পচিবার সময়ও এইরূপ হয়; অন্তরুৎসেচন।

ফার্মেসী, (Pharmacy) ঔষধ সংগ্রহ প্রস্তুত রক্ষা সংমিশ্রণ ও ব্যবহার বিষয়িণী বিদ্যা।

ফার্ষ্ট ইণ্টেনশন, (First intention) পূযোৎপত্তি ব্যতীত ক্ষত সংযোজন।

ফার্সি, (Farcey) কেবল শরীরের উপরিভাগ আক্রমণকারী গ্ল্যাণ্ডার্শ রোগ।

ফালিনী, স্ত্রী, অগ্নিশিখা বৃক্ষ।

ফিউকসডেসিকিউলোমম, সিয়্যাফ, সামুদ্রিক উদ্ভিদ বিশেষ।

ফিউজন, (Fusion) কঠিন পদার্থ উত্তাপ দ্বারা তরল করণ।

ফিউজিফরম, (Fusiform) তর্কুর (টেকোর) আকার।

ফিউনিস, ফিউনি ফিউলস, (Funis) নাভি, নাড়ী, জ্রূণদেহ ও ফুল সংযোজক নাড়ী।

ফিউরর, (Furor) উন্মত্ততা ; যথা,—ফিউরর ইউটিরেনস—জরায়ু বিকার জনিত উন্মাদ।

ফিউরাঙ্কল, (Furuncle) ফোড়া, স্ফোটক।

ফিউরাঙ্কিউলার, (Furuncular) স্ফোটক বিশিষ্ট।

ফিক্স, (Fix) স্বর্ণা দেশজ মোরোসি জাতীয় ফাইকসকারিকা বৃক্ষের পক্ব ফল। ক্রিয়া,—স্নিগ্ধকারক, পোষক এবং মৃদু বিরেচক।

ফিকাণ্ডেশন, (Fecundation) গর্ভধারণ।

ফিক্যাল, (Fæcal) বিষ্ঠাসম্বন্ধীয়।

ফিজিয়গ্নমি, (Physiogomy) মুখশ্রী।

ফিজিয়লজি, (Physiology) জীবিত প্রাণীদের শারীরিক ক্রিয়া বিষয়িণী বিদ্যা, ঔষধ, বিরেচক ঔষধ।

ফিজিক্যাল, (Physical) ভৌতিক, শারীরিক।

ফিজিক্স, (Physics) পদার্থবিদ্যা।

ফিজিশিয়েন, (Physician) যে চিকিৎসক কেবল ব্যবস্থা করেন, কিন্তু অস্ত্র চিকিৎসা করেন না।

ফিস্কোনিয়া, (Physconia) শোথ ব্যতীত উদরের স্ফীতি।

ফিটাস, (Fœtus) গর্ভস্থ সন্তান, জ্রূণ।

ফিট্যাল, (Fœtal) জ্রূণ সম্বন্ধীয়।

ফিটেশন, (Fœtation) গর্ভ।

ফিটিড, (Fetid) দুর্গন্ধময়।

ফিনেষ্ট্র, (Fenestra) গবাক্ষ, কর্ণপটহের গর্ভস্থ রন্ধ্র দ্বয়।

ফিবিউলা, (Febula) জঙ্ঘার দীর্ঘাস্থির সম্মুখস্থ সরু অস্থি, নলকাস্থি, ক্ষতের মুখ সেলাই করিবার সূচী।

ফিব্রিকিউলা, (Febricula) সামান্য জ্বর।

ফিব্রিণাস, (Fibrinns) তন্তুময় উপাদান বিশিষ্ট।

ফিব্রিল, ফেব্রিল, (Febrile) জ্বরসম্বন্ধীয়, বা জ্বরজ।

ফিভার, (Fever) জ্বর।

ফিভারিশ, (Feverish) অল্পজ্বরযুক্ত।

ফিমার, (Femur) বস্তিকোটর হইতে জঙ্ঘার দীর্ঘাস্থি পর্য্যন্ত প্রসারিত হাড়, উর্দ্ধাস্থি।

ফিরাম, (Ferrum) লৌহ।

ফিরাম আয়রণ, (Iron) লৌহ। ইহা দ্বারা রক্তের উৎকর্ষ সাধিত হয়, রক্ত-কণিকার সংখ্যা বৃদ্ধি ও উজ্জ্বল হয়।

ফিরাম রিড্যাক্টম, (Reduced iron) রিডিউষ্ট আয়রণ। ক্রিয়া—অতিশ্রেষ্ঠ রক্তজনক, বলকারক। মাত্রা—২ হইতে ৫ গ্রেঃ।

ফিরাম টার্ট্যারেটাম, (Tartarated iron) টার্টারেটেড আয়রণ। রক্তজনক ও মূত্র বলকারক। মাত্রা—৫ হইতে ২০ গ্রেঃ।

ফিরাম য়্যাশেটিকম, (Acetate of iron) টীং য়্যাসিটেট অফ আয়রণ দেখ।

ফিরাম মিউরিয়েটিকম, (Muriate of iron) মিউরিয়েট অফ আয়রণ।

ফিরাম মেটালিকম, (Metallic iron) মেটালিক আয়রণ।

ফিরঙ্গ রোগ, পু, মেঢ্রুরোগ বিশেষ, গরমির পীড়া।

ফিরঙ্গরোটী, স্ত্রী, রোটিকা বিশেষ, পাঁওরুটী।

ফিল্টার, (Filter) জলাদি তরল দ্রব্য পরিষ্কার করণার্থ যন্ত্র, ছাঁকনী।

ফিল্ট্রেশন, (Filtration) ছাঁকন।

ফিলিক্সমাস, মেলফার্ণ, কন্দবিশেষ।

ফিলিফরম, (Filiform) সূত্রাকার।

ফিলেমেণ্ট, (Filament) প্রাণী ও উদ্ভিদ দেহের সূক্ষ্ম সূত্রবৎ পদার্থ। স্পন্দনজনক সূত্র।

ফিলেরিয়া, (Filaria) এক প্রকার অন্ত্র-কৃমি, শরীরস্থ জলবৎ বিধানস্থিত কীট বিশেষ।

ফিলেসাস, (Filacious) সূত্রময়।

ফিশ্চুলা, (Fistula) নালী ঘা, নাড়ী-ব্রণ।

ফিশ্চুলা ইন্ য়্যানো, (Fistula-in-ano) ভগন্দর, মলদ্বারে নালী ক্ষত।

ফিশ্চুলা ল্যাক্রিমেলিস্, (Fistula lachrymalis) অশ্রুস্রাবী গ্রন্থির নালীক্ষত, নেত্রনালী, নেত্রনাড়ী।

ফিশ্চুলাস, ফিশ্চুলার, (Fistulous, Fistular) নালী ঘা সম্বন্ধীয়।

ফিসার, (Fissure) বিদারণ, ফাটা; ফিস্থরা ম্যাগ্ন্যাসিলভাই মস্তিষ্কের সম্মুখ ও মধ্যভাগ প্রভেদকর সীত। ফিস্থরা অম্বিলিকেলিস নাভীশিরার সীত।

ফিস্থরা, (Fissura) বিদারণ, ফিসার দেখ।

ফিসেস, (Fæces) মল, বিষ্ঠা।

ফুপফুস্, পু, বক্ষোভ্যন্তরস্থ কোষ্ঠ বিশেষ, ফুল্‌কা, ফ্যাপড়া, ফুস্‌ফুস্।

ফুমিগেশন, (Fumigation) ধূপন দেখ।

ফুস্‌ফুস্‌পাকাশয়িক, (Pneumogastric) ফুস্‌ফুস্ ও পাকাশয় সম্বন্ধীয়।

ফুস্‌ফুস পাকাশয়িক স্নায়ু, (Pneumogastric nerve) পারভেগাস দেখ।

ফুস্‌ফুস্ প্রদাহ, (Pneumonia) এই রোগে পার্শ্ববেদনা, নির্ষ্যাস অর্থাৎ আঠার ন্যায় বা লৌহের মরিচার ন্যায় বর্ণবিশিষ্ট শ্লেষ্মাস্রাব ও প্রবল জ্বর ইহার লক্ষণ।

ফুস্‌ফুস্, (Pleura) প্লূরা দেখ।

ফুস্‌ফুস্‌বেষ্ট প্রদাহ, (Pluritis) ফুস্‌ফুস্ আবরক ঝিল্লীর প্রদাহ।

ফুট বাথ, (Foot-bath) জানু অবধি পা পর্য্যন্ত ভিজান।

ফুটসোর, (Foot-sore) পদক্ষত।

ফুলার্শ আর্থ, (Fullers earth) সাজিমাটী।

ফেকিউলেণ্ট, (Feculent) তলানি বা মলপূর্ণ।

ফেগোপাইরম ইস্‌কিউলেটম, বকহুইট, ওষধি বিশেষ।

ফেনিকিউলাই ফ্রুক্টস, ফেনেল ফ্রুট। ওষধিবিশেষের ফল।

ফেণ, ফেন, ফেনক, পু, হিণ্ডীর সমুদ্র ফেণ।

ফেণদুগ্ধা, স্ত্রী, দুগ্ধফেণী ক্ষুপ।

ফেনা, স্ত্রী, সাতলা ক্ষুপ।

ফেনাশ্ম ভস্ম,, ন, শঙ্খবিষ, শেঁখো।

ফেনিকা, স্ত্রী, পক্কান্ন বিশেষ, থাজা।

ফেনিল, ন, কোলিফল, মদন ফল। পু, অরিষ্ট বৃক্ষ, ঈটা গাছ, বদর বৃক্ষ।

ফেব্রিফিউজ, (Febrifuge) জ্বরঘ্ন, জ্বরঘ্ন ঔষধ।

ফেভাস, (Favas) মধুচক্রাকার অরুংষিকা।

ফেভিফরম, (Faviform) মধুচক্রাকার।

ফেরি অক্‌সাইডম ম্যাগ্নেটিকম, (Magnetic oxide of iron) ম্যাগ্নেটিক অক্‌সাইড অফ আয়রণ। ইহাকে ফেরি অক্‌সাইড নাইগ্রামও বলে। খনি মধ্যে প্রাপ্ত হওয়া যায়। বৃহৎ খণ্ড সকলকে চুম্বক (Load-stone) কহে। পর সলফেট অফ আয়রণ দ্রব ৫॥০ আং, হিরাকশ ২ আং, সোডা দ্রব ৪ পাইঃ, পরিস্রুত

জল আবশ্যক মত। ক্রিয়া,—বল-কারক ও রক্তজনক, উগ্রতা মাত্র নাই। মাত্রা—৫ হইতে ১০ গ্রেঃ।

ফরি আইওডাইডম, (Iodide of iron) আইওডাইড অফ আয়রণ। সূক্ষ্ম লৌহতার ১॥০ আং, আইওডিন ৩ আং, পরিশ্রুত জল ১৫ আং। ক্রিয়া—রক্তজনক, বলকারক, পরিবর্ত্তক, মূত্রকারক, রজোনিঃসারক এবং মৃদু বিরেচক। মাত্রা—১ হইতে ৫ গ্রেঃ।

ফেরি আর্শেনিয়াস, (Arseniate of iron) আর্শেনিয়েট অফ আয়রণ। হিরাকস ৯ আং, শুষ্ক আর্শেনিয়ট অফ সোডা ৪ আং, য়্যাসিটেট অফ সোডা ৩ আং, স্ফুটিত ও পরিশ্রুত জল যথা প্রয়োজন। ক্রিয়া,—রক্ত-জনক, বলকারক ও পরিবর্ত্তক। মাত্রা,—একের ষোল হইতে অৰ্দ্ধ গ্রেঃ।

ফেরি এট্ য়্যামোনি সাইট্রাস, (Citrate of iron and ammonia) সাইট্রেট অফ আয়রণ এণ্ড য়্যামোনিয়া। পর সলফেট অফ আয়রণ দ্রব ৮ আং, য়্যামোনিয়া দ্রব ৮॥০ আং, জম্বীরাম্ল (Citric acid) ৪ আং, জল যথা প্রয়োজন। ক্রিয়া,—বলকারক ও রক্তজনক, ইহার সঙ্কোচন গুণ নাই। মাত্রা,—৫ হইতে ১০ গ্রেঃ।

ফেরি এট কোয়াইনি সাইট্রস (Citrate of iron and quinine) পর সল-ফেট অফ আয়রণ দ্রব ৪॥০ আং, পরিশ্রুত জল যথা প্রয়োজন, সাই-ট্রিক য়্যাশিড ৪ আং, সলফেট অফ কোয়াইনা ১ আং, জলমিশ্রিত গন্ধক দ্রাবক ১২ ড্রাং, য়্যামোনিয়া দ্রব যথা প্রয়োজন।

ফেরি পার অক্সাইডম হিউমিডম, (Moist per oxide of iron) ময়েষ্ট পার অক্সাইডম অফ আয়রণ। পার সলফেট অফ আয়রণ দ্রব ৪ আং, সোডা দ্রব ৩৩ আং, পরিশ্রুত জল যথা প্রয়োজন। ক্রিয়া,—আর্শে-নিক বিনাশার্থ ব্যবহৃত হয়।

ফেরি পার অক্সাইডম হাইড্রেটাম, (Hydrated per oxide of iron) হাইড্রেটেড পার অক্সাইড অফ আয়রণ। ক্রিয়া,—রক্তজনক, বল-কারক, রজঃনিঃসারক ও কৃমি-নাশক। মাত্রা,—১০ হইতে ৬০ গ্রেঃ।

ফেরি ফস্ফাস, (Phosphate of iron) ফস্ফেট অফ আয়রণ; হিরাকস ৩ আং, ফস্ফেট অফ সোডা ২॥০ আং

য়্যাসিটেট অফ সোডা ১ আং, স্ফুটিত ও পরিশ্রুত জল ৪ পাইণ্ট। ক্রিয়া,—রক্তজনক, পরিবর্ত্তক ও বলকারক; ইহার দ্বারা স্থানিক উগ্রতা প্রকাশ পায় না। মাত্রা,—৫ হইতে ১০ গ্রেঃ।

ফেরি ভ্যালেরিয়েনাস, (Valirianate of iron) ভেলেরিয়েনেট অফ আয়রণ। পার সলফেট অফ আয়রণ দ্রবে বেলেরিয়েনেট অফ সোডা দিলে ইহা অধস্থ হয়। ক্রিয়া,—রক্তজনক, বলকারক ও আক্ষেপনিবারক। মাত্রা,—১ হইতে ৩ গ্রেঃ।

ফেরি সলফাস, (Sulphate of iron) সলফেট অফ আয়রণ; হিরাকস। লৌহ-তার ৪ আং, গন্ধক দ্রব ৪ আং, পরিশ্রুত জল ১॥০ পাইঃ। ক্রিয়া,—স্থানিক ক্রিয়া সঙ্কোচক, অধিক মাত্রায় উগ্রতা সাধক, আভ্যন্তরিক প্রয়োগে রক্তজনক, বলকারক, রজোনিঃসারক, পর্য্যায়নিবারক ও কৃমিনাশক। মাত্রা,—২ হইতে ৫ গ্রেঃ।

ফেরি সলফাস এক্সিকেটা, (Dried sulphate of iron) ড্রায়েড সলফেট অফ আয়রণ। দগ্ধ হিরাকস।

ফেরি ল্যাক্টাস, (Lactate of iron) হিরাকসের দ্রবে ল্যাক্টেট অফ লাইম দিলে ইহা অধস্থ হয়। ক্রিয়া,—বলকারক ও রক্তজনক। মাত্রা—১ হইতে ২ গ্রেঃ।

ফেরিণা, (Farina) শ্বেতসার।

ফেরিনেসাস, (Ferinacious) শ্বেতসারময়।

ফেলেণ্ড্রিয়ম, জলজ উদ্ভিদ বিশেষ।

ফেশিয়া, ফ্যাসিয়া, (Fascia) পেশীবেষ্টনকারী পাতলা তন্তুময় আবরণ; হলবেষ্টনী; বহুবচন ফ্যাশিয়ি।

ফেশিয়েল, (Fascial) মুখমণ্ডলীয়।

ফেশিয়ালিস, (Fascialis) জঙ্ঘার গতির সাহায্যকর পেশী বিশেষ।

ফেশ, (Face) মুখমণ্ডল।

ফেসেট, (Facet) অস্থিসন্ধির সীমাবদ্ধ ক্ষুদ্র উপরিভাগ।

ফোকাস, (Focus) রশ্মিকেন্দ্র, অধিশ্রয়ণ।

ফোভিয়া, (Fovea) স্বল্প অবনতি।

ফোমেণ্টেশন, (Fomentation) বেদনা নিবারণ অথবা রোগাক্রান্ত স্থানের উত্তেজনার্থ তপ্ত ও আর্দ্র ফ্লানেল বাক্স প্রয়োগ; ফ্লানেলের দ্রবস্বেদ, উষ্ণস্বেদ।

ফোর আরম, (Fore-arm) কনুই ও

কজ্জার মধ্যবর্ত্তী স্থান; প্রকোষ্ঠ।

ফোরসেট, (Four-chette) যোনি ও বিটপের সন্ধিস্থান; দ্বিশিখাকৃতি ত্বক্।

ফোরস্কিন, (Fore skin) প্রিপিউস।

ফোরেমিনা, (Foramina) ফোরেমেন শব্দের বহুবচন।

ফোরেমেন, (Foramen) শরীরের কোন যন্ত্রে বা অংশে ছিদ্র; রন্ধ্র।

ফোরেমেন ওভেলি, (Foramen ovali) অণ্ডাকার ছিদ্র।

ফোল্ড, (Fold) ভাঁজ।

ফোর্শ, (Force) শক্তি, ক্ষমতা।

ফোসা, (Fossa) ভূমি অপেক্ষা প্রান্ত-দেশ প্রশস্ত অস্থিগহ্বর, যথা—ফোসা-ল্যাক্রিমেলিস্।

ফোসি, (Fossæ) ফোসা শব্দের বহু-বচন।

ফ্যাকল্টী, (Faculty) চিকিৎসক মণ্ডলী।

ফ্যাজিডিনা, (Phagedæna) শীঘ্র শীঘ্র বাড়ে ও মাংস খাইয়া যায় এরূপ ক্ষত; গলিত ক্ষত।

ফ্যাজিডেনিক, (Phagedenic) ফ্যাজি-ডিনা সংক্রান্ত।

ফ্যাটি, (Fatty) বসাময়, বসা সম্বন্ধীয়।

ফ্যামিন ফিভার, (Famine fever) রিল্যাপ্সিং ফিভার; দুর্ভিক্ষজ্বর।

ফ্যারিংস, (Pharynx) মুখগহ্বরের পশ্চাদ্ভাগে স্থিত আহারগ্রাহী ও বাহী পেশীময় থলি; গলকোষ।

ফ্যারিঞ্জাইটিস্, (Pharyngitis) গল-কোষ প্রদাহ।

ফ্যারিঙ্গোটমি, (Pharyngotomy) গল-কোষ ছেদ।

ফ্যালকেট, (Falcate) ফ্যাল্সিফরম।

ফ্যাল্সিফরম, (Falciform) কাস্তিয়ার আকার।

ফ্যালেঞ্জেস, (Falanges) হস্তের এবং পদের ক্ষুদ্র ক্ষুদ্র অস্থি।

ফ্যালোপিয়েন টিউব্স, (Fallopian tubes) স্ত্রীলোকদিগের গর্ভাশয় হইতে ডিম্বাশয় পর্য্যন্ত বিস্তৃত প্রায় ৩ ইঞ্চ লম্বা স্ত্রীবীর্য্যবাহী নল। ফ্যালোপিয়স নামক ইটালী দেশের জনৈক চিকিৎসক ইহা আবিষ্কার করিয়াছিলেন, এজন্য তাঁহার নামানু-সারে উহার ফ্যালোপিয়েন টিউব্স নাম হইয়াছে।

ফ্যাসিকিউলাস, (Fasciculus) তন্তুর ক্ষুদ্র গুচ্ছ।

ফ্যাসিকিউলাই, (Fasciculi) ফ্যাসি-

কিউলাস শব্দের বহুবচন।

ফ্যাসিকিউলেটেড, (Fasciculated) গুচ্ছ বা স্তবকের আকারে সমুৎপন্ন।

ফ্রন্ট, (Front) সম্মুখভাগ, কপাল।

ফ্রন্ট্যাল, (Frontal) সম্মুখ ও কপাল সম্বন্ধীয়।

ফ্রষ্ট বাইট, (Frost bite) বরফে অবশতা, হিমোপঘাত।

ফ্রাইগস, (Cold) শৈত্য।

ফ্রিক্‌সন, (Friction) রক্তসঞ্চালন বর্দ্ধনার্থ হস্ত বা ফ্লানেলাদি দ্বারা গাত্রচর্ম্ম ঘর্ষণ।

ফ্রিক্‌সন সাউণ্ড, (Friction sound) ফুস্‌ফুস্‌বেষ্ট ও হৃদ্বেষ্ট প্রদাহিত ও রস ক্ষরিত হইয়া বন্ধুর হইলে আকর্ণনে যে শব্দ শুনা যায়। ঘর্ষণ শব্দ।

ফ্রিকোয়েন্ট, (Frequent) দ্রুতগামী।

ফ্রিজিং পয়েন্ট, (Freezing point) তাপমান যন্ত্রের যে তাপাংশে জল জমে।

ফ্রিনম, (Frænum) কোন যন্ত্রকে স্বস্থানে রক্ষার্থ ঝিল্লিময় ক্ষুদ্র বন্ধাবৎ পদার্থ।

ফ্রিনাইটিস্, (Phrenitis) মস্তিষ্কের প্রদাহ।

ফ্রিনিউলাম, (Phrænulum) জিহ্বা, শিশ্নত্বক প্রভৃতি ঝিল্লীর ভাঁজ দ্বারা শরীরের সহিত সংযুক্ত থাকে; বন্ধা, ক্ষুদ্র ফ্রিনম।

ফ্রিমাইটাস, (Fremitus) বক্ষের উপর হস্ত প্রদানে অনুভূত পৈশিক শব্দ বা বক্ষঃকম্প।

ফ্রেনিক, (Phrenic) ডায়েফ্রাম সম্বন্ধীয়।

ফ্র্যাকচার, (Fracture) ভগ্ন; অস্থিভগ্ন; উহা দুই প্রকার, যথা—সামান্য বা সিম্পেল—কেবল অস্থি বিভক্ত হওয়া, মিশ্রিত বা কম্পাউণ্ড—অস্থি বিচূর্ণিত হওয়া।

ফ্র্যামবিশিয়া, (Frambœsia) কণ্টক গুটি।

ফ্লাক্‌চুয়েসন, (Fluctuation) শরীরস্থ তরল পদার্থের সঞ্চালন।

ফ্লক্‌সিটেসিও, (Floccitatio) শয্যাহাতড়ান।

ফ্লক্‌শিলেশন, (Floccilation) মৃত্যুর সময়ে বা সন্নিপাতাবস্থায় শয্যাবস্ত্র খুঁটা; শয্যা হাতড়ান।

ফ্লকিউলাস, (Flocculus) ক্রস সেরিবেলাইয়ের পশ্চাতে ও নিম্নে প্রবর্দ্ধিত দীর্ঘ ও সূক্ষ্ম খণ্ড।

ফ্লডিং, (Flooding) প্রসবের পর জরায়ু হইতে অতিরিক্ত রক্তস্রাব।

ফ্লাইসিস, (Phlysis) অঙ্গুলহাড়া রোগ।

ফ্লাওয়ার্শ, (Flowers) কোন কোন পদার্থের চূর্ণাবস্থা, যথা—ফাওয়ার্শ অফ সল্‌ফার।

ফ্ল্যাটুলেন্স, (Flatulence) অগ্নিমান্দ্যাদি করণে আমাশয়ে বায়ুর উৎপত্তি, অধ্মান, পেটফাঁপা।

ফ্লিক্‌টিনা, (Phlyctæna) মস্তুগর্ভ ক্ষুদ্র পরিসর ফোস্কা।

ফ্লিবাইটিস্‌, (Phlebitis) শিরা প্রদাহ।

ফ্লিবোটমি, (Phlebotomy) শিরাচ্ছেদ, রক্তমোক্ষণ, ফোস্তখোলা।

ফ্লুঅর এলবাস, (Eluor albus) স্ত্রী-অঙ্গ হইতে রোগ জন্য শ্বেতবর্ণ স্রাব নিঃসরণ, শ্বেতপ্রদর।

ফ্লেক্‌সার, (Flexor) শরীরের কোন অংশ নোয়াইতে যে পেশীর ক্রিয়া আবশ্যক হয়।

ফ্লেগমন, (Phlegmon) নির্দ্ধারিত সীমাবিশিষ্ট অর্দ্ধ মণ্ডলাকার প্রদাহযুক্ত স্ফীতি।

ফ্লেগমনস, (Phlegmonous) ফ্লেগমন প্রকৃতি বিশিষ্ট।

ফ্লেগ্‌মেটিক, (Phlegmatic) শীতল, অলস ও অপ্রফুল্ল, শ্লেষ্মপ্রধান।

ফ্লেগ্‌মেটিক কনষ্টিটিউশন, (Phlegmatic constitution) শ্লেষ্মপ্রধান ধাতু।

ফ্লেগ্‌মেশিয়া এল্বা অর ডোলেন্স, (Phlegmasialba or dolens) প্রসবান্তে জঙ্ঘার শ্বেতবর্ণ স্ফীতিবিশিষ্ট এক প্রকার রোগ, সূতিকা স্তম্ভ।

ফ্লেটাস, (Flatus) উদরস্থ বায়ু।

ফ্লেম, (Phlegm) শ্লেষ্মা।

ফ্লোগোষ্টিকা, (Phlogostica) স্থানিক প্রদাহ।

ফ্লোগোসিস্‌ (Phlogosis) প্রদাহ।

ফ্লোজিষ্টিক, (Phlogistic) প্রাদাহিক।

ফ্লোরিণ, (Fluorine) ফ্লোরিণ নামক রূঢ় পদার্থ।

ব।

বঃক্সিনেটর, (Buccinator) তূরিধ্বনি পেশী। গালের এই পেশী তুরী বাজাইতে ব্যবহৃত হয়।

বঃকা, (Bucca) গণ্ডস্থল।

বঃক্যাল, (Buccal) গণ্ডস্থলস্থ।

বক্রান্ত, (Illeum) ইলিয়ম।

বঙ্ক্ষণগ্রন্থি, (Groin) কুচ্‌কী।

বটেনি, (Botany) উদ্ভিদ্ বিদ্যা।

বড, (Bud) কোরক, ফুলের কঁুড়ি।

বণ্ডুসেলি সেমিনা, (Bonduc seeds) বণ্ডক সিডস্‌; কটকরঞ্জ, নাটাকরঞ্জ। পৃথিবীর সকল উষ্ণ প্রদেশেই জন্মিয়া থাকে। ক্রিয়া,—বলকারক ও পর্য্যায়-নিবারক। মাত্রা,—১০ হইতে ১৫ গ্রেঃ। দিবসে দুইবার।

বণিস্বন্ধু, পু, নীলীবৃক্ষ।

বর্ত্মস্তম্ভ, (Ptosis) টোসিস্‌।

বদন, (Face) মুখমণ্ডল।

বদর, ন, সেবিফল; (হিন্দী) সেউ, কার্পাস ফল, সেয়াফুল। পু, কোলিবৃক্ষ; (পত্র গুণ) লেপন জ্বরনাশক। বীজ ত্বকের গুণ বিস্ফোটনাশী এবং নেত্রাময় বিনাশক।

বদরফলী, বদরবল্লী, স্ত্রী, ভূবদরী।

বদরা, স্ত্রী, বরাহক্রান্তা বৃক্ষ। এলাপর্ণী, কার্পাসী বৃক্ষ, বিষ্ণুক্রান্তা।

বদরামলক, ন প্রাচীনামলক।

বদরি, স্ত্রী, কোলিবৃক্ষ।

বদরী, স্ত্রী, কোলি বৃক্ষ, কার্পাসী, কপিকচ্ছু।

বদরীচ্ছদা, স্ত্রী, হস্তিকোলি বৃক্ষ, শঙ্খ, নখী।

বদরী পত্র, পু, নখী নামক গন্ধদ্রব্য।

বদরীফলা, স্ত্রী, নীল সেফালিকা।

বদ্ধগুদ, ন, উদররোগ বিশেষ।

বন্ধন, (Bandage) পটী।

বন্ধফল, পু, করঞ্জ বৃক্ষ।

বন্ধরসাল, পু, ত্রিবিধ রাজাম্রান্তর্গত শ্রেষ্ঠ আম্র; (গুণ) কটু, অম্ল, পিত্তদাহ; (সুপক্ক ফলের গুণ) স্বাদু, মধুর, পুষ্টি বীর্য্য বলপ্রদ।

বধূ, স্ত্রী, পৃক্কা, পিড়িংশাক, শারিবা, শঠী।

বধ্র, ন, সীসক।

বন্ধুক, বন্ধুকা।

বন্ধুজীব, বন্ধুজীবক, পু, বন্ধুক বৃক্ষ।

বন্ধুর, পু, স্ত্রীচিহ্ন, তিলকঙ্ক, বন্ধুক, বিড়ঙ্গ, ঋষভক।

বন্ধুল, পু, বন্ধুক বৃক্ষ।

বন্ধুক, পু, পীতশাল, পুষ্পবৃক্ষ বিশেষ, বন্ধুলী ; (গুণ) অসিতসিত, পীত, লোহিত এই চারি প্রকার বন্ধুক। জ্বরহর, গ্রহপিশাচশমনক, প্রসাদক এবং রক্তপিত্তহর।

বন্ধুকপুষ্প, পু, পীতশাল, বীজক।

বন্ধূলি, পু, বন্ধুক বৃক্ষ।

বন্ধ্যা, স্ত্রী, যোনিরোগ বিশেষ, বন্ধ্যা-কর্কোটী, বালাখ্য, গন্ধদ্রব্য।

বন্ধ্যাকর্কোটকী, স্ত্রী, তিক্ত কর্কোটকী ; (গুণ) তিক্ত, কটু, উষ্ণ, কফাপহ, স্থাবরাদি বিষঘ্ন এবং রসায়ন।

বফিকোট, (Buffycoat) প্রাদাহিক রোগে নিঃসারিত রক্তের উপর যে ধূসরাভ সর দৃষ্ট হয়।

বব্লিং, (Bubbling) জলবিম্বের ন্যায় পুট পুট শব্দ ; বিম্বস্ফোটক শব্দ।

বভ্রু, পু, সিতাবর শাক।

বভ্রুধাতু, পু, স্বর্ণ গৈরিক।

বয়ঃসন্ধি, (Climacteric period) যে বয়সে স্ত্রীলোকের ঋতু প্রকাশ পায় বা একবারে বন্ধ হয়।

বয়েলিং পয়েন্ট, (Boiling point) তাপমানের যে তাপাংশে তরল পদার্থ স্ফুটিত হয়।

বয়োব্রণ, (Acne) বয়স ফোঁড়া।

বর, ন, কুঙ্কুম, গুড়ত্বক, বালা, আর্দ্রক।

বরবরিমাস, (Borborymus) অন্ত্রে বায়ুজন্য শব্দ ; পেট ডাকা।

বর্ণক পদার্থ, (Pigment) পিগমেণ্ট দেখ।

বরা, স্ত্রী, ত্রিফলা, গুড়চী, মেদা, ব্রাহ্মী, বিড়ঙ্গ, পাঠা, হরিদ্রা।

বরী, স্ত্রী, শতাবরী।

বর্ব্বট, বর্ব্বটী, পু, রাজমাস, বর্ব্বটী।

বর্হ, ন, ময়ূরপুচ্ছ।

বল্গা, (Frœnum) ফ্রিনম।

বল্জিং, (Bulging) কোন অংশ উন্নত হইয়া উঠে।

বল, ন, গন্ধরস, শুক্র, পল্লব, রক্ত। পু, বরুণ বৃক্ষ।

বলজা, স্ত্রী, যূথী।

বলদ, পু, জীরক।

বলদা, স্ত্রী, অশ্বগন্ধা।

বলদেবা, স্ত্রী, ত্রায়মানা।

বলভদ্র, পু, লোধ।

বলভদ্রা, স্ত্রী, ত্রায়মানা, ঘৃতকুমারী।

বলভদ্রিকা, স্ত্রী, ত্রায়মানা।

বলবর্দ্ধিনী, স্ত্রী, জীবক।

বলঘ্ন, পু শ্লেষ্মা।

বলা, স্ত্রী, ক্ষুপ বিশেষ, বেড়েলা ; (গুণ) অতি তিক্ত, মধুর, পিত্তাতিসারনাশী,

বলবীর্য্যপ্রদ, পুষ্টি কফরোধ বিশোধক।

বলাট, পু, মুদ্গ।

বলাস্থিকা, স্ত্রী, হস্তীশুণ্ডী, হাতিশুঁড়া।

বলাদ্যা, স্ত্রী, বলা।

বলামোটা, স্ত্রী, নাগদমনী।

বলায়, পু, বরুণ বৃক্ষ।

বলালক, পু, পানীয়ামলক।

বলাশ, পু, শ্লেষ্মা।

বলাহক, পু, মুস্তক।

বলাহকন্দ, পু, গুলঞ্চকন্দ।

বলি, স্ত্রী, গুদাঙ্কুর, অর্শোবলি, জরা, হেতু শরীরের শিথিলতা; মলাশয়ের প্রান্ত। (Folds) গুহ্যদ্বারের অভ্যন্তরস্থ মাংসপিণ্ড।

বলিকা, স্ত্রী, অতিবলা।

বলিনী, স্ত্রী, বট্যালক।

বলিপোদ্দকী, স্ত্রী, উপোদকী।

বলিপ্রিয়, পু, লোধ্রবৃক্ষ।

বলী, পু, কন্দবৃক্ষ, মাষ।

বল্য, ন, প্রধান ধাতু, শুক্র। (Tonic) বলকর।

বল্যা, স্ত্রী, অতিবলা, অশ্বগন্ধা, শিগ্রীড়ী ক্ষুপ, প্রসারণী।

বল্ডনেশ, (Baldness) টাকরোগ।

বল্ব, (Bulb) কন্দ, আলু, মূলা প্রভৃতির ভূগর্ভস্থ অংশ; মূল।

বল্বস, (Bulbus) গোলাকার, গাঁইট-বিশিষ্ট।

বল্‌বো ক্যাভারনোসি, (Bulbo cavernosi) ইউরিথ্রা অর্থাৎ মূত্রমার্গের নিম্নস্থিত পেশীদ্বয়; এই পেশীর ক্রিয়া বশতঃ মূত্রাশয় হইতে নিঃসরণে সুবিধা হইয়া থাকে।

বসা, (Fat) চর্ব্বি।

বসার্ব্বুদ, (Wen) ওয়েন দেখ।

বস্তি, (Abdomen) তল্‌পেট, ভিস্তির মসক, নাড়ীর অধোভাগ।

বস্তিকর্ম্ম, বস্তিপ্রয়োগ, (Injection) পিচকারী দেওয়া।

বস্তিকোটর, (Pelvis) নিম্ন উদরের নিম্নস্থিত অস্থি নির্ম্মিত কোটর।

বস্তিযন্ত্র, (Syringe) পিচকারী।

বহির্ব্বলী অর্শ, (External piles) অর্শ দেখ।

বহুকণ্টক, পু, ক্ষুদ্র গোক্ষুর, যবাস, হিন্তাল।

বহুকণ্টকা, স্ত্রী, অগ্নিদমনী।

বহুকণ্টা, স্ত্রী, কণ্টকারী।

বহুকন্দ, পু, শূরণ।

বহুকন্দা, পু, কর্কটী।

বহুকর্ণিকা, স্ত্রী, আখুকর্ণী।

বহুকূর্চ্চ, পু, মধুনারিকেল।

বহুগন্ধ, ন, গুড়ত্বক। পু, কন্দরুক।

বহুগন্ধদা, স্ত্রী, কস্তূরী।

বহুগন্ধা, স্ত্রী, যূথিকা, কৃষ্ণজীরক।

বহুগ্রন্থি, পু, ঝাবুক।

বহুচ্ছিন্না, স্ত্রী, কন্দ গুড়চী।

বহুতরকণিশ, পু, রাজী ধান্য।

বহুতিক্তা, স্ত্রী, কাকমাচী।

বহুত্বক, পু, ভূর্জবৃক্ষ।

বহুদুগ্ধ, পু, গোধূম।

বহুদুগ্ধিকা, স্ত্রী, সুহীর বৃক্ষ।

বহুধার, ন, বজ্র, হীরক।

বহুনাদ, পু, শঙ্খ।

বহুপত্র, ন, অভ্র। পু, পলাণ্ডু।

বহুপত্রা, স্ত্রী, তরুণী পুষ্প।

বহুপত্রিকা, স্ত্রী, ভূম্যামলকী, মেথিকা, মহাশতাবরী।

বহুপত্রী, স্ত্রী, লিঙ্গিনী, ঘৃতকুমারী, তুলসী, জতুকা, বৃহতী, গোরক্ষ দুগ্ধা।

বহুপর্ণ, পু, সপ্তচ্ছদ বৃক্ষ।

বহুপর্ণিকা, স্ত্রী, আখুপর্ণী।

বহুপর্ণী, স্ত্রী, মেথিকা।

বহুপাৎ, পু, বহুবৃক্ষ।

বহুপাদ, পু, বটবৃক্ষ। (Polypus) পলিপস দেখ।

বহুপুত্রী, স্ত্রী, শতমূলী।

বহুপুষ্পা, পু, পারিভদ্র বৃক্ষ।

বহুপুষ্পিকা, স্ত্রী, ধাতকী।

বহুপ্রজ, পু, মুঞ্জতৃণ।

বহুফল, পু, কদম্ব বৃক্ষ, বিকঙ্কত, তেজফল।

বহুফলা, স্ত্রী, ক্ষবিকা, মাষপর্ণী, কাকমাচী, ত্রপুসী, শশাণ্ডুলী, ক্ষুদ্র কারবেল্লী, ভূম্যামলকী।

বহুফেণা, স্ত্রী, সাতলা।

বহুব্যাপক প্রতিশ্যায়, (Influenza) ইনফ্লুয়েঞ্জা দেখ।

বহুব্যাপী, (Epedemic) যে রোগ এক সময়ে অনেক লোককে আক্রমণ করে।

বহুমল, পু, সীসক।

বহুমঞ্জরী, স্ত্রী, তুলসী।

বহুমূর্ত্তি, স্ত্রী, বনকার্পাস।

বহুমূত্র, (Diabetis) ডায়েবেটিস্ দেখ।

বহুমূল, পু, ইক্কট, শিগ্রু, স্থূলশর, ওকড়া।

বহুমূলক, ন, উশীর।

বহুমূলক, পু, ইক্কট।

বহুমূলা, স্ত্রী, শতাবরী।

বহুমূলী, স্ত্রী, মাকন্দী।

বহুরন্ধ্রিকা, স্ত্রী, মেধা।

বহুরসা, স্ত্রী, মহাজ্যোতিষ্মতী।

বহুরুহা, স্ত্রী, কন্দগুড়চী।

বহুরূপ, পু, সর্জরস।

বহুল, ন, শ্বেত মরিচ।

বহুলগন্ধা, স্ত্রী, এলা।

বহুলচ্ছদ, পু, রক্তশিগ্রু।

বহুলবণ, ন, ঔষরক, খাড়ি লবণ।

বহুলা, স্ত্রী, নীলিকা, এলা।

বহুবল্ক, পু, পিয়াল।

বহুবল্লী, স্ত্রী, খড়িক্ষুপ।

বহুবার, বহুবারক, পু, বৃক্ষবিশেষ; (গুণ) শেলু, শীত, শ্লেষ্ম, উচ্ছাল, উদ্দালক; (ফলের গুণ) হিম, শ্লেষ্মাল ও শুক্রকর, গুরু, দুর্জর এবং মধুর।

বহুবিস্তীর্ণা, স্ত্রী, কুচিকা বৃক্ষ, কচুই।

বহুবীজ, ন, গণ্ডগাত্র, আতা।

বহুবীর্য্য, পু, বিভীতক, তণ্ডুলী শাক, শাল্মলীবৃক্ষ, মরুব। স্ত্রী, ভূম্যামলকী।

বহুশলা, পু, রক্ত খদির।

বহুশাল, পু, স্নুহী।

বহুশিখা, স্ত্রী, জলপিপ্পলী।

বহুসন্ততি, পু, ব্রহ্মযষ্টি, বেড়বাঁশ।

বহুসম্পুট, পু, বিষ্ণুকন্দ।

বহুসার, পু, খদির।

বহুসুতা, স্ত্রী, শতাবরী।

বহুস্রবা, স্ত্রী, শল্লকী বৃক্ষ।

বঃজিং, (Buzzing) গুঞ্জন, গুণ্ গুণ্ শব্দ।

বঃরণ, (Burn) অগ্নিদগ্ধ।

বঃর্ণিং, (Burning) জ্বালা, জ্বালাকর।

বঃলা, (Bulla) বৃহৎ ফোস্কা।

বঃলাস, (Bullous) ফোস্কাপূর্ণ।

বঃলী, (Bulli) বড় বড় ফোস্কা।

বাই, (Bi, Bis) দ্বি বা দ্বিগুণবাচী পূর্ব্ব-পদ।

বাইঅলজি, (Biology) জীবনতত্ত্ব।

বাইএনিয়েল, (Biennial) দুইবর্ষজীবী (উদ্ভিদ।)

বাইকনকেভ, (Biconcave) দ্বিকুব্জ।

বাইকঃসপিড, (Bicuspid) দ্বিমুখদন্ত, দ্বিমূলী।

বাইণ্ডার, (Binder) প্রসবের পর উদরের বন্ধনার্থ বন্ধনী বিশেষ।

বাইফরকেশন, (Bifurcation) দ্বিশাখা, স্নায়ুরক্তবাহীনাড়ী প্রভৃতির দ্বিশাখা।

বাইফিড, (Bifid) দুইভাগে বিভক্ত, দ্বিকর্ত্তিকা।

বাইলিন, (Bilin) পিক্রোমেল দেখ।

বাইসিপিট্যাল, (Bicipital) দ্বিমুণ্ড বা দ্বিমূল।

বাইসেপ্‌স, (Biceps) দ্বিমূলপেশী, দ্বিমুণ্ড।

বাইল, (Bile) পিত্ত।

বাইল্যাটেরাল, (Bilateral) দ্বিপার্শ্ব।

বাড়, (Splint) স্প্লিণ্ট।

বাড়িঙ্গন, পু, বার্ত্তাকু।

বাণা, স্ত্রী, নীল ঝিণ্টী।

বাতকণ্টক, (Sprain) ঈষৎ ভগ্ন, মচকান।

বাত ব্যাধি, (Nervous disease) পক্ষাঘাত প্রভৃতি স্নায়বীয় রোগ।

বাতরক্ত, পু, কুষ্ঠের পূর্ব্বরূপ; এই অবস্থায় গাত্রে লালবর্ণ চাকা চাকা দাগ হয়, তাহা হইতে ক্ষতোৎপন্ন হইয়া থাকে।

বাথ, (Bath) শুদ্ধজল বা তাহাতে ঔষধ মিশ্রিত করিয়া সমস্ত শরীর বা শরীরাংশ আর্দ্র করা; স্নান।

বাদর, পু, কার্পাস বৃক্ষ।

বাদরী, স্ত্রী, কার্পাস বৃক্ষ, কার্পাসী, সূত্র পুষ্প প্রভৃতি; (গুণ) কার্পাসী দেখ।

বাধক, পু, স্ত্রীরোগ বিশেষ।

বাধক, বাধক বেদনা, (Dysmenorrhœa) রক্তশূল।

বাধির্য্য, ন, শ্রবণশক্তি নাশক কর্ণরোগ; বধিরতা।

বাবুদকতা, (Talkativeness) অত্যন্ত কথা বলা।

বায়ুকোষ, (Air cells) বায়ুকরণার্থ ফুস্‌ফুসের ক্ষুদ্র ক্ষুদ্র গহ্বর।

বায়ুনলী, (Bronchi) ফুস্‌ফুসের বায়ুবাহী নল ও তাহার শাখার শ্লৈষ্মিক ঝিল্লীর প্রদাহ।

বায়ুপথ, (Air passage) যে পথ দিয়া শরীরে বায়ু গতায়াত করে।

বার্গণ্ডি পিচ, (Burgundy pitch) নরওয়ে দেশের দেবদারু হইতে সমুৎপন্ন এক প্রকার ধূনাময় পদার্থ; উক্ত প্লাষ্টার প্রস্তুতে ইহা ব্যবহৃত হইয়া থাকে।

বার্গেমট, (Bergamot) এক প্রকার লেবু।

বার্ব্বেডোস লেগ, (Barbadoes leg) গোদ।

বার্থ, (Birth) জন্ম।

বার্ব্বটীর, পু, ত্রপু, আম্রাস্থি।

বার্ব্বারিস, একুইফোলিয়া, আমেরিক বৃক্ষ বিশেষ।

বার্ব্বারিস কর্টেক্স, (Indian berberry) ইণ্ডিয়েন বার্ব্বেরী, দারুহরিদ্রা। হিমালয় প্রদেশে জন্মে। ক্রিয়া,—বলকারক, আগ্নেয়, পর্য্যায় নিবারক, স্বেদজনক ও মৃদু বিরেচক। মাত্রা,—প্রয়োগরূপে নির্দ্দিষ্ট হইল।

বার্ব্বারিস ভলগেরিস, (Common berberry) কমন বার্ব্বেরী।

বার্ব্বেরিনা, বার্ব্বেরিস বৃক্ষের মূলের বীর্য্য।

বার্সা, (Bursa) বার্সামিউকোসী।

বার্সাইটিস, (Bursitis) বার্সার প্রদাহ।

বার্সি, (Bursœ) বার্সা শব্দের বহুবচন।

বার্সি মিউকোসী, (Barsœ mucuosœ) সন্ধির চতুর্দ্দিকে স্থিত স্নেহস্রাবী কোষ। ইহা হইতে তরল স্রাব নির্গত হইয়া সন্ধিকে আর্দ্র রাখে।

বার্সেলিস মাস্‌কিউলাস, (Barsalis musculus) উরুর পেশী বিশেষ।

বাল, পু, বালা, গন্ধদ্রব্য বিশেষ ; (গুণ) শীতল, তিক্ত, পিত্ত বান্তি তৃষ্ণাজ্বর কুষ্ঠাতিসার শ্বাস ও ব্রণ নাশী, কেশ হিতকর। বলা চারি প্রকার যথা,— বলা, মহাবলা, নাগবলা, অতিবলা। চারি প্রকার বলার গুণ,—স্নিগ্ধ, গ্রাহী, সমীরাস্র, পিত্তাস্র ও ক্ষতনাশন। পু, নারিকেল, কেশ ; (পর্য্যায়) চিকুর, কচ, কেশ, কুন্তল, কুঞ্জর, শিরোরুহ, শিরসিরুহ, শিরজ।

বালক, ন, পু, হ্রবের।

বালকপ্রিয়া, স্ত্রী, কদলী, ইন্দ্রবারুণী।

বালতনয়, পু, খদির বৃক্ষ।

বালতৃণ, ন, নবতৃণ, শষ্প।

বালদলক, পু, খদির বৃক্ষ।

বালপত্র, পু, খদির বৃক্ষ, যবাস।

বালপত্রক, পু, খদির বৃক্ষ।

বালপুষ্পিকা, স্ত্রী, যূথী।

বালপুষ্পী, স্ত্রী, যূথী।

বালভদ্রক, পু, বিষভেদ।

বালভৈষজ্য, ন, রসাঞ্জন।

বালভোজ্য, পু, চনক।

বালরোগ, পু, বাল্যাবস্থায় জাত কতিপয় বিশেষ রোগ।

বালসেমম পেরুভিয়েনম, (Balsam of Peru) বালসাম অফ পেরু। মার্কিন খণ্ডে সালবেডর দেশে জন্মে। ক্রিয়া— উত্তেজক, কফনিঃসারক, তদ্ভিন্ন সমুদায় শ্লৈষ্মিক ঝিল্লীকে উত্তেজিত করে। বাহ্য প্রয়োগে ঈষৎ উত্তেজক মাত্রা,—১০ মিঃ হইতে অর্দ্ধ ড্রাঃ।

বালসেমম টলুটেনম, (Balsam of tolu) মাইলক্ সাইলাম টোলুকিয়া নামক বৃক্ষের রস। ক্রিয়া,—বালসম অফ পেরুর ন্যায়। মাত্রা,—১০ হইতে ৩০ গ্রেঃ।

বালা, স্ত্রী, নারিকেল, মল্লিকাভেদ, হরিদ্রা, ঘৃতকুমারী, হ্রবের, অম্বষ্ঠা, নীল ঝিণ্টী।

বালাক্ষী, স্ত্রী, কেশপুষ্টা দেখ।

বালাক্ষেপ, (Infantile convulsions)

শিশুদিগের আক্ষেপ রোগ, দড়কা।

বাষ্পস্বেদ, (Vapour bath) ভাপরা।

বাষ্পাভিষেক, (Vapour bath) ভাপরা।

বালীশ, পু, মূত্রকৃচ্ছ্র রোগ।

বালু. স্ত্রী, এলবালুক নামক গন্ধদ্রব্য।

বালুক, ন, এলাবালুক। পু, পানীয়ালু।

বালুকা, স্ত্রী, রেণু বিশেষ, বালি ; (গুণ) মধুর, শীতল, সন্তাপ শ্রম নাশী।

বালুকাত্মিকা, স্ত্রী, শর্করা।

বালুকা যন্ত্র, ঔষধ পাকার্থ যন্ত্রবিশেষ।

বালুকাস্বেদ, পু, তপ্ত বালুকা দ্বারা স্বেদ ক্রিয়া।

বালুকী. স্ত্রী, কর্কটীভেদ ; (গুণ) বাত শমনক, শীতল, হৃদ্য, শ্রমাপহ, পিত্ত-শমণক, কাস পীনসে রুচ্য।

বালুঙ্কী, স্ত্রী, কর্কটী।

বালুঙ্গিকা, বালুঙ্গা, স্ত্রী, কর্কটী।

বালূক, পু, বিষভেদ।

বালেয়, পু, অঙ্গার বল্লরী। চাণক্য মূলক।

বালেয় শাক, পু, ব্রাহ্মণ যষ্টিকা।

বালেষ্ট, পু, বদর।

বাহু, পু, কক্ষাবধি অঙ্গুলীর অগ্রভাগ পর্য্যন্ত অবয়ব।

বাহুমূল, ন, কক্ষ, বাহুল।

বাহ্যপ্রয়োগ, (External application) ঔষধাদি শরীরের উপরিভাগে প্রয়োগ।

বাহ্যবস্তু, (Foreign body) শল্য দেখ।

বাহ্যাবর্ত্তন, (Extroversion) এক্সট্রো-ভার্সন।

বিউনিয়ন, (Bunion) গৃঞ্জন, বৃদ্ধাঙ্গুলীর সন্ধির বিবর্দ্ধন ও স্ফীতি।

বিউফো, ভেকজাতীয় জন্তুবিশেষের বিষ।

বিউবো, (Bubo) বৃধ্ন, বিদারিকা, বাঘী রোগ।

বিউবোল্যাল্‌জিয়া. (Bubonalgia) কুচ্‌কীতে বেদনা।

বিউলিমিয়া, (Bulimia) বিকৃত ক্ষুধা, অতিক্ষুধা।

বিকম্পন, (Concussion) কন্কসন।

বিকার লক্ষণ, (Typhoid symtoms) সন্নিপাত লক্ষণ।

বিকারস্থান, রোগের মূলস্থান।

বিকীর্ণ, (Disperse) কোন স্থান হইতে প্রদাহ দূরীকৃত করা।

বিকীর্ণ প্রদাহ, (Diffused inflamation) নির্দ্ধারিত সীমাশূন্য প্রসারিত প্রদাহ।

বিগলন, (Gangrene) জীবীত শরীরে মাংস পচনোক্রম।

বিঘাত, (Retention) মূত্রাবরোধ।

বিঘাতন, (Percussion) পার্কসন দেখ।

বিচর্চ্চিকা, ঈষৎ শুভ্র বা শ্যামবর্ণ শঙ্কবিশিষ্ট এবং শুষ্ক বা স্রাবযুক্ত এক প্রকার চর্ম্মরোগ। ইহা হস্তে ও পদে আক্রমণ করিয়া থাকে। ইহাতে প্রায়ই পূয জন্মে না, কিন্তু চর্ম্ম ফাটিয়া থাকে।

বিচূর্ণ, (Trituration) অতি সূক্ষ্ম চূর্ণ।

বিটপ, (Perinæum) পেরিনিয়ম দেখ।

বিটপব্রণ, (Parinæal abcess) মূলাধারের ব্রণ।

বিটার, (Bitter) তিক্ত।

বিটারগোর্ড, (Bitter gourd) কলোসিন্থ, ইন্দ্রবারুণী নামক উদ্ভিদ্।

বিদগ্ধদৃষ্টি, (Cataract) ছানি ফুলি।

বিদারিকা, (Bubo) বাঘী।

বিদ্রধী, রাজগাঁড়, বৃহদাকার ফোঁড়া।

বিধান, (Structure) শারীর যন্ত্রের নির্ম্মাণ।

বিধানতন্ত্ব, (Tissue) যে সকল সূত্রবৎ উপাদান দ্বারা শরীরের ভিন্ন ভিন্ন অংশ নির্ম্মিত হইয়াছে ; নির্ম্মাণোপাদান।

বিধানবিকার, (Organic derangement) শারীরযন্ত্রের নির্ম্মাণবিকৃতি।

বিদ্ধব্রণ, (Punctured wound) পঙ্কচার্ড উণ্ড।

বিনাইন, (Benign) মৃদু প্রকৃতির রোগ ও ঔষধ।

বিনিগ্না, (Benigna) শুভকর।

বিনিগ্ন্যাণ্ট, (Benignant) যে সকল অর্ব্বুদ একবার শস্ত্রক্রিয়া দ্বারা ভাল হইলে আর পুনরায় উত্থিত হয় না।

বিবমিষা, (Nausea) বমনেচ্ছা, হৃল্লাস।

বিবর্ত্তন, (Quickening) কুইক্‌নিং দেখ।

বিস্বিকা, (Pemphigus) পেম্ফিগাস।

বিরিবিরি, (Beriberi) একপ্রকার শোথ রোগ।

বিলিফঃলভিন, (Belifulvine) গোপিত্তের বর্ণক পদার্থ।

বিলিভার্ডিন, (Bilivardin) পিত্তের বর্ণক দ্রব্যে কোন অম্ল সংযোগ হইলে যে উৰ্দ্ধপাতিত পদার্থ জন্মে।

বিলিয়স টেম্পারেমেণ্ট, (Bilious temperament) পিত্তপ্রধান ধাতু।

বিলিয়ারী, (Biliary) পৈত্তিক, পিত্তসম্বন্ধীয়।

বিলীন, (Retrocession) পীড়কাদি বসিয়া বা মিশিয়া যাওয়া।

বিলোপী জ্বর, (Hectic fever) ক্ষয়কর

রোগের শেষাবস্থায় উপদাহ ও দৌর্ব্বল্যজনিত জ্বর ; ক্ষয়জ্বর।

বিলোম, (Inversion) বিপর্য্যয়।

বিশ্লিষ্ট, (Distinct) স্থানচ্যুত, স্বতন্ত্র।

বিষমাত্রা, (Poisonous dose) যে প্রকার মাত্রায় ঔষধ প্রয়োগ করিলে বিষ-ক্রিয়া করে।

বিষবিজ্ঞান, বিষতত্ত্ব, (Toxicology) টক্সিকলজি দেখ।

বিষয়নিষ্ঠ, (Objective) অব্জেকটিভ দেখ।

বিষাদবায়ু, (Melancholia) বিমর্ষতা ও আত্মহত্যার প্রবৃত্তিবিশিষ্ট এক-প্রকার বায়ুরোগ।

বিষ্টম্ভী, যাহাতে পেটভার করে

বিষ্টারী, (Bistoury) ক্ষুদ্র অপ্রশস্ত ছুরিকা বিশেষ ; নালীক্ষতাদি কাটিতে ব্যবহৃত হয়।

বিসমথ, (Bismuth) একপ্রকার ধাতু।

বিসমথম শ্যালবাম, (Sub-nitrate of bismuth) সব্নাইট্রেট অফ বিস-মথ। ইহাকে বিসমথাই নাইট্রাস, বিস্মথাইট্রিশ নাইট্রাসও বলে। বিসমথ ধাতু স্থূলচূর্ণ ২ আং, যবক্ষার দ্রাবক ৪ আং, পরিশ্রুত জল ১ গ্যালান। ক্রিয়া,—সঙ্কোচক, পরি-বর্ত্তক, স্নায়বীয় বলকারক ও আক্ষেপ নিবারক ; অধিক মাত্রায় অপকার-জনক। মাত্রা—৫ হইতে ২০ গ্রেঃ।

বিসমথাই সবনাইট্রাস, (Sub-nitrate of bismuth) সবনাইট্রেট অফ বিস্মথ। গুণ ও মাত্রা উপরোক্ত মত।

বিসমথাই কার্বনাশ, (Carbonate of bismuth) কাব নেট অফ বিস্মথ। বিশুদ্ধ বিসমথ ২ আং, যবক্ষার দ্রাবক ৪ আং, কার্ব্বনেট অফ য়্যামোনিয়া ৬ আং, পরিশ্রুত জল যথা প্রয়োজন।

বিসমথাই অক্সাইডম, (Oxide of bis-muth) অক্সাইড অফ বিসমথ। সবনাইট্রেট অফ বিসমথ ১ পাউঃ সলিউশন অফ সোডা ৪ পাইঃ। ক্রিয়া,—কার্ব্বনেট অফ বিসমথের ন্যায়। মাত্রা,—৫ হইতে ১৫ গ্রেঃ।

বিসমথাই ট্যানাস, (Oxide of bis-muth) অক্সাইড অফ বিসমথ। অক্সাইড অফ বিসমথ ও ট্যানিক য়্যাসিড সহযোগে উৎপন্ন হয়। ইহা উদরাময় রোগে বিশেষ উপকারক। মাত্রা,—২০ হইতে ৬০ গ্রেঃ।

বিসমথাই ভেলিরিয়েনাস, নাইট্রেট অফ

বিসমথ দ্রবে বেলেরিয়েনেট অফ সোডা মিশাইলে ইহা অধস্থ হয়।

বিসন্ধান, (Dislocatiou) ডিস্‌লোকেশন দেখ।

বিসর্প, (Erysipelas) চর্ম্ম ও কখন কখন তাহার নিম্নস্থ বিধানতন্তুর প্রসারণশীল আরক্ত প্রদাহ।

বিসূচিকা, (Cholera) ওলাউঠা।

বীজাণু, (Sporules) অপুষ্পক বৃক্ষে বীজের পরিবর্ত্তে রেণুর ন্যায় পদার্থ।

বীফ, (Beef) গোমাংস।

বীর্য্য, (Active principle) সারাংশ।

বুক্‌, স্ত্রী, বক্ষোঽভ্যন্তরস্থ মাংস বিশেষ; অগ্রমাস।

বুকাগ্রমাংস, ন, হৃদয়।

বুকাস্থি, (Sternum) ষ্টারণম।

বুকুফোলিও, (Buchu leaves) বুকু-লিভস্‌। উত্তমাসা অন্তরীপে জন্মে। ক্রিয়া,—উত্তেজক, মূত্রকারক, স্বেদজনক, বায়ুনাশক, আগ্নেয় ও বলকারক। চূর্ণের মাত্রা,—২০ হইতে ৪০ গ্রেঃ।

বুজি, (Bougie) মূত্রপথের সংবৃতি দূরীকরণার্থ নমনীয় শলাকা বিশেষ।

বুধী, স্ত্রী, জটামাংসী।

বৃংহণ, শুক্রবর্দ্ধক।

বৃক, (Lupus) নাসিকা ও মুখমণ্ডলের রক্তবর্ণ ও প্রসারণশীল পীড়কাবিশিষ্ট রোগ।

বৃক্কক, (Kidney) মূত্রোৎপাদক গ্রন্থি।

বৃক্কক প্রদাহ, (Nephritis) মূত্রোৎপাদন যন্ত্রের প্রদাহ।

বৃক্ককবস্তি প্রদাহ, (Pyelitis) পাইলাইটিস্‌।

বৃদ্ধি, (Hydrocele) অণ্ডকোষ বিবর্দ্ধন, জলদোষ।

বেডসোর, (Bed-sore) শয্যাক্ষত দেখ।

বেনজোইনম, বেনজোইন, লোবান।

বেপথু, (Paralysis agitous) যে পক্ষাঘাতে রোগীর অঙ্গ সর্ব্বদা কাঁপে।

বেপন, (Shaking) কম্পন।

বেবিরিয়া, বেবিরু বীর্য্য; ক্রিয়া.—বলকারক, পর্য্যায়নিবারক ও সঙ্কোচক।

বেবিরাই সল্‌ফস, (Sulphate of baberia) বেবিরু বার্ক স্থূল চূর্ণ ১ পাউঃ, গন্ধকদ্রাবক অর্দ্ধ আং, আর্দ্রচূর্ণ

যথা প্রয়োজন। ক্রিয়া,—বলকারক, আগ্নেয়, পর্য্যায়নিবারক। ১—৫ গ্রেঃ পর্য্যায় বলকারক, ; ৫—৩০ গ্রেঃ পর্য্যায়নিবারক।

বেয়ারবেরি লিভ্‌স, ইউভা আর্সাই নামক ক্ষুদ্র বৃক্ষের পত্র।

বেরিয়ম, ধাতুবিশেষ।

বেরিয়াই ক্লোরাইডম, ক্লোরাইড অফ বেরিয়ম।

বেলকার, (Lancet) ল্যান্সেট, অস্ত্র-বিশেষ, স্ফোটক ও ক্ষতাদি কাটিবার ছুরিকা।

বেলা, বেল, বিল্ব, (Bail) মৃদু বিরেচক, সঙ্কোচক এবং পোষক।

বেলাডোনা, (Belladona) এট্রোপা-বেলেডোনা নামক বৃক্ষের শুষ্ক, সরস পত্র ও মূল। ব্রিটেন দ্বীপে জন্মে। ক্রিয়া,—স্নায়বীয় ও মস্তিষ্ক উত্তেজক, মাদক, আক্ষেপনিবারক, বেদনা-প্রশমক, নিদ্রা এবং মূত্রকারক। বাহ্যপ্রয়োগে বেদনানাশক ও স্পর্শা-পহারক।

বেলোস সাউণ্ড, (Bellow's sound) ভস্ত্রাবৎ শব্দ, হৃৎপিণ্ডের রোগে বা উহাতে অতিশয় রক্তের বেগ হইলে এই শব্দ শুনিতে পাওয়া যায়।

বেলিস পেরিনিস, ইংলিশ ডেইজি ক্ষুপ-বিশেষ।

বেস, (Base) অক্সিজেন, ক্লোরিণ আদি অথবা কোন য়্যাশিডের সহিত যাহা সম্মিলিত হয়। মিশ্র পদার্থের মূল উপাদান। মূলদেশ।

বেসমেন্ট মেম্ব্রেন, (Basement membrane) উপত্বকের নিম্নস্থ একপ্রকার ত্বক্‌।

বোকড়ী, স্ত্রী, বন্ধ্যাস্ত্রী।

বোধজনক স্নায়ু, (Sensatory nerve) ইন্দ্রিয়জ্ঞানসাধক স্নায়ু।

বোধনী, স্ত্রী, পিপ্পলী।

বোধি, পু, পিপ্পল বৃক্ষ।

বোধিবৃক্ষ, পু, অশ্বত্থ বৃক্ষ।

বোধিতরু, পু, অশ্বত্থ গাছ।

বোধিদ্রুম, পু, অশ্বত্থ বৃক্ষ, পিপ্পল।

বোন, (Bone) অস্থি, হাড়।

বোনি, (Bony) অস্থিময়।

বোভিষ্টা, পকফল, ছত্রকবিশেষ।

বোরাক্স, (Borax) অপর নাম বাই-বোরেট অফ সোডা। তিব্বৎ এবং পারস্য দেশের হ্রদের পার্শ্বে এই লবণ দানাকারে সংযত অবস্থায় পাওয়া যায়। সোহাগা। ক্রিয়া—শৈত্যকারক, মূত্রকারক, রজোনিঃসা-

রক, জরায়ুসঙ্কোচক, অম্লনাশক; স্থানিক প্রয়োগে ঈষৎ উগ্রতা সাধক। মাত্রা,—১০ হইতে ৬০ গ্রেঃ।

ব্যবচ্ছেদ, (Dissection) ডিসেক্সন, শবচ্ছেদ।

ব্যাক্টিরিয়ম, (Bacterium) দূষিত জলে ভাসমান আণুবীক্ষণিক জীবাণু বিশেষ। বহুবচন ব্যাক্টিরিয়া।

ব্যাগ, (Bag) কোষ, থলি।

ব্যাটারী, (Battery) তাড়িৎ যন্ত্র।

ব্যাটেল, (Battle) যুদ্ধ।

ব্যাণ্ডেজ, (Bandage) বন্ধন, পটী।

ব্যাপ্টিশিয়া টিংটোরিয়া, ওয়াইল্ড ইণ্ডিগো, আমেরিক বন্য নীল বিশেষ।

ব্যারসমা ক্রিনেটাস, (Buchu) গুল্ম-বিশেষ।

ব্যারাইটা কার্ব্বণিকা, কার্ব্বনেট অফ ব্যারাইটা।

ব্যারাইটা মিউরিয়েটিকা, মিউরিয়েট অফ ব্যারাইটা।

ব্যারাইটা আইওডেটা, আইওডাইড অফ ব্যারাইটা।

ব্যরাইটা য়্যাসেটিকা, য়্যাসিটেট অফ ব্যারাইটা।

ব্যারোমিটার, (Barometer) বায়ুর গুরুত্ব পরিমাপক যন্ত্র; বায়ুমান যন্ত্র।

ব্যালেনাইটিস্, (Balanitis) লিঙ্গমুণ্ডের ঝিল্লির প্রদাহ; মস্তোষ।

ব্যালেনোরিয়া, (Balanorrhœa) লিঙ্গ-মুণ্ডের প্রদাহ, উপপ্রমেহ।

ব্যালোটমেণ্ট, (Ballotement) প্রসব-দ্বারে অঙ্গুলী প্রবেশ করাইয়া ভ্রূণ ঈষৎ উৎক্ষিপ্ত করিয়া তাহার নিম্ন-পতন অনুভব দ্বারা গর্ভ পরীক্ষা।

ব্যাসফাউণ্ড, (Bas-found) মূত্রাশয়ের নিম্নদেশের নিম্নতম অংশ।

ব্যাসিলার, (Basilar) মূত্রদেশ-সম্বন্ধীয় বা তাহাতে অবস্থিত।

ব্যূহতন্ত, (Tissue) টিস্থ দেখ।

ব্রঙ্কাশ, (Bronchus) ব্রঙ্কাই শব্দের এক-বচন।

ব্রঙ্কাই, ব্রঙ্কিয়া, (Bronchi, Brouchia) কণ্ঠনালী হইতে যে সকল নল ফুস্-ফুসে প্রসারিত হইয়াছে।

ব্রঙ্কাইটিস, (Bronchitis) ব্রঙ্কিয়ার প্রদাহ, বায়ুনলীভুজ প্রদাহ।

ব্রঙ্কিওল, (Bronchiole) ক্ষুদ্র বায়ুনলী ভুজ।

ব্রঙ্কিয়াল, (Bronchial) ব্রঙ্কিয়া সংক্রান্ত।

ব্রঙ্কো, (Broncho) বায়ুবাহী নলের সম্বন্ধ বা সংসৃষ্টতাজ্ঞাপক পূর্ব্ব-পদ।

ব্রঙ্কো নিউমোনিয়া, (Broncho-pheumonia) যুগপৎ শ্বাসনলী ও ফুস্‌ফুসের প্রদাহ।

ব্রঙ্কোফণি, (Bronchophony) রোগীর বক্ষঃস্থল, কর্ণ বা আকর্ণন যন্ত্র দ্বারা পরীক্ষা করিলে রোগী যেন নলের ভিতর দিয়া কথা কহিতেছে তাহার শব্দের এরূপ অনুভব।

ব্রঙ্কোরিয়া, (Bronchorhœa) বায়ুনলী হইতে অতিশয় শ্লেষ্মানিঃসরণ।

ব্রঙ্কোসিল, (Bronchocile) গলগণ্ড।

ব্রণ, (Boil) ক্ষুদ্র স্ফোটক।

ব্রণশোথ, (Abcess) প্রদাহ ও বেদনাযুক্ত স্ফীতি, ফোড়া।

ব্রধ্ন, পু, অর্কবৃক্ষ, রোগ বিশেষ, কুঁচকী। (Bubo) কুঁচকী ফুলা, বাঘী।

ব্রাইওনিয়া য়্যালবাম, হোয়াইট ব্রাইওনি, ক্ষুপ বিশেষ।

ব্রহ্মকন্তকা, স্ত্রী, ব্রাহ্মী।

ব্রহ্মকোশী, স্ত্রী, অজমোদা।

ব্রহ্মগর্ভা, স্ত্রী, আদিত্যভক্তা।

ব্রহ্মঘ্নী, স্ত্রী, ঘৃতকুমারী।

ব্রহ্মচারিণী, ব্রহ্মচারণী, স্ত্রী, ভার্গী, ব্রহ্মীশাক, করুণী বৃক্ষ।

ব্রহ্মজটা, স্ত্রী, দমনক বৃক্ষ।

ব্রহ্মণ্য, পু, ব্রহ্মদারু বৃক্ষ, মুঞ্জতৃণ, তুল বৃক্ষ।

ব্রহ্মতীর্থ, ন, পুষ্কর মূল।

ব্রহ্মদণ্ড, পু, ব্রাহ্মণ যষ্টিকা।

ব্রহ্মদন্তী, স্ত্রী, ক্ষুদ্র ক্ষুপ বিশেষ; (গুণ) কটু, উষ্ণ, কফ শোথ ও বায়ুনাশক।

ব্রহ্মদর্ভা, স্ত্রী, যমানিকা।

ব্রহ্মদারু, ন, স্বনামখ্যাত অশ্বত্থাকার বৃক্ষ বিশেষ, গয়াশ্বথ।

ব্রহ্মপত্র, ন, পলাশপত্র।

ব্রহ্মপর্ণী, পৃশ্নিপর্ণী।

ব্রহ্মপবিত্র, পু, কুশ।

ব্রহ্মপাদপ, পু, পলাশ বৃক্ষ।

ব্রহ্মপুত্র, পু, বিষভেদ।

ব্রহ্মপুত্রী, স্ত্রী, বরাহীকন্দ।

ব্রহ্মভূমিজা, স্ত্রী, সিংহলী।

ব্রহ্মমেখল, পু, মুঞ্জ।

ব্রহ্মযষ্টি, স্ত্রী, ভার্গী।

ব্রহ্মরীতি, স্ত্রী, পিত্তলভেদ, বেঙ্গা পিত্তল।

ব্রহ্মবর্দ্ধন, ন, তাম্র।

ব্রহ্মবীজ, ন, পলাশবীজ।

ব্রহ্মবৃক্ষ, পু, পলাশ বৃক্ষ, উড়ুম্বর।

ব্রহ্মশলা, পু, সোমবল্ক, বাবলা।

ব্রহ্মাণী, স্ত্রী, রেণুকা নামক গন্ধদ্রব্য, রাজরীতি।

ব্রহ্মানদী, স্ত্রী, হংসপদী।

ব্রহ্মী, স্ত্রী, কঞ্জিকাবৃক্ষ, শাকভেদ ; (গুণ) ভেদক, স্বরকারী এবং কফপিত্ত-নাশী।

ব্রহ্মোপনেতা, পু, পলাশ বৃক্ষ।

ব্রাইট্স্ ডিজিজ, (Brights disease) মূত্রের অণ্ডলালময়ত্ব, শোথ ও অনার্য্য লক্ষণ বিশিষ্ট বৃক্ক রোগ বিশেষ। এই রোগের আবিষ্কারক ডাক্তার ব্রাইটের নামানুসারে এই নাম হইয়াছে। ব্রাইটাখ্য পীড়া, এল্‌বুমিনুরিয়া দেখ।

ব্রাউ এগিউ, (Brow ague) অৰ্দ্ধকপাল বেদনা।

ব্রাউন, (Brown) কটা রং।

ব্রাহ্মণযষ্টিকা, পু, বামুনহাটী ; (গুণ) রুক্ষ, কটু, তিক্ত, রুচ্য, উষ্ণ, পাচক, লঘু, দীপক, তুবর, গুল্মরক্তবিনাশী, শোথ কাশ কফ শ্বাস পীনসজ্বর ও বায়ুনাশী।

ব্রাহ্মণযষ্টী, স্ত্রী, বামুনহাটি।

ব্রাহ্মণী, স্ত্রী, কঞ্জিকা, পৃক্কা।

ব্রাহ্মিকা, স্ত্রী, ব্রহ্মযষ্টিকা।

ব্রাহ্মী, স্ত্রী, শাকবিশেষ, বিরমী ; (গুণ) হিম, কষায়, তিক্ত, বাতাস্র পিত্ত-নাশী, বুদ্ধি প্রজ্ঞা ও মেধাকর এবং আয়ুর্বৰ্দ্ধক।

ব্রাহ্মীকন্দ, পু, বরাহীকন্দ।

ব্রিমষ্টোন, (Brim stone) গন্ধক।

ব্রুট, (Bruit) বক্ষঃস্থল ও বক্ষঃস্থলস্থ যন্ত্র পীড়াযুক্ত হইলে আকর্ণন দ্বারা যে ভিন্ন ভিন্ন শব্দ শুনিতে পাওয়া যায়।

ব্রুট ডি ডায়েবেল, (Bruit-de-diable) রক্তের পাতলাত্ব ও হীনত্ব বশতঃ গ্রীবার বৃহৎচ্ছেৎ শিরার যে কিশ্ কিশ্ শব্দ শুনিতে পাওয়া যায়।

ব্রুট ডি ফ্রটমেণ্ট, (Bruit-de-frottment) প্রদাহযুক্ত ফুস্ফুস্‌বেষ্টের কর্কশ ও শুষ্ক উপরিভাগ পরস্পর ঘর্ষিত হইয়া যে শব্দ উৎপাদন করে।

ব্রুট-ডি-রেপ, (Bruit-de-rape) কাষ্ঠ-খণ্ডকে উখা দ্বারা ঘর্ষণের ন্যায় উচ্চ কর্কশ ও ভস্ত্রাবৎ শব্দ।

ব্রুট-ডি-সাই, (Bruit-de-scie) করা-তের ন্যায় কর্কশ ও ভস্ত্রাবৎ শব্দ।

ব্রুট-ডি-সুফলেট, (Brult-de-sufflet) কোন প্রতিবন্ধক বশতঃ হৃৎপিণ্ডের রক্তের গতি বাধা প্রাপ্ত হইলে ভস্ত্রার ন্যায় যে শব্দ উৎপন্ন হয়।

ব্রুসিন, (Brucine) কুচিলার উপক্ষার বিশেষ।

ব্রুসিয়া, (Brucia) কুচিলার বীর্য্যবিশেষ ;

(গুণ) ষ্ট্রিক্‌নিয়ার ন্যায়, কিন্তু কাহার কাহার মতে কিছু মৃদু; ইহা কেবল বলকারক ও পর্য্যায়নিবারক। মাত্রা,—অর্দ্ধ হইতে তিন চারি গ্রেণ।

ব্রেইন, (Brain) মস্তিষ্ক, মগজ।

ব্রেকিগ্লটিশ রেপেন্স, মার্কিণ ক্ষুপবিশেষ।

ব্রেক বোন ফিবার, (Break-bone-fever) ডেঙ্গুজ্বর।

ব্রেকিও, (Brachio) বাহু সংস্পৃষ্টতা জ্ঞাপক পূর্ব্বপদ।

ব্রেকিওটমি, (Brachiotomy) বাহুচ্ছেদ।

ব্রেকিয়ন, (Brachion) বাহু।

ব্রেকিয়া, (Brachia) ব্রেকিয়ন শব্দের বহুবচন। করপোড়া কোয়াড্‌রিজেমিনার উভয় পার্শ্ব হইতে অপ্টিক থ্যালেমস্‌ পর্য্যন্ত প্রসারিত শুভ্রবর্ণ পথ দুইটী।

ব্রেকিয়েল, (Brachial) বাহুসম্বন্ধীয়।

ব্রেকিয়্যাল্‌জিয়া, (Brachialgia) বাহুর স্নায়ুশূল বা বেদনা।

ব্রেকিয়্যালিস্‌ (Brachialis) বাহুপেশী।

ব্রেগ্‌মা, (Bregma) মস্তকের উপরিভাগ।

ব্রেষ্ট, (Breast) স্তন, বক্ষঃস্থল।

ব্রেষ্টগ্ল্যাশ, (Brest glass) অতি স্রাবিত স্তনদুগ্ধ গ্রহণার্থে স্তনবৃন্তে প্রয়োগোপযোগী এক প্রকার গ্লাশ।

ব্রোমম, ব্রোমিয়ম, ব্রোমিন, (Bromine) ব্রোমিন; সমুদ্র জলে ইহা অল্প পরিমাণে পাওয়া যায়। ১০০ পাউণ্ড জলে ৩০৩ গ্রেণ মাত্র থাকে। ক্রিয়া,—দাহক, যথাযোগ্য জলের সহিত ব্যবহার করিলে বলকারক, মূত্রকারক, পরিবর্ত্তক ও শোষক।

ব্রোমো হাইড্রিক য়্যাসিড, ব্রোমো হাইড্রিক য়াশিড।

ব্রোমাইড অফ ক্যাম্ফর, (Bromide of camphor) ব্রোমাইড অফ ক্যাম্ফর। ব্রোমিন মিশ্রিত কর্পূর।

ব্রোমাইড অফ কোইনা, ব্রোমাইডমিশ্রিত কোইনাইন।

ব্রোমাইড সোডিয়ম, (Bromide of sodium) ব্রোমিন মিশ্রিত সোডা।

ব্রোমাইড পটাশিয়ম, (Bromide of potasium) ব্রোমাইড অফ পটাশিয়ম। পটাশদ্রব ২ পাইন্ট, ব্রোমিন ৪ আং, অঙ্গার সূক্ষ্মচূর্ণ ২ আং, স্ফুটিত পরিশ্রুত জল ১॥০ পাইন্ট। ক্রিয়া,—পরিবর্ত্তক, উত্তেজক, স্নায়-

বীয়, অবসাদক, শ্রাবণ-ক্রিয়া বর্দ্ধক, জননেন্দ্রিয়ের অবসাদক এবং শ্লৈষ্মিক ঝিল্লীর বিশেষতঃ স্বরযন্ত্রস্থ ও গলমধ্যস্থ ঝিল্লীর স্পর্শাপহারক। মাত্রা—২ হইতে ২০ গ্রেঃ।

ব্রোমাইড অ্যামোনিয়ম, (Bromide of ammonium) অ্যামোনিয়া ও হাইড্রোব্রোমিক অ্যাসিড একত্রযোগে উৎপন্ন হয়। ক্রিয়া,—পরিবর্ত্তক, শোষক এবং শ্লৈষ্মিক ঝিল্লীর উগ্রতাহারক। গলমধ্যস্থ শ্লৈষ্মিক ঝিল্লীতে শেষোক্ত ক্রিয়াটি বিশেষ প্রকাশ পায়। মাত্রা,—২ হইতে ১০।২০ গ্রেঃ।

ব্র্যাঞ্চ, (Branch) ধমনী বা স্নায়ু শাখা; শাখা।

ব্লড, (Blood) রক্ত, ভিনঃস ব্লড (Venous blood) শৈরিক শোণিত, শিরার প্রবাহিত কার্ব্বণময় কৃষ্ণবর্ণ রক্ত। (Arterial blood আর্টিরিয়েল ব্লড) ধামনিক রক্ত ধমনীতে প্রবাহিত ফুস্‌ফুসে অক্সিজেন প্রাপ্ত লোহিতবর্ণ রক্ত।

ব্লড করপসেল্‌স, (Blood corpuscles) রক্তের কণা; ইহা দুই প্রকার—শ্বেত ও লোহিত। রক্তবর্ণ কণিকায় অক্সাইড অফ আয়রণ আছে, ইহা দ্বারা রক্তের লোহিতবর্ণ উৎপন্ন হইয়া থাকে।

ব্লড ভেসেল, (Blood vessel) শিরা ও ধমনী, রক্তবহানাড়ী।

ব্লড লেটিং, (Blood letting) রক্তমোক্ষণ।

ব্লড হিট, (Blood heat) রক্তের স্বাভাবিক তাপ। ফারণ হিট, অর্থাৎ তাপপরিমাণের ৯৮ ডিগ্রী।

ব্লডি ফ্লাক্স, (Bloody flux) রক্তামাশয়।

ব্লারিং, (Blurring) ধূম্রবৎ দর্শন।

ব্লিষ্টার, (Blister) ফোস্কা, ফোস্কা উৎপাদক ঔষধের পটী।

ব্লীডিং, (Bleeding) রক্তস্রাব।

ব্লু, (Blue) নীলবর্ণ।

ব্লু-ডিজিজ, (Blue disease) নীলপাণ্ডু, নীলরোগ, ক্লোরোসিস দেখ।

ব্লেনোরেজিয়া, (Blennorhagia) মূত্রমার্গ বা যোনি সঙ্গমদোষজনিত প্রদাহ বশতঃ শ্লেষ্মাস্রাব; পুরাতন প্রমেহ।

ব্লেনোরিয়া, (Blennorrhœa) শ্লৈষ্মিক ঝিল্লী হইতে অধিক পরিমাণে স্রাব নিঃসরণ; প্রমেহ।

ব্লেফেরণ, (Blepharon) আক্ষিপুট।

ব্লেফেরাইটিস্, (Blepheritis) চক্ষুর পাতার প্রদাহ।

ব্লেফেরাল, (Blepharal) অক্ষিপুট সংক্রান্ত।

ব্লোইং, (Blowing) ফুৎকারবৎ।

ব্ল্যাডার, (Bladder) মূত্রাশয়। তরল পদার্থের আধার ঝিল্লী নির্ম্মিত কোষ, যথা,—গল ব্ল্যাডার, পিত্তকোষ।

ভ।

ভক্ত, ন, অন্ন, ভাত, পঞ্চগুণ জলে সিদ্ধ তণ্ডুল; (গুণ) অগ্নিকর, পথ্য, তর্পণক, রোচক, লঘু।

ভক্তমণ্ড, পুং, ন, অন্নাগ্র বস, ভাতের মাড়।

ভগ, ন, পু, স্ত্রীচিহ্ন, স্ত্রীলিঙ্গ, যোনি। (Vulva) বাহ্য ও দৃশ্যমান স্ত্রীঅঙ্গ, যোনিকপাট,

ভগন্দর, পু, অপানদেশজ ব্রণরোগ বিশেষ।

ভগাঙ্কুর, (Clitoris) পুরুষের লিঙ্গের সদৃশ ভগাধরে লুক্কায়িত বাহ্য স্ত্রী-অঙ্গের অংশ বিশেষ; ভগলিঙ্গ।

ভগাধর, (Labia) বাহ্য স্ত্রীচিহ্ন যে দুই ভাগে বিভক্ত, তাহার এক ভাগ বা ভাজকে ভগাধর বলে। লেবিয়া দেখ।

ভগ্ন, ন, রোগবিশেষ। (Fracture) উপঘাত প্রভৃতিতে অস্থি ভগ্ন হইলে তাহাকে ভগ্ন বলে। চর্ম্ম বিক্ষত না হইয়া অস্থি ভগ্ন হইলে তাহাকে সিম্পেল ফ্র্যাক্চার বা সামান্য ভগ্ন এবং বিক্ষত হইয়া ভগ্ন হইলে তাহাকে কম্পাউণ্ড ফ্র্যাক্চার বা বিমিশ্র ভগ্ন বলা যায়।

ভগ্নসন্ধি, পু, রোগবিশেষ।

ভগ্নসন্ধিক, ন, ঘোল।

ভঙ্গ, পু, রোগবিশেষ, রোগমাত্র।

ভঙ্গবাসা, স্ত্রী, হরিদ্রা।

ভঙ্গা, স্ত্রী, বৃক্ষবিশেষ, শণাখ্য শস্য, ত্রিবৃতা, সিদ্ধি।

ভঙ্গুরতা, সহজে ভাঙ্গিয়া যাওয়ার স্বভাব।

ভঙ্গুরা, স্ত্রী, অতিবিষা।

ভঞ্জনক, পু, মুখরোগ বিশেষ।

ভটা, স্ত্রী, ইন্দ্রবারুণী, রাখালশশা।

ভটিত্র, ন, শূলপক্ক মাংসাদি, কাবাব।

ভণ্টাকী, স্ত্রী, বার্ত্তাকী, বৃহতী, কণ্টকারী।

ভণ্টুক, পু, শ্যোনাক বৃক্ষ।

ভণ্ডিকা, স্ত্রী, মঞ্জিষ্ঠা।

ভণ্ডির, ভণ্ডিল, পু, শিরীষ বৃক্ষ।

ভণ্ডী, স্ত্রী, মঞ্জিষ্ঠা, শিরীষবৃক্ষ।

ভণ্ডীতকী, স্ত্রী, মঞ্জিষ্ঠা।

ভণ্ডীর, পু, সমষ্টিল ক্ষুপ ; তণ্ডূলীয় শাক, শিরীষ বৃক্ষ।

ভণ্ডীরলতিকা, স্ত্রী, মঞ্জিষ্ঠা।

ভণ্ডূক, ভণ্ডূক, পু, শ্যোনাক বৃক্ষ ; মৎস্যবিশেষ ; (গুণ) মধুর, শীতল, বৃষ্য, শ্লেষ্মকর, গুরু, বিষ্টম্ভী, রক্ত-পিত্তহর।

ভদ্র, ন, মুস্তক, কাঞ্চন। পু, কদম্ব, স্নুহী।

ভদ্রক, ন, ভদ্রমুস্তক। পু, দেবদারু।

ভদ্রকণ্ট, পু, গোক্ষুর।

ভদ্রকালী, স্ত্রী, গাঁধালী।

ভদ্রকাশী, স্ত্রী, ভদ্রমুস্তা।

ভদ্রগন্ধিকা, স্ত্রী, মুস্তক।

ভদ্রচূড়, পু, লঙ্কাস্থায়ী, লঙ্কাসিজ।

ভদ্রজ, পু, ইন্দ্রযব।

ভদ্রতরুণী, স্ত্রী, কুব্জক বৃক্ষ।

ভদ্রতিক্তা, স্ত্রী, মহাতিক্তা, মিসমিতিতা, কালমেঘ।

ভদ্রদন্তিকা, স্ত্রী, দন্তী বৃক্ষভেদ, ভদ্রদন্তী ; (গুণ) কটু, উষ্ণ, রেচক, কৃমিশূল কুষ্ঠ আমদোষ তুন্দাময় নাশী।

ভদ্রদারু, ন, পু, দেবদারু, সরলকাষ্ঠ।

ভদ্র দার্ব্বাদিক, পু, ঔষধগণ বিশেষ ; যথা—দেবদারু, কুড়, হরিদ্রা, বরুণ, মেষশৃঙ্গী, বেড়েলা, পীতবেড়েলা, নীল ঝিণ্টী, আলকুশী, সল্লকী বৃক্ষ। এই বৃক্ষের নির্য্যাসকে শিলারস বলে। পারুল, অর্জ্জুনছাল, ঝিণ্টী, গণিয়ারী, গুলঞ্চ, এরণ্ড, পাষাণভেদী, শ্বেত-আকন্দ, আকন্দ, শতমূলী, পুনর্ণবা, বাস্তুক, গজপিপ্পলী, কাঞ্চন বৃক্ষ, বামুনহাটী, কার্পাস, বিছাটী, শিলিকা-শাক, বদর, যব, কুল, কুলথ-কলাই এই সমস্ত দ্রব্য ভদ্র দার্ব্বাদি-গণ নামে খ্যাত।

ভদ্রনমিকা, স্ত্রী, ত্রায়ন্তী বৃক্ষ।

ভদ্রপর্ণা, স্ত্রী, কটম্ভরা বৃক্ষ।

ভদ্রপর্ণী, স্ত্রী, গাম্ভারী, প্রসারণী।

ভদ্রমল্লিকা, স্ত্রী, গবাক্ষী, মল্লিকা বিশেষ, বেলফুল।

ভদ্রমুঞ্জ, পু, মুঞ্জভেদ, রামশর, ; (গুণ) মধুর, তুবা, শিশির, দাহ: তৃষ্ণা বিসর্পাশ্র ও মূত্র বস্তি অক্ষিরোগ নাশী, ত্রিদোষহর, বৃষ্য।

ভদ্রমুস্তক, পু, নাগরমুথা ; (গুণ) কষায়, তিক্ত, শীতল, পাচক, পিত্ত-জ্বর ও কফনাশী এবং সংগ্রাহী।

ভদ্রযব, ন, ইন্দ্রযব।

ভদ্রবৎ, ন, দেবদারু।

ভদ্রবতী, স্ত্রী, ভদ্রপর্ণী।

ভদ্রবর্ম্মা, পু, নবমল্লিকা।

ভদ্রবলা, স্ত্রী, লতাবিশেষ, গন্ধভাদুলে।

ভবল্লিকা, স্ত্রী, গোপবল্লী, অনন্তমূল।

ভদ্রবল্লী, স্ত্রী, মল্লিকা, মাধবীলতা, মদনমালী, হাপরমালী।

ভদ্রশ্রয়, ন, চন্দন।

ভদ্রা, স্ত্রী, রাস্না, পিপ্পলী, প্রসারণী, কটফল, অপরাজিতা, অনন্তা, জীবন্তী, নীলী, বলা, শমী, বচা, দন্তী, হরিদ্রা, শ্বেতদূর্ব্বা, কাশ্মিরী, শারিবা বিশেষ, কাকোডুম্বরিকা।

ভদ্রাল পত্রিকা, স্ত্রী, গন্ধালী, গন্ধভাদুলিয়া।

ভদ্রাবতী স্ত্রী, কটফল বৃক্ষ।

ভদ্রাশ্রয়, পু, চন্দন।

ভদ্রৈলা, স্ত্রী, স্থূলৈলা।

ভদ্রোৎকট, পু, গন্ধভাদুলিয়া।

ভদ্রোদনী, স্ত্রী, বলা, নাগবলা।

ভমিকা, (Vomica) ফুস্‌ফুসের স্ফোটক, ফুস্‌ফুসে পূঁয সঞ্চয়।

ভমিটিং, (Vomitting) বমন।

ভমিটো, (Vomito) কৃষ্ণবর্ণ বমনযুক্ত পীতজ্বর।

ভয়, ন, কুব্জক পুষ্প।

ভয়নাশিনী, স্ত্রী, শ্রীয়মানলতা।

ভরণী, স্ত্রী, ঘোষালতা।

ভরণ্যাহ্বা, স্ত্রী, পর্ব্বপুষ্পী, রামদূতী।

ভরু, পু, স্বর্ণ।

ভর্ৎসপত্রিকা, স্ত্রী, মহানীলী।

ভর্ম্ম, ন, স্বর্ণ, ধুস্তুর।

ভলতা, স্ত্রী, রাজবলা।

ভল্ট, (Vault) শরীরের তোরণাকার অংশ, ঊর্দ্ধদিকে সুব্জ ও নিম্নদিকে কুব্জ।

ভলিউম, (Volume) কোন বস্তু যে দৃশ্যমান স্থান লইয়া অবস্থিতি করে।

ভল্ল (Lance) বর্শা।

ভল্লপচ্ছ, স্ত্রী, গবেশকা, গোরক্ষ তণ্ডুলী।

ভল্লাত, পু, ভল্লাতক বৃক্ষ, ভেলাগাছ।

ভল্লাতক, পু, ভেলার গাছ; (গুণ) কটু, তিক্ত, কষায়, উষ্ণ, কৃমি কফ বাত উদর আনাহ মেহ দুর্নামনাশী। (ফলের গুণ) কষায়, মধুর, কোষ্ণ, কফার্ত্তি শ্রম শ্বাস আনাহ বিবন্ধ শূল জঠরাধ্মান ও কৃমিনাশী। (মজ্জার গুণ) বিশেষ দাহ প্রশমক, পিত্তাপহ, বাত ও অরোচক হারী, দীপ্তিজনক, পিত্তনাশী।

ভল্লাতকী, স্ত্রী, ভল্লাতক বৃক্ষ, ভেলারগাছ।

ভল্লিকা, স্ত্রী, ভল্লাতক বৃক্ষ।

ভল্লী, স্ত্রী, ভল্লাতক বৃক্ষ।

ভল্লূক, পু, শোণাক প্রভেদ।

ভলান্টারী (Voluntary) ঐচ্ছিক, ইচ্ছাক্রমে চালিত।

ভল্‌নারেরী (Vulnerary) বাহ্য উপঘাতাদি আরোগ্যের উপযুক্ত।

ভল্‌পাইন, (Vulpine) শৃগাল সম্বন্ধীয়।

ভল্‌ভাইটিস্‌, (Vulvitis) ভগপ্রদাহ।

ভল্‌ভার, (Vulvar) ভগ-সম্বন্ধীয়।

ভব, ন, ভব্যফল, চালিতা।

ভবদারু, ন, দেবদারু।

ভববীজ, ন, পারদ।

ভবাভীষ্ট, পু, গুগ্‌গুলু।

ভব্য, ন, ফলবিশেষ, চালিতা ; (গুণ) অম্ল, কটু, উষ্ণ, (কাঁচা চালিতার গুণ) বাত ও কফপিত্তাপহ ;(পাকা চালিতার গুণ) মধুরাম্ল, রুচিকর, শ্রমশূলনাশী। অস্থি। পু, কর্ম্মরাঙ্গ বৃক্ষ।

ভব্যা, স্ত্রী, গজপিপ্পলী।

ভষা, স্ত্রী, স্বর্ণক্ষীরী।

ভস্ম, ন, অশ্মরী বিকার।

ভস্মক, ন, রোগবিশেষ, ভস্মকীট নামে খ্যাত ; বিড়ঙ্গ, স্বর্ণ, রৌপ্য।

ভস্মগন্ধা, স্ত্রী, রেণুকা।

ভস্মগন্ধিকা, ভস্মগন্ধিনী, স্ত্রী, রেণুকা।

ভস্মার্ভ, পু, তিনিশ বৃক্ষ।

ভস্মগর্ভা, স্ত্রী, কপিল শিংশপা, রেণুকা নামক গন্ধদ্রব্য।

ভস্মরোহা, স্ত্রী, দগ্ধা বৃক্ষ।

ভস্মবেধক, পু, কর্পূর।

ভস্মাহ্বয়, পু, কর্পূর।

ভক্ষটক, পু, ক্ষুদ্র গোক্ষুরক।

ভক্ষপত্রা, স্ত্রী, নাগবল্লী।

ভক্ষ্যালাবু, স্ত্রী, রাজালাবু, লাউ।

ভাইওলা ওডরেটা, হুইট ভাইওলেট। গুল্মবিশেষ।

ভাইওলা ট্রিকোলার, হার্ট-সইজ, ক্ষুপবিশেষ।

ভাইকেরিয়স, (Vicarius) আস্থানিক, অনুকল্প।

ভাইট্যাল, (Vital) জীবনধারণোপযোগী।

ভাইট্যাল অরগ্যান, (Vital Organ) জীবনযন্ত্র।

ভাইট্যাল এয়ার, (Vital air) অম্লযান বায়ু।

ভাইট্যাল-প্রিন্সিপাল, (Vital Principle) শারীরিক যন্ত্রাদি নিরপেক্ষ জীবনের অপরিজ্ঞাত কারণ ; জীবনশক্তি।

ভাইট্যাল ফ্লুইড, (Vital Fluid) উদ্ভিদের দুগ্ধবৎ সর।

ভাইট্যালিটী, (Vitality) জীবনীশক্তি।

ভাইনাম, (Vinum) আসব, অনুগ্র মদিরা।

ভাইপারা, ভাইপার নামক সর্পের বিষ।

ভাইবারনম অপিউলস, হাইক্রাণবেরি, মার্কিণ গুল্ম বিশেষ।

ভাইবারনম প্রূনিফোলিয়ম, ব্লাকহ গুল্ম বিশেষ।

ভাইব্রেশন (Vibration) পরিদোলন, উৎকম্প।

ভাজন, ন, আটসের পরিমাণ।

ভাণ্ড, পু, গন্ধভাণ্ড বৃক্ষ।

ভাণ্ডীর, পু, বটবৃক্ষ।

ভানু, পু, অর্কবৃক্ষ।

ভানুফলা, স্ত্রী, কদলী।

ভার, পু, বিংশতি তুলা পরিমাণ, ২৫০ সের।

ভারতী, স্ত্রী, ব্রাহ্মী।

ভারদ্বাজী, স্ত্রী, বনকার্পাসী।

ভারবাহী, স্ত্রী, নীলী।

ভারবৃক্ষ, পু, কাক্ষী নামক গন্ধদ্রব্য।

ভার্গবপ্রিয়, পু, হীরক।

ভার্গবী, স্ত্রী, দুর্ব্বা, নীল ও শ্বেতদুর্ব্বা।

ভার্গী, স্ত্রী, বামুনহাটী; (গুণ) কটু, তিক্ত, উষ্ণ, কাস শ্বাস শোথ ব্রণ কৃমি দাহ জ্বর নাশী।

ভার্দ্বাজী, স্ত্রী, বনকার্পাসী।

ভার্য্যাবৃক্ষ, পু, পতঙ্গ বৃক্ষ।

ভাল, ন, ভ্রূদ্বয়ের উর্দ্ধভাগ, কপাল।

ভালদর্শন, ন, সিন্দুর।

ভালঙ্ক, পু, শাকভেদ।

ভাবন, ন, ভাব্যফল, চালিতা।

ভাবীফলতত্ত্ব, (Prognosis) রোগের ফলাফল ও সাধ্যাসাধ্য নির্দ্দেশ।

ভায়লেট, (Violet) লাল ও নীলমিশ্রিত একপ্রকার নীলাভ বেগুণে রং।

ভায়ওলেণ্ট, (Violent) প্রবল।

ভায়াল, (Vial) শিশি।

ভার্টিকেল, (Vartical) দুই অপেক্ষা অধিক পত্র সম্মুখীন ভাবে অবস্থিত।

ভার্টিগো, (Vartigo) যে রোগে আশপাশের সমস্ত বস্তু ঘুরিতেছে এরূপ বোধ হয় এবং রোগী সোজা হইয়া দাঁড়াইতে পারে না; শিরোঘূর্ণন, ভ্রমি।

ভার্টিব্রা (Vartibra) কশেরুকা, মেরুদণ্ডের অস্থি।

ভার্টিব্রি, (Vertibræ) ভার্টিব্রা শব্দের বহুবচন।

ভার্টিবেট, (Vertibrate) কশেরুকার ন্যায় সঙ্কুচিত ও সংযুক্ত।

ভার্টিব্র্যাল, (Vartibral) কশেরুকা সম্বন্ধীয়, কশেরুক।

ভার্টেক্স, (Vertex) মস্তকের শিখর বা সর্ব্বোচ্চ স্থান।

ভার্মিনঃস, (Verminous) কৃমিজনিত।

ভার্মিফরম, (Vermi form) কৃমিসদৃশ।

ফার্মিফিউজ, (Varmifuse) কৃমিঘ্ন, কৃমিনাশক ঔষধ।

ভার্মিশ, (Vermes) কৃমি।

ভার্মিসাইড, (Vermicide) কৃমিঘ্ন ঔষধ।

ভার্ব্বেনা হেষ্টেটা, (Blue vervain) ব্লু ভার্ব্বেন, মার্কিন ক্ষুপবিশেষ।

ভার্সিন, (Versin) ঘুরাইয়া দেওয়া, আবর্ত্তন।

ভাস্থর, ন, কুষ্ঠৌষধি। পু, স্ফটিক।

ভাস্থরপুষ্পা, স্ত্রী, বৃশ্চিকালী।

ভাস্কর, ন, স্বর্ণ। পু, অর্কবৃক্ষ।

ভাস্করেষ্টা, স্ত্রী, আদিত্য ভক্তা।

ভাস্বর, ন, কুষ্ঠৌষধ।

ভাস্বান, পু, অর্কবৃক্ষ।

ভিটিরেনরী, (Veterinary) গৃহপালিত পশু সম্বন্ধীয় ; পাশব।

ভিটিলিগো, (Vitiligo) শ্বেতকুষ্ঠ, ধবল, পাথর।

ভিটিলিগয়ডিয়া, (Vitiligoidea) কথন অর্ব্বুদ কথন পীতবর্ণ চিহ্নবিশিষ্ট এক প্রকার চর্ম্মরোগ, চর্ম্মের নিম্নস্থ মেদাপকৃষ্টতা ও যকৃদ্দোষের সহিত এই রোগ সংসৃষ্ট থাকে।

ভিট্রিয়স, (Vitrious) স্বচ্ছ।

ভিট্রিয়স হিউমার, (Vitrious humour) অক্ষিগোলকের স্বচ্ছ পদার্থ।

ভিডিয়ান নার্ভ, (Vidian nerve) স্ফিনো-প্যালেটাইন স্নায়ুর পশ্চাদ্ভাগের এক শাখা।

ভিণ্ড, ভিণ্ডক, পু, ভিণ্ডা ক্ষুপ।

ভিণ্ডা, স্ত্রী, ক্ষুপবিশেষ, ভিণ্ডী ; (গুণ) অম্ল, উষ্ণ, গ্রাহী এবং রুচিকর।

ভিণ্ডীতক, পু, ক্ষুপবিশেষ, ভিণ্ডী।

ভিদা, স্ত্রী, ধন্যাক।

ভিদুর, পু, প্লক্ষবৃক্ষ।

ভিন্ন, ন, ক্ষতরোগ বিশেষ।

ভিন্নগাত্রিকা, স্ত্রী, কর্কটী।

ভিন্ন ভিন্নাত্মা, পু, চণক।

ভিন্নযোজনী, স্ত্রী, পাষাণভেদক বৃক্ষ।

ভিনাস, (Venous) শৈরিক, শিরা-সম্বন্ধীয়।

ভিনাস পল্‌স, (Venous pulse) শিরা-স্পন্দ।

ভিনাস সিষ্টেম, (Venous system) সমস্ত শিরা, শিরামণ্ডল।

ভিনিগার, (Venegar) শির্কা।

ভিভিসেকশন, (Vivisection) জীবীত জন্তু ব্যবচ্ছেদ।

ভিরাস, (Virus) সংক্রামক বিষ, বসন্তাদির পূয বা বীজ।

ভিরাটিয়া, (Veratia) স্যাবেডিলা ২ পাউঃ, পরিশ্রুত জল যথা প্রয়োজন, লবণদ্রাবকও যথা প্রয়োজন, জান্তব অঙ্গার ৬০ গ্রেঃ। ক্রিয়া—স্নায়বীয় এবং ধামনিক অবসাদক এবং বেদনানিবারক। এতদ্ভিন্ন বিবমিষা, ভেদ ও বমন উৎপাদন করে।

ভিরিণ্টিকা, স্ত্রী, শ্বেত গুঞ্জা।

ভিরুকা, (Verruca) আঁচিল।

ভিরু মণ্টেনাম, (Veru montanum) মূত্রমার্গের প্রারম্ভ স্থলে ক্ষুদ্র উন্নত স্থানবিশেষ।

ভিরুলেণ্ট, (Virulent) অতিশয় বিষাক্ত, সাংঘাতিক।

ভিরুসি, (Verrucæ) ভিরুকা শব্দের বহুবচন।

ভিরোনিয়া বেকেবঙ্গা, ক্রুক লাইম, মার্কিন ক্ষুপ বিশেষ।

ভিলম, (Velum) অবগুণ্ঠন বা আবরণাকার শরীরাংশ।

ভিলাস, (Vellous) দীর্ঘ সরল ও কোমল কেশাবৃত।

ভিল্লতরু, পু, লোধ্র।

ভিল্লী, স্ত্রী, লোধ্র।

ভিলাই, (Villi) লোমবৎ ক্ষুদ্র ক্ষুদ্র উন্নত পদার্থ; ইহা দ্বারা কোন কোন শ্লৈষ্মিক ঝিল্লী আবৃত থাকে।

ভিসভাইটী, (Vis vitæ) জীবনীশক্তি।

ভিসমেডিকেট্রিক্স নেচুরি, (Vismedicatrix naturæ) স্বাভাবিক রোগনিবারণী শক্তি।

ভিসিরা, (Viscera) শরীরের অভ্যন্তরস্থ যন্ত্র, অন্তকোষ্ঠ।

ভিষক্প্রিয়া, স্ত্রী, গুড়ূচী।

ভিষক্জিৎ, ন, ঔষধ।

ভিষক্ভদ্রা, স্ত্রী, ভদ্রদন্তিকা।

ভিষঙ্মাতা, স্ত্রী, বাসক।

ভিক্ষু, পু, শ্রাবণী ক্ষুপ, কোকিলাক্ষ।

ভীমা, স্ত্রী, রোচনাখ্য গন্ধদ্রব্য।

ভীরুক, পু, ইক্ষুভেদ; (হিন্দী) ভোররী।

ভীরুপত্রী, স্ত্রী, শতমূলী।

ভীলভূষণা, স্ত্রী, গুঞ্জা।

ভীষণ, পু, কুন্দুরুক, হিন্তাল, শল্লকী।

ভুক্তিপ্রদ, পু, মুদ্গ।

ভুজঙ্গঘাতিনী, স্ত্রী, বৃক্ষবিশেষ, কঙ্কালিকা।

ভুজঙ্গজিহ্বা, স্ত্রী, মহাসঙ্গমা।

ভুজঙ্গম, ন, সীসক।

ভুজঙ্গলতা, স্ত্রী, নাগবল্লী।

ভুজঙ্গবল্লী, স্ত্রী, নাগবল্লী।

ভুজঙ্গাখ্য, পু, নাগকেশর।

ভুজঙ্গাক্ষী, স্ত্রী, রাস্না।

ভূকদম্ব, পু, অলম্বুষা, ভুঁইকদম, থুলকুঁড়ি, কুকসিমা। পু, যমানী।

ভূকন্দ, পু, মহা শ্রাবণিকা, থুলকুঁড়ি, বাসক, কুকসিমা।

ভূকর্ব্বুদারক, পু, বৃক্ষবিশেষ; (হিন্দী) ছোটাল সোড়া; (গুণ) মধুর, কৃমি-শূলনাশক, বাতপ্রকোপক, কিঞ্চিৎ শীত, স্বর্ণমারক।

ভূকুম্বী, স্ত্রী, ভূপাটলী।

ভূকুষ্মাণ্ডী, স্ত্রী, বিদারী।

ভূকেশ, পু, শৈবাল, বট।

ভূকেশী, স্ত্রী, আবলগুজ।

ভূখর্জ্জূরী, স্ত্রী, ক্ষুদ্রখর্জুরী; (গুণ) মধুর, শিশির, দাহপিত্তহর।

ভূগর, ন, বিষ।

ভূজম্বু, স্ত্রী, গোধূম, বিকঙ্কত ফল, ভূমি জম্বু।

ভূতকেশ, পু, স্বনামখ্যাত তৃণ, গোলোমী।

ভূতকেশী. স্ত্রী, ভূতকেশ, শেফালিকা, নীল সিন্দুবার।

ভূতগন্ধা, স্ত্রী, মুরা নামক গন্ধদ্রব্য।

ভূতঘ্ন, পু, রসুন, ভূর্জবৃক্ষ।

ভূতঘ্নী, স্ত্রী, তুলসী ও মুণ্ডিতিকা।

ভূতজটা, স্ত্রী, জটামাংসী।

ভূতদ্রাবী, পু, ভূতাঙ্কুশ বৃক্ষ, রক্ত করবীর।

ভূতদ্রুম, পু, শ্লেষ্মান্তক বৃক্ষ।

ভূতনাশন, ন, রুদ্রাক্ষ। পু, ভল্লাতক, সর্ষপ।

ভূতপত্রী, স্ত্রী, তুলসী।

ভূতপুষ্প, স্ত্রী, শ্যোনাক বৃক্ষ।

ভূতমারী, স্ত্রী, চাড়ানামক গন্ধদ্রব্য।

ভূতলিকা, স্ত্রী, পৃক্কা।

ভূতবাস, পু, কলিদ্রুম, বহেড়া গাছ।

ভূতবিক্রিয়া, স্ত্রী, অপস্মার রোগ।

ভূতবৃক্ষ, পু, শাখোট বৃক্ষ, শ্যোনাক বৃক্ষ।

ভূতবেশী, শ্বেত শেফালিকা।

ভূতসঞ্চার, পু, ভূতোন্মাদ রোগ।

ভূতসার, পু, শ্যোনাক প্রভেদ।

ভূতহন্ত্রী, স্ত্রী, নীলদুর্ব্বা, বন্ধ্যা কর্কোটী।

ভূতহর, পু, গুগ্‌গুলু।

ভূতহারী, ন, দেবদারু।

ভূতাঙ্কুশ, পু, স্বনামখ্যাত বৃক্ষ; (গুণ) তীব্রগন্ধ, উৎকট, উষ্ণ, ভূতগ্রাহী দোষঘ্ন, কফবাত নিকৃন্তক।

ভূতারি, ন, হিঙ্গু।

ভূতালী, স্ত্রী, ভূপাটলী, মূষলী।

ভূতাবাস, পু, বিভীতক বৃক্ষ।

ভূতি, স্ত্রী, বৃদ্ধি ঔষধ, রোহিষ তৃণ, ভূতৃণ।

ভূতিক, ন, ভূনিম্ব, কতৃণ, কটফল, যমানী, কর্পূর। পু, যমানী।

ভূতীক, ন, ভূনিম্ব, যমানী, ভূস্তৃণ, কর্ত্তৃণ।

ভূতৃণ, ন, গন্ধতৃণ, গন্ধখড়, রাম কর্পূর, শর, শ্যাম। পু, ভূস্তৃণ, সুগন্ধ রোহিষ; (গুণ) কটু, তিক্ত, বাত সমূহ ভূতগ্রহাবেশ দারুণ বিষদোষ নাশী।

ভূত্তম, ন, সুবর্ণ।

ভূদরীভবা, স্ত্রী, আখুকর্ণী।

ভূধাত্রী, স্ত্রী, ভূম্যামলকী।

ভূনাগ, পু, উপসর বিশেষ; (গুণ) বজ্র মারক, নানা বিজ্ঞানকর, রসজারক, উহার রস বিষনাশক।

ভূনিম্ব, ন, চিরাতা; (গুণ) বাতিক, তিক্ত, কফ পিত্তজ্বরাপহ, ব্রণ সংরোপক, পথ্য, কুষ্ঠ কণ্ডূতি শোক নাশী।

ভূনিম্বাদি গণ, পু, চিরাতা, মুথা, গুলঞ্চ ও শুঁঠ।

ভূনীপ, পু, ভূমি কদম্ব।

ভূপতি, পু, ঋষভক।

ভূপদী, স্ত্রী, মল্লিকা।

ভূপলাশ, পু, বৃক্ষভেদ, বিশালী।

ভূপাটলী, স্ত্রী, বৃক্ষবিশেষ; (হিন্দী) ভূযাতনী; (গুণ) কটু, উষ্ণ, পারদে প্রয়োজক।

ভূপেষ্ট, পু, রাজাদন বৃক্ষ।

ভূমিকদম্ব, পু, ভূঁই কদম, ভূনীপ, ভূমিজ; (গুণ) কটু, উষ্ণ, বৃষ্য, হিম, কষায়, তিক্ত, পিত্তঘ্ন, বীর্য্যবৃদ্ধিকর, দোষহর।

ভূমিকুষ্মাণ্ড, পু, স্বনামখ্যাত গুল্ম, ভুঁই কুমড়া।

ভূমিখর্জূরিকা, স্ত্রী, ক্ষুদ্র খর্জূরিকা, খেজুর; ইহা বিবিধ—স্বাদী, দুরারোহা, মৃদুচ্ছদা; (গুণ) শীত, মধুর, স্নিগ্ধ, রুচিকর, হৃদ্য, ক্ষতক্ষয়হর, গুরু, তর্পণক, রক্তপিত্তঘ্ন, পুষ্টি বিষ্টম্বী শুক্রদ, কোষ্ঠ মারুৎকৃৎ বল্য, বাহ্যবাত কফাপহ, জ্বরাভিঘাত ক্ষুতৃষ্ণা শ্বাসকাস নিবারক, মদমূর্চ্ছা মরুৎ পিত্ত মদ্যোদ্ভূত রোগ নাশক; (খেজুর রসের গুণ) মদপিত্তকর, বাতশ্লেষ্মহর, রুচ্য, দীপক, বলশুক্রকর।

ভূমিখর্জুরী, স্ত্রী, ক্ষুদ্র খর্জুরী, খেজুর।

ভূমিচম্পক, পু, পুষ্পবৃক্ষ বিশেষ, ভুঁইচাঁপা।

ভূমিজ, ন, গৌর সুবর্ণ। পু, ভূমিকদম্ব।

ভূমিজ গুগ্গুলু, পু, আশাপুর গুগ্গুলু; (গুণ) তিক্ত, ক টু উষ্ণ

কফবাতনাশী, উমাপ্রিয়, ভূতঘ্ন, মেধ্য, সৌরভদ।

ভূমিজম্বু, স্ত্রী, ভুজম্বু, ক্ষুদ্র জম্বু; (গুণ) কষায়, মধুর, পিত্তশ্লেষ্মানাশী, রুচ্য, সংগ্রাহী, হৃৎকণ্ঠদোষনাশী, বীর্য্যপুষ্টিদ।

ভূমিজম্বুকা, স্ত্রী, ভূমিজম্বু, বনজাম, কালজাম।

ভূমিপিশাচ, পু, তালবৃক্ষ।

ভূমিমণ্ড, পু, অষ্টপাদিকা, হাপরমালী।

ভূমিমণ্ডপ-ভূষণা, স্ত্রী, মাধবীলতা।

ভূমিসহ, পু, বৃক্ষবিশেষ; (হিন্দী) ভূঃরসহ; (গুণ) শিশির, রক্তপিত্ত-প্রসাদক।

ভূম্যামলকী, স্ত্রী, ক্ষুপবিশেষ, ভূঁই-আমলা; (গুণ) বাতকর, তিক্ত, কষায়, মধুর, হিম, পিপাসা কাস পিত্তত্বক্ কফ পাণ্ডু ও ক্ষত নাশী।

ভূম্যামলী, স্ত্রী, ক্ষুপবিশেষ, ভুঁইআমলা; (গুণ) কষায়, অম্ল, পিত্ত মেহ নাশী, শিশির, মূত্ররোধার্ত্তিশমনক।

ভূম্যাহল্যা, ন, ক্ষুপবিশেষ; (হিন্দী) ভূফিৎখড়; (গুণ) তিক্ত, কটু, জ্বর কুষ্ঠ আম সিধ্ম নাশী।

ভূরুণ্ডা, স্ত্রী, ভূমিখর্জ্জুরী।

ভূরি, ন, স্বর্ণ।

ভূরিগন্ধা, স্ত্রী, পুরানামক গন্ধদ্রব্য।

ভূরিছল্লী, স্ত্রী, বৃশ্চিকালী।

ভূরিপত্র, পু, উখব্বল তৃণ।

ভূরিপলিতদা, স্ত্রী, পাণ্ডুরফলী।

ভূরিপুষ্পা, স্ত্রী, শতপুষ্পা।

ভূরিফেনা, স্ত্রী, সপ্তলা বৃক্ষ, চামারকষা।

ভূরিমল্লী, স্ত্রী, অম্বষ্ঠা।

ভূরিবলা, স্ত্রী, অতিবলা।

ভূরুণ্ডী, স্ত্রী, শ্রীহস্তিনী বৃক্ষ, হাতিশুঁড়া।

ভূর্জ, পু, স্বনামখ্যাত বৃক্ষ; (গুণ) কটু, উষ্ণ, কষায়, ভূতরক্ষাকর, ত্রিদোষ-শমনক, পথ্য, দুষ্ট কৌটিল্য নাশী, কর্ণরোগ পিত্তরাক্ষসমেদ বিষহর।

ভূর্জপত্র, স্বনামখ্যাত বৃক্ষ।

ভূলগ্না, স্ত্রী, শঙ্খপুষ্পী।

ভূবদরী, স্ত্রী, ক্ষুদ্রকোলী; (হিন্দী) ঝড়বের; (গুণ) মধুরাম্ল, কফবাত ও বিকারহর, পথ্য, দীপক, পাচক, রুচ্য, কিঞ্চিৎ পিত্তাস্রকর।

ভূশীতল, (Land scurvy) রক্তের ও কৈশিকা নাড়ীর পুরাতন বিকৃতাবস্থা জনিত দন্তমূলের স্রাস্তরতা ও উহা হইতে রক্তস্রাব, গাত্রত্বকের নিম্নে রক্ত নিঃস্রব এবং চর্ম্মের মলিন ধূম্রবর্ণবিশিষ্ট এক প্রকার রোগ, এই রোগ জলবাসে না জন্মিলে ইহাকে ভূশীতাদ বলে।

ভূশেলু, পু, ভূকর্ব্বুদারক।

ভূস্তৃণ, ন, ভূস্তৃণ ; (গুণ) কটু, তিক্ত, তীক্ষ্ণোষ্ণ, রোচক, লঘু, বিদাহী, দীপক, রুক্ষ, মুখশোধক, পিত্তরক্ত-প্রদূষক, অবৃষ্য এবং বহু বিকট।

ভৃঙ্গ, ন, গুড়ত্বক, অভ্রক। পু, ভৃঙ্গরাজ।

ভৃঙ্গজ, ন, অগুরু।

ভৃঙ্গজা, স্ত্রী, ভার্গী।

ভৃঙ্গপর্ণিকা, স্ত্রী, সূক্ষ্মেলা।

ভৃঙ্গপ্রিয়া, স্ত্রী, মাধবী লতা।

ভৃঙ্গমল্লিকা, স্ত্রী, ভ্রমরচ্ছল্লী।

ভৃঙ্গরজঃ, ভৃঙ্গরজা, পু, ভৃঙ্গরাজ।

ভৃঙ্গরাজ, পু, ক্ষুপবিশেষ, ভীমরাজ ; (গুণ) তিক্ত, উষ্ণ, চক্ষুষ্য, কেশরঞ্জক, কটু, রুক্ষ, কফবাতহর, কেশ্য, কৃমি শ্বাস কাস ও শোথনাশক।

ভৃঙ্গবল্লভ, পু, ধারাকদম্ব, ভূমিকদম্ব।

ভৃঙ্গবল্লভা, স্ত্রী, ভূমিজম্বু।

ভৃঙ্গসোদর, পু, কেশরাজ।

ভৃঙ্গানন্দা, স্ত্রী, যূথিকা।

ভৃঙ্গাভীষ্ট, পু, আম্রবৃক্ষ।

ভৃঙ্গার, ন, লবঙ্গ, সুবর্ণ। পু, ভৃঙ্গরাজ।

ভৃঙ্গারি, স্ত্রী, কেবিকা পুষ্প।

ভৃঙ্গাহ্ব, পু, জীবক, ভৃঙ্গরাজ।

ভৃঙ্গাহ্বা, স্ত্রী, ভ্রমরচ্ছল্লী।

ভৃঙ্গিনী, স্ত্রী, বটীবৃক্ষ।

ভৃঙ্গী, স্ত্রী, অতিবিষা। পু, বটবৃক্ষ।

ভৃঙ্গীফল, পু, আম্রতক বৃক্ষ।

ভৃঙ্গেষ্টা, স্ত্রী, ঘৃতকুমারী, ভার্গী, তরুণী, কাকজম্বু।

ভেক্টিস, (Vectis) গর্ভস্থ জ্রূণ জীবিত টানিয়া বাহির করিবার অস্ত্রবিশেষ।

ভেকপর্ণী, ভেকী, স্ত্রী, মণ্ডূকপর্ণী।

ভেদক, স্ত্রী, বিরেচক ঔষধাদি।

ভেদন, ন, হিঙ্গু।

ভেদী, পু, অম্লবেতস।

ভেষজ, ন, ঔষধ।

ভেগস, (Vagus) ফুস্ফুস্, পাকাশয়িক স্নায়ু।

ভেজিটেটিভ, (Vegetative) পোষণ বা বর্দ্ধন সম্বন্ধীয়।

ভেজিটেবল, (Vegetable) উদ্ভিজ্জ।

ভেজিটেরিয়েন, (Vegetarian) উদ্ভিজ্জ-ভোজী, নিরামিষ ভোজী।

ভেণ্টিলেশন, (Ventilation) বিশুদ্ধ বায়ু প্রদান ক্রিয়া, ব্যজনক্রিয়া।

ভেণ্ট্রিকল, (Ventricle) শরীরস্থ ক্ষুদ্র ক্ষুদ্র গহ্বর, কোটর।

ভেন, (Vein) শিরা, স্পন্দনহীন কৃষ্ণবর্ণ রক্তবহা নাড়ী।

ভেনলেট, (Vein-let) ক্ষুদ্র শিরা, শিরার শাখা।

ভেনা, (Vena) শিরা।

ভেনাকেভা, (Venacava) মহাশিরা।

ভেনাপোর্টি, (Venaportæ) যকৃৎ-দ্বারস্থ বৃহৎ শিরা।

ভেনিরিয়েল, (Venerial) রতিজ, মৈথুন-সম্বন্ধীয়।

ভেনিরিয়েল ডিজিজ, (Venerial disease) উপদংশ প্রমেহাদি রতিজ পীড়া।

ভেনিসেক্সন, (Venesection) রক্তমোক্ষণার্থ শিরাচ্ছেদ।

ভেনোসিটী, (Venosity) রক্তে শৈরিক রক্তের আধিক্য ও তজ্জন্য রক্তের মন্দগতি।

ভেপার, (Vapor) বাষ্প, ধূম।

ভেপার বাথ, (Vapor bath) ভাপরা, বাষ্পস্নান।

ভেরাইটিস, (Varieties) প্রকারভেদ।

ভেরিওলা, (Variola) বসন্ত, মসূরিকা।

ভেরিওলয়েড. (Varioloid) গোবীজে টীকা দিলে যে বসন্ত উঠে, উপবসন্ত।

ভেরিক্স, (Verix) শীরার স্ফীতি।

ভেরিকোজ, (Vericose) শিরার স্ফীতিযুক্ত।

ভেরিকোসিল, (Vericocile) শুক্রবাহী শিরাগুচ্ছ, অথবা অণ্ডকোষের স্ফীতি, শিরার্ব্বুদ।

ভেরিকোসিস, (Vericosis) শিরার স্ফীতাবস্থা।

ভেরিসিস, (Verices) শিরার স্ফীত বা প্রসারিত অবস্থা।

ভেরিসেলা, (Vericella) পানবসন্ত, জলবসন্ত।

ভেরুকা, (Verucca) আঁচিল।

ভেলেরিয়ানা, (Velerian root) ভেলেরিয়েন রুট। ইহা ইউরোপ খণ্ডে জন্মে। ক্রিয়া—স্নায়বীয় উত্তেজক ও আক্ষেপনিবারক; অল্পমাত্রায়—স্নায়বীয় ক্রিয়ার স্থৈর্য্য ও সমতা সম্পাদক। অধিক মাত্রায়—শিরঃপীড়া, শিরোঘূর্ণন, বিবমিষা ও অস্থিরতাদি লক্ষণ প্রকাশ পায়। মাত্রা—চূর্ণের ১০ হইতে ৩০ গ্রেঃ।

ভেসিকা, (Vesica) কোষ, আধার।

ভেসিকিউলি, (Vesiculæ) জলপূর্ণ পীড়কাবিশিষ্ট চর্ম্মরোগ, কোষ।

ভেসিকিউলি সেমিন্যালিস, (Vasiculæ seminalis) শুক্রকোষ, শুক্রাধার।

ভেসিকেটরী, (Vasicatory) ফোস্কাকারক।

ভেসিক্যাণ্ট, (Vasicant) ব্লিষ্টার।

ভেসিকেল, (Vesicle) স্বচ্ছ জলবৎ-রস-

পূর্ণ পীড়কা। ফোস্কা, ক্ষুদ্রকোষ, ঝিল্লিময় ক্ষুদ্র গহ্বর।

ভেসিকো, (Vesico) মূত্রাশয়সম্বন্ধসূচক উপপদ।

ভেসিকো ভ্যাজাইন্যাল, (Vesico-vaginal) মূত্রাশয় ও যোনীসম্বন্ধীয়।

ভেসিক্যাল, (Vesical) মূত্রাশয়িক।

ভেসেল, (Vessel) রসরক্তাদি বাহী নাড়ী।

ভোক্যাল, (Vocal) স্বরসম্বন্ধীয়।

ভোগীবল্লভ, ন, চন্দন।

ভোজ্যসম্ভব, পু, শরীরস্থ রস ধাতু।

ভোমার, (Vomer) নাসাফলাস্থি।

ভোলিশন, (Volition) ইচ্ছা।

ভোলিশন্যাল মোটর, (Volitional motor) যে সকল স্নায়ুসূত্র ইচ্ছা ও পেশীর মধ্যে প্রণালীস্বরূপ কার্য্য করে তাহাদের বিশেষণ রূপে এই শব্দ ব্যবহৃত হইয়া থাকে।

ভোলেটাইল, (Volatile) উদ্বায়ী, যাহা খোলা থাকিলে সূক্ষ্মাকারে বাতাসে উড়িয়া যায়।

ভৌতিক, ন, মুক্তা। (Physical) জড়-দেহ সম্বন্ধীয়।

ভৌম, পু, রক্তপুনর্নবা।

ভৌমরত্ন, ন, প্রবাল।

ভ্যাক্সাইন লিম্ফ, (Vaccine Lymph) গোবসন্তের বীজ।

ভ্যাক্সিনেটর, (Vaccinator) গো-বীজে টীকা দান।

ভ্যাক্সি, (Vacci) গোবসন্তের বিশেষ বীজ।

ভ্যাক্সিনেশন, (Vaccination) গো-বীজে টীকা দান, গোমসূর্য্যাধান।

ভ্যাক্‌সিনিয়া, (Vaccinea) গোবসন্ত বা গোবীজে টীকা দান জনিত বসন্ত।

ভ্যাজাইনা, (Vagina) অপত্যপথ, যোনি।

ভ্যাজাইনাইটিস্, (Vaginitis) যোনি-প্রদাহ।

ভ্যাজাইনিস্‌মস, (Vaginismus) যোনি-মুখের অনৈচ্ছিক আক্ষেপিক অবরোধ ও তজ্জন্য সঙ্গমক্রিয়ার অসমর্থতা।

ভ্যাজাইন্যাল, (Vaginal) যোনিসম্বন্ধীয়, যৌন।

ভ্যাল্‌ভ, (Valve) তরল পদার্থের গতিসাধক ও প্রতিগতি নিবারক ঝিল্লিময় দ্বিভাগ কপাট।

ভ্যাল্‌ভিউল, (Valvule) ক্ষুদ্র ভ্যাল্‌ভ।

ভ্যাল্‌ভিউলার, (Valvulor) ক্ষুদ্র ভ্যাল্‌ভ।

ভ্যালি, (Valley) ক্ষুদ্র মস্তিষ্ক বিভেদক গহ্বর।

ভ্যাস, (Vas) রক্তাদিবহা নাড়ী।

ভ্যাসা, (Vasa) ভ্যাস শব্দের বহুবচন।

ভ্যাস্কিউলার, (Vascular) রক্তবহা নাড়ী পূর্ণ বা তৎসম্বন্ধীয়।

ভ্যাস্কিউলার সিষ্টেম, (Vascular system) রক্তবহানাড়ীমণ্ডলী।

ভ্যাসডেফারেন্স, (Vasdeferense) অণ্ডকোষের শুক্রস্রাবী নাড়ী; ইহা ১৮ ইঞ্চ লম্বা।

ভ্যাসিফরম, (Vasiform) রক্তবহা নাড়ীর পেশীময় আবরণের ক্রিয়াজনক স্নায়ু সম্বন্ধীয়।

ভ্যাসোমোটার নার্ভ, (Vasomotor nerve) যে সকল স্নায়ু দ্বারা ধমনী এবং শিরাদির সঙ্কোচন ও প্রসারণ কার্য্য সমাধা পায়।

ভ্রংশ, (Prolapsus) সরলান্ত্র, জরায়ু প্রভৃতির স্থান ভ্রষ্টতা।

ভ্রমরছল্লী, স্ত্রী, লতাবিশেষ; (গুণ) কটু, তিক্ত, দীপক ও রোচক।

ভ্রমরপ্রিয়, ন, ধারাকদম্ব।

ভ্রমরমারী, স্ত্রী, মালবদেশজ পুষ্পবৃক্ষ বিশেষ; (গুণ) তিক্ত পিত্তশ্লেষ্ম জ্বর নাশক, শোথ কণ্ডূতি কুষ্ঠ ব্রণ দোষ ও ত্রিদোষ নাশক।

ভ্রমরা, স্ত্রী, ভ্রমরচ্ছল্লী।

ভ্রমরাতিথি, পু, চম্পক।

ভ্রমরানন্দ, পু, বকুল, মতিমুক্তক, রক্তাম্লান।

ভ্রমরা, স্ত্রী, জতুকা, পুষ্পদাত্রী।

ভ্রমরেষ্ট, পু, শ্যোনাকভেদ।

ভ্রমরোৎসবা, স্ত্রী, মাধবীলতা।

ভ্রাজক, ন, পিত্তবিশেষ।

ভ্রান্ত, পু, রাজধুস্তুর।

ভ্রামক, পু, চুম্বক প্রস্তর।

ভ্রামর, ন, ভ্রমরজাত মধু; (গুণ) পিচ্ছিল, রুক্ষ, মধুর, মুখজাড্য নাশী।

ভ্রূণ, (Foetus) তৃতীয় চতুর্থ মাস হইতে প্রসব পর্য্যন্ত গর্ভস্থ সন্তান।

ভ্রূণাঙ্কুর ঝিল্লি, (Lurminal membrane) অণ্ডকুসুম আবরক পাতলা ঝিল্লি বিশেষ।

ম।

ম, পু, বিষ, (Maw) পশ্বাদির পাকস্থলী।

মকর, পু, জলজন্তু বিশেষ।

মকরধ্বজ, পু, রসসিন্দুর বিশেষ। চন্দ্রোদয় ; (গুণ) রতিশক্তিবর্দ্ধক, পথ্য, আনন্দদায়ী, বলীপলিতনাশী, বয়ঃস্তম্ভক এবং সমস্ত রোগ নাশক।

মকরন্দ, পু, পুষ্পরস, মধু, কুন্দ পুষ্পবৃক্ষ।

মকরন্দবতী, স্ত্রী, পাটলা পুষ্প।

মকরাকার, পু, ষড়্‌গ্রন্থ, কাঁটাকরঞ্জ।

মকুর, পু, বকুল।

মকুল, পু, ন, বকুল, মুকুল, (Bud) প্রকাশোন্মুখ কলিকা।

মকুষ্টক, পু, বনজাত মুদ্গ, মুগানি ; (গুণ) কষায়, মধুর, রক্তপিত্ত দাহ নাশক, পথ্য, রুচিকর, সর্ব্বদোষ জয়কর, বাতল, গ্রাহী, কফপিত্তহর, লঘু, পাকে কৃমি জ্বর নাশক।

মকুষ্ট, পু, ব্রীহিভেদ।

মকুষ্টক, পু, বনমুদ্গ।

মকুলক, পু, দন্তীবৃক্ষ।

মক্কল্ল, পু, সূতিকাবস্থায় হৃদয়াদিতে বেদনা বিশেষ, শূলরোগ বিশেষ।

মক্কুল, স্ত্রী, শিলাজতু।

মখান্ন, খাদ্যবীজ ভেদ। মাখনা ; (গুণ) পদ্ম বীজের তুল্য।

মাগধা, মগদোদ্ভবা, স্ত্রী, পিপ্পলী।

মগ্নাবস্থা, (Remission) বিরাম।

মঘা, স্ত্রী, ঔষধবিশেষ।

মঘী, স্ত্রী, ধান্যভেদ, মঘাই ধান।

মঙ্গচ্ছায়, পু, প্লক্ষবৃক্ষ।

মঙ্গলপ্রদা, স্ত্রী, হরিদ্রা।

মঙ্গলা, স্ত্রী, শুক্লদূর্ব্বা, করঞ্জভেদ, হরিদ্রা, নীল দূর্ব্বা।

মঙ্গলাগুরু, ন, অগুরুবিশেষ।

মঙ্গল্য, ন, দধি, চন্দন, মঙ্গল্যাগুরু, স্বর্ণ, সিন্দুর। পু, ত্রায়মানা, অশ্বথ, বিল্ব, মসূরক, জীবক, নারিকেল, কপিত্থ, রিটাকরঞ্জ।

মঙ্গল্যক, পু, মসূর।

মঙ্গল্যকুসুমা, স্ত্রী, শঙ্খপুষ্পী।

মঙ্গল্যনামধেয়া, স্ত্রী, জীবন্তী।

মঙ্গল্যা, স্ত্রী, মল্লিকার ন্যায় গন্ধযুক্ত-অগুরু, শমী, অধঃপুষ্পী, মিসী, শুক্ল-বচা, রোচনা, প্রিয়ঙ্গু, শঙ্খ পুষ্পী, মাষপর্ণী, জীবন্তী, ঋদ্ধি, বচা, হরিদ্রা, চীড়া, দূর্বা।

মজ্জফল, ন, মাজুফল (Gull)।

মজ্জসমুদ্ভব, ন, শুক্র।

মজ্জা, স্ত্রী, অস্থিমধ্যস্থ স্নেহবিশেষ; (গুণ) বল শুক্র রস শ্লেষ্ম মেদ মজ্জা বিবর্দ্ধক। স্ত্রী, অস্থিসার; (গুণ) বাতনাশী, বলপিত্তকফপ্রদ, মাংসতুল্য গন্ধরূপ; (কুম্ভীর মহিষ মজ্জার গুণ) মধুর, বৃংহণক, বল্য, শৈত্য এবং উষ্ণ। (Marrow) মেতুলা।

মজ্জাজ, পু, ভূমিজ গুগ্‌গুলু।

মজ্জাধমনী, (Medullary arteries) যে সকল ধমনী অস্থির মজ্জা মধ্যে প্রবিষ্ট হয়।

মজ্জাসার, ন, জাতিফল।

মঞ্জর, ন, মুক্তা, তিলক বৃক্ষ।

মঞ্জরী, স্ত্রী, তুলসী, মুক্তা, তিলক বৃক্ষ।

মঞ্জরীনম্র, পু, বেতস বৃক্ষ।

মঞ্জিফলা, স্ত্রী, কদলী।

মঞ্জিষ্ঠা, স্ত্রী, স্বনামখ্যাত রক্তবর্ণ লতা; (গুণ) মধুর, কষায়, উষ্ণ, গুরু, ব্রণ মেহ জ্বর শ্লেষ্ম বিষনেত্রময় নাশী। ইহা চারি প্রকার; যথা—চোল, যোজনী, কৌন্তী এবং সিংহলী; কুষ্ঠ, স্বরভঙ্গ শোথ নাশী বর্ণ ও অগ্নিকর, মধুর, অতিক্ত, কষায়, স্বর্ণবর্ণকৃৎ, গুরু, উষ্ণ, বিষশ্লেষ্মনাশী, রক্তাতিসার কুষ্ঠাস্র বিসর্প ও ব্রণনাশক।

মঞ্জী, স্ত্রী, মঞ্জরী।

মঞ্জূষা, স্ত্রী, স্বনামখ্যাত রক্তবর্ণা লতা।

মডিওলাস, (Modiolous) কর্ণের শম্বুকাকার গহ্বরের মধ্যদণ্ড, চক্রের নাভীদেশ।

মডিফায়েড, (Modified) রূপান্তরিত।

মড়ক, পু, শস্তভেদ, মেড়ুয়া।

মণি, পু, স্ত্রী, মুক্তাদি; (গুণ) শীতল, কষায়, স্বাদু, লেখনক, চক্ষুস্য, ধারণাশক্তিকর এবং পাপলক্ষ্মী বিনাশক। (Glans) পুরুষাঙ্গের মস্তক।

মণিচ্ছিদ্রা, স্ত্রী, মেদানামক ওষধি, ঋষভৌষধি।

মণিবন্ধ, পু, প্রকোষ্ঠ ও হস্তের সন্ধি।

মণিমন্থ, ন, সৈন্ধবলবণ।

মণিরাগ, ন, হিঙ্গুল।

মণিবীজ, পু, দাড়িম্ব বৃক্ষ।

মণিচক, ন, চন্দ্রবর্ণ রূপা।

মণ্টপী, স্ত্রী, ক্ষুদ্রোপদোকী।

মণ্ঠ, পু, বটকবিশেষ, মাঠা; (গুণ) বৃংহণক, বৃষ্য, বল্য, সুমধুর, গুরু, রুচ্য, পিত্তানিলহর, দীপ্তাগ্নিসুপূজিত।

মণ্ড, ন, পু, মস্ত, মাত, মাড়, সার, পিচ্ছ। পু, এরণ্ড বৃক্ষ, শাকভেদ।

মণ্ডক, পু, পিষ্টকবিশেষ।

মণ্ডপা, স্ত্রী, নিষ্পাবী।

মণ্ডলক, ন, কুষ্ঠরোগভেদ।

মণ্ডলপত্রিকা, স্ত্রী, রক্তপুনর্ণবা।
মণ্ডলী, পু, বটাশ, বটবৃক্ষ। স্ত্রী, দুর্ব্বা।
মণ্ডা, স্ত্রী, সুরা।
মণ্ডূক. পু, শ্যোনাক।
মণ্ডূকপর্ণ, পু, শ্যোনাক বৃক্ষ।
মণ্ডূকপর্ণী, স্ত্রী, মঞ্জিষ্ঠা, ব্রাহ্মণী, থুলকুড়ি, আদিত্যভক্তা, মণ্ডূকপর্ণিকা; (গুণ) লঘু, স্বাদুপাকী, সরাহিমা।
মণ্ডূকমস্তা, স্ত্রী, ব্রাহ্মী।
মণ্ডূকা, স্ত্রী, মঞ্জিষ্ঠা।
মণ্ডূকী, স্ত্রী, মণ্ডূকপর্ণী, আদিত্যভক্তা, ব্রাহ্মী, থুলকুঁড়ি।
মণ্ডূর, পু, ন, লৌহমল; (গুণ) লৌহ-তুল্য গুণকর, শতবর্ষের অধিক কালের মণ্ডূর উত্তম, অশীতি বর্ষীয় মধ্যম, এবং ষষ্ঠী বর্ষীয় অধম। ইহার অপেক্ষা ন্যূন বিষতুল্য।
মণ্যাগ্রহ, (Stiff neck) গ্রীবাস্তম্ভ।
মণ্যোষ, (Balanitis) লিঙ্গমণির প্রদাহ।
মতি, স্ত্রী, শাকভেদ। (Temper) মনোভাব, মেজাজ।
মতিদা, স্ত্রী, জ্যোতিষ্মতী, শিমুড়ী ক্ষুপ।
মৎকুণারি, পু, ইন্দ্রাশন, সিদ্ধি।
মত্ত, পু, ধুস্তূর।
মত্তা, স্ত্রী, মদিরা।
মৎস, পু, মৎস্য।
মৎসগণ্ট পু, ব্যঞ্জন বিশেষ।
মৎস্য, পু, ন, স্বনামখ্যাত জন্তু বিশেষ; (গুণ) বৃংহণক, গুরু, শুক্রবর্দ্ধক, বল্য, স্নিগ্ধ, উষ্ণ, মধুর, কফপিত্তকর, ব্যায়ামধ্বোরতদীপ্তাগ্নিদিগের পূজিত, বাতরোগহর; (বৃহৎ মৎস্যের গুণ) গুরু, শুক্রল, মলবায়ুকারী; (ক্ষুদ্রের গুণ) লঘু, গ্রাহী, গ্রাণীরোগে হিত-কর; (কৃষ্ণ মৎস্য গুণ) লঘু, স্নিগ্ধ, বাতঘ্ন, বহ্নিবর্দ্ধক; (পাণ্ডর মৎস্য গুণ) দোষল, স্নিগ্ধ, গুরু এবং মল-ভেদী; (পূতি মৎস্য গুণ) দোষল; (শুষ্কের গুণ) বিষ্টম্ভী, দুর্জ্জর। (লবণ ভাবিত অর্থাৎ লোণা মৎস্যের গুণ) কফপিত্তকর এবং সারক; (সামুদ্র মৎস্য গুণ) লঘু, বৃষ্য, মধুর, এবং স্বল্প মলকর; (নদীর মৎস্যের গুণ) শ্লেষ্মাল, বৃষ্য, মধুর, অল্প মল ভেদক; (সরোবর ও তড়াগাদির মৎস্য গুণ) স্নিগ্ধ, স্বাদুরস; (মহা-হ্রদভব মৎস্য গুণ) বলকর; (অল্প-জলভব মৎস্য গুণ) বলহীনকর; (দগ্ধ মৎস্যের গুণ) ক্ষীণ শুক্রভগ্ন জর্জরিত, নিত্য স্ত্রীসেবী ক্ষীণতেজী-দিগের উপকারক; (কটু তৈল সন্তো-ষিত মৎস্য) স্বাদু, কফবাতহর,

শুক্রল, বলবর্দ্ধক ; (শাক মৎস্যাক্ষ মৎস্য গুণ) বৃষ্য, হৃদ্য, পুষ্টিদ ; (মৎস্য-ঘন্ট গুণ) বলকর, বাতহর, অতিশয় রোচক ; (মস্তকে খড়্গা ও কেশধারী মৎস্য গুণ) মুখপ্রিয়, হৃদ্য, পুংস্ত-ঘাতক।

মৎস্যগন্ধা, স্ত্রী, লাঙ্গলী বৃক্ষ, জলপিপ্পলী।

মৎস্যণ্ডিকা, স্ত্রী, শর্করাবিশেষ, মিছরী ; (গুণ) ভেদক, বল্য, লঘু, বায়ুপিত্ত-নাশী, মধুর, বৃংহণক, বৃষ্য, রক্তদোষাপহ।

মৎস্যণ্ডী, স্ত্রী, খণ্ডবিকার, ভিঁড়া গুড়, নবাত, মিছরী।

মৎস্যপিত্তা, স্ত্রী, কটুরোহিনী।

মৎস্যবিন্না, স্ত্রী, কট্‌কা।

মৎস্যাঙ্গী, স্ত্রী, হিলমোচিকা।

মৎস্যাদনী স্ত্রী, জলপিপ্পলী।

মৎস্যাক্ষী, স্ত্রী, সোমলতা, ব্রহ্মীশাক, গণ্ড-দূর্ব্বা, হিলমোচিকা।

মথন, পু, লণিকারিকা বৃক্ষ।

মথিত, ন, নির্জ্জল, ঘোল ; (গুণ) কফ-পিত্তনাশী, রোচক, ধাতুপুষ্টিকর।

মথিত দুগ্ধ, (Skimmed milk) যে দুগ্ধ হইতে মন্থন করিয়া নবনীত উঠান হইয়াছে।

মদ, পু, কস্তূরি, মদ্য।

মদকর, (Narcotic) মাদক।

মদগন্ধ, পু, সপ্তচ্ছদ বৃক্ষ।

মদগন্ধা, স্ত্রী, মদিরা।

মদন, পু, ময়না বৃক্ষ ; (গুণ) বমন-কারক, তিক্ত, বীর্য্য, লেখনক, লঘু, রুক্ষ, কুষ্ঠ কফ আনাহ শোক গুল্ম ও ব্রণনাশী। ধস্তূর, খদির বৃক্ষ, অঙ্কোঠ, বকুল গাছ।

মদনক, পু, দমনক বৃক্ষ।

মদনা, স্ত্রী, সুরা।

মদনাগ্রক, পু, কোদ্রব।

মদনায়ুস, পু, কামবর্দ্ধক ক্ষুপ।

মদনী, স্ত্রী, কস্তুরি, অতিমুক্ত, সুরা।

মদনেচ্ছাফল, পু, বন্ধরসাল।

মদভঞ্জিনী, স্ত্রী, শতমূলী।

মদয়ন্তিকা, স্ত্রী, মল্লিকা।

মদয়িন্তী, স্ত্রী, মল্লিকা, বন মল্লিকা, কাঠ-মল্লিকা।

মদয়িত্নু, ন, মদ্য।

মদশাক, পু, উপোদকী।

মদসার, পু, তুল বৃক্ষ।

মদহস্তিনী, স্ত্রী, মহাকরঞ্জ।

মদহেতু, পু, ধাতকী।

মদাঢ্য, পু, তালবৃক্ষ।

মদাঢ্যা, স্ত্রী, লোহিত ঝিণ্টী।

মদাতঙ্ক, মদাত্যয় রোগ।

মদাত্যয়, পু, মদ্যপানজনিত রোগ বিশেষ। (Delirium tremens) মদোন্মত্ততা।

মদাহ্ব, পু, কস্তুরী।

মদির, পু, রক্তখদির।

মদিরা, স্ত্রী, মাদক দ্রব্য বিশেষ, মদ্য; ইহা দ্বাদশ প্রকার, যথা—মাধ্বীক, পানস, দ্রাক্ষা, খার্জ্জুর, তালনৈক্ষব, নৈরেয়, মাক্ষিক, টাঙ্ক, মধূক, নারিকেলজ, মুখ্য এবং মন্ন বিকারজ। সাধারণ গুণ,—সুমধুরাম্ল, কফমারুতনাশক, লঘু, পুষ্টিকর, হৃদ্য, সারক, মদাবহ; (ধাতকীরস ও গুড়াদি কৃত গৌড়ীমদের গুণ) তীক্ষ্ণ, উষ্ণ, মধুর, বতানাশী, পিত্ত ও বলকর, দীপক, পথ্য, কান্তিতৃপ্তিকর; (পুষ্প-দ্রব্যাদি মধুসারময়ী মাধ্বী মদিরার গুণ) মধুর, নাতিউষ্ণ, পিত্তবাত-নাশী, পাণ্ডু কামলা গুল্ম অর্শ প্রমেহ নাশক; (বহুবিধ ধান্যজাত পৈষ্টী মদিরার গুণ) কটু, অম্ল, তীক্ষ্ণ, গৌড়ী মদিরা সম, বাতহর, কফকর, ঈষৎ পিত্তকর, মোহক; (তালাদি রস নির্য্যাসকৃত সৈন্ধী ও হালা মদিরার গুণ) শীতল, কষায়, অম্ল, পিত্তহর, বাতদ; (সর্জ্জতৃণ বৃক্ষ নির্যাসরূপ মদিরা গুণ) শীতল, গুরু, মোহক, বলদ, হৃদ্য, তৃষ্ণাসন্তাপনাশক; (নানা দ্রব্য কদম্বকৃতা কাদম্বরী মদিরা গুণ) সুমধুর, পিত্তশ্রমহর, মদকর; (ইক্ষু-জাত মদিরা গুণ) মদোৎকট, শিশির। (যবধান্য কৃত মদিরা গুণ) গুরু, বিষ্টম্ভদায়ক; (শর্করা ধাতকী তোয়কৃত মদিরা গুণ) শীতল ও মনোহর; (শার্কর মদ্য গুণ) বৃষ্য, দীপক এবং মোহক ইত্যাদি।

মদিরাসম, পু, আম্রবৃক্ষ।

মদিষ্ঠা, স্ত্রী, মদিরা।

মদোৎকটা, স্ত্রী, মদিরা।

মদ্য, ন, সুরা।

মদ্যদ্রুম, পু, মাড়বৃক্ষ।

মদ্যপঙ্ক, পু, সুরাকল্ক, জগল।

মদ্যপুষ্পা, স্ত্রী, ধাতকী, মৌল বৃক্ষ।

মদ্যমণ্ড, পু, মদ্যফেন।

মদ্যবাসিনী, স্ত্রী, ধাতকী।

মদ্যবীজ, ন, কিণ্ব, বাখার।

মদ্যামোদ, পু, বকুল বৃক্ষ।

মধু, ন, স্বনামখ্যাত দ্রব্য, মৌ; (গুণ) শীতল, মৃদু, স্বাদু, ত্রিদোষ ব্রণ নাশী, কষায়ানুরস, রুক্ষ, চক্ষুষ্য এবং শ্বাস-কাশনাশী ইত্যাদি। মদ্য, ক্ষীর

জল। পু, মধুদ্রুম, মউলগাছ, অশোক বৃক্ষ, যষ্টিমধু। স্ত্রী, জীবন্তী বৃক্ষ।

মধুক, ন, যষ্টিমধু, ত্রপু। পু, যষ্ট্যাহ্ব।

মধুকর, পু, ভৃঙ্গরাজ বৃক্ষ।

মধুকর্কটিকা, স্ত্রী, মধুর জম্বীর বিশেষ; মধুখর্জুরিকা, খোঁড়া।

মধুকর্কটী, স্ত্রী, মধুবীজপুর।

মধুকা, স্ত্রী, মধুযষ্টিক।

মধুকুর্কটিকা, মধুকুক্কুটী, স্ত্রী, জম্বীর-বিশেষ; (গুণ) শীতল, শ্লেষ্ম, আস্যপ্রসাদক, রুচ্য, স্বাদু, গুরু, স্নিগ্ধ ও বাতপিত্তনাশী।

মধুকুষ্মাণ্ডী, স্ত্রী, পিত্তকর্কটী, বিলাতী-কুমড়া।

মধুখর্জুরিকা, স্ত্রী, খর্জুর বিশেষ; (গুণ) মধুর, বৃষ্য, সন্তাপ পিত্ত শান্তিকর, শিশির, জন্তুকর্তৃত্বকর এবং বল-বীর্য্য বর্দ্ধনক।

মধুগুঞ্জন, পু, শোভাঞ্জন বৃক্ষ।

মধুজ, ন, শিক্থ।

মধুজম্বীর, পু, মধুর জম্বীর।

মধুজা, স্ত্রী, মধুজাত চিনি।

মধুতৃণ, ন, পু, ইক্ষু।

মধুদূত, পু, আম্রবৃক্ষ।

মধুদূতী, স্ত্রী, পাটলীবৃক্ষ।

মধুদ্রব, পু, রক্তশিগ্রু।

মধুদ্রুম, পু, মৌলবৃক্ষ।

মধুধাতু, পু, মাক্ষিক।

মধুধূলি, স্ত্রী, খণ্ড, খাঁড়গুড়।

মধুনারিকেরক, পু, মধুনারিকেল, এর-নারিকেল ও মহানারিকেল নামে কোকন দেশে প্রসিদ্ধ; (গুণ) মধুর, শিশির, দাহতৃষ্ণার্ত্তি পিত্তহর, বল-পুষ্টি শ্রেষ্ঠ কান্তিকর, বীর্য্যবর্দ্ধক, রুচ্য।

মধুনী, স্ত্রী, মাকড় পাউলী, মাকড়হাতা।

মধুপর্ণিকা, স্ত্রী, গাম্ভারী, নালীবৃক্ষ, বরাহ-ক্রান্তা, গুড়ূচী, সুদর্শনা।

মধুপর্ণী, স্ত্রী, গুড়চী, গাম্ভারী বৃক্ষ, নীলী-বৃক্ষ, মধুবীজপুর।

মধুপাকা, স্ত্রী, ষড়ভুজা, খরমুজ।

মধুপালিকা, স্ত্রী, গাম্ভারী।

মধুপীলু, পু, মহাপিলু।

মধুপুষ্প, পু, মধুদ্রুম, শিরীষবৃক্ষ, বকুল-বৃক্ষ।

মধুপুষ্পা, স্ত্রী, দন্তীবৃক্ষ, নাগদন্তীবৃক্ষ।

মধুপ্রিয়, পু, ভূমিজম্ব।

মধুফল, পু, মধুনারিকেল, বিকঙ্কত বৃক্ষ।

মধুফলিকা, স্ত্রী, মধুখর্জুরিকা।

মধুবহুলা, স্ত্রী, বাসন্তীলতা।

মধুমজ্জা, পু, আখোট বৃক্ষ।

মধুমতী, স্ত্রী, কাশ্মীরী বৃক্ষ।

মধুমল্লী, স্ত্রী, মালতী।

মধুমাষ্টীক, ন, মদ্য।

মধুমূল, ন, আলুক, মৌআলুক।

মধুমেহ, (Diabetis) বহুমূত্র, সশর্কর মূত্র।

মধুযষ্টী, স্ত্রী, ইক্ষু।

মধুর, ন, বঙ্গ, বিষ। পু, মিষ্টরস। (গুণ) প্রাণনক, বল্য, বৃংহণক, বায়ুপিত্ত নাশী, রসায়ন, গুরু, স্নিগ্ধ, চক্ষুস্য, তর্পণক, সর, বলপ্রদ, বাতপিত্তঘ্ন এবং শ্বাস ও গলগণ্ডাদি রোগ কৃৎ। জীবক, রক্তশিগ্রু, রাজাম্র, রক্তেক্ষু, গুড়, শালি ধান্য।

মধুরক, পু, জীবক বৃক্ষ।

মধুর জম্বীর, পু, মধুজম্বীর ; (গুণ) মধুর, শিশির, কাসপিত্ত শোক শ্রম নাশী, তর্পণক, বৃষ্য এবং পুষ্টিকর।

মধুরত্বচ, পু, ধব বৃক্ষ।

মধুরত্রয়, ন, ঘৃত চিনি মধু।

মধুর ত্রিফলা, স্ত্রী, দ্রাক্ষা, গাম্ভারী ফল ও খর্জুর।

মধুরবল্লী, স্ত্রী, মধুবীজপুর।

মধুরফল, পু, রাজবদর।

মধুরস, পু, ইক্ষু, তাল।

মধুরসা, স্ত্রী, মূর্ব্বা, দ্রাক্ষা, দুগ্ধিকা, গাম্ভারী।

মধুস্রবা, স্ত্রী, পিণ্ডখর্জুরী।

মধুরা, স্ত্রী, শতপুষ্পা, মধুকর্কটিকা, মেদা, মধুলী, মধুযষ্টিকা, কাকোলী, শতাবরী, বৃহজ্জীবন্তী, পালঙ্ক্য শাক, মধুরিকা।

মধুরাম্লক, পু, আম্রাতক।

মধুরাম্লক ফল, পু, রেফল, আলুবখারা।

মধুরালবণী, স্ত্রী, রাজালাবু।

মধুরিকা, স্ত্রী, মহুরী ; (গুণ) রোচক, শুক্রকর, দাহ রক্তপিত্ত নাশী।

মধুরেণু, পু, কটভী বৃক্ষ।

মধুল, ন, মদ্য।

মধুলগ্ন, পু, রক্তশোভাঞ্জন।

মধুলতা, স্ত্রী, শূলী তৃণ।

মধুলিকা, স্ত্রী, রাজিকা।

মধুবল্লী, স্ত্রী, যষ্টিমধু।

মধুবীজ, পু, দাড়িম।

মধুবীজপূর, পু, মধুকর্কটিকা ; (হিন্দী) মিঠা বিজৌরা ; (গুণ) মধুর, শিশির, দাহনাশক, ত্রিদোষশমনক, রুচ্য, পথ্য, গুরু ও দুর্জর।

মধুশর্করা, স্ত্রী, মধুজাত শর্করা।

মধুশাখ, পু, মধুষ্ঠীল।

মধুশিগ্রু, পু, রক্তশোভাঞ্জন বৃক্ষ।

মধুশেষ, ন, সিক্থ।

মধুশ্রেণী, স্ত্রী, মূর্ব্বা।

মধ্খাসা, স্ত্রী, জীবন্তী বৃক্ষ।

মধ্ষ্ঠীল, পু, মধূক বৃক্ষ।

মধূসিক্থক, পু, স্থাবর বিষভেদ।

মধ্সূদনী, স্ত্রী, পালক্য শাক।

মধূস্রব, পু, মধূক বৃক্ষ, মোরট-লতা।

মধূস্রবা, স্ত্রী, মধ্যষ্টিকা, জীবন্তী, মূর্ব্বা, হংসপদী। পু, মুক্ত বৃক্ষ।

মধুক্ষীর, পু, খর্জুর বৃক্ষ।

মধূক, ন, যষ্টিমধূ। পু, মৌল বৃক্ষ; (গুণ) মধুর, শীতল, দাহপিত্ত-শ্রমাপহ, বাতল, জন্তুদোষঘ্ন, বীর্য্য-পুষ্টিবর্দ্ধক; (ফুলের গুণ) মধুর, বৃষ্য, হৃদ্য, হিম, পিত্ত বিদাহকর; (ফলের গুণ) বাতাময়, পিত্তনাশী; (ত্বকের গুণ) রক্তপিত্তঘ্ন, ব্রণশোধক ও রোপক।

মধূচ্ছিষ্ট, ন, মোম, সিক্থ।

মধূত্থ, মধূত্থিত, ন, মোম।

মধূল, পু, জলজাত ও পর্ব্বতজাত মৌল বৃক্ষ।

মধূলক, পু, জলজ মধূক বৃক্ষ; (গুণ) মধূকের গুণের ন্যায়।

মধূলিকা, স্ত্রী, মূর্ব্বা।

মধূলী, স্ত্রী, মধূকর্কটী, আম্র, যষ্টিমধূ।

মধ্যক্রম, (Middle dilutions) ষষ্ঠ হইতে ত্রিংশ পর্য্যন্ত হোমিওপ্যাথিক ঔষধের ক্রম।

মধ্যগন্ধ, পু, অম্রবৃক্ষ।

মধ্যদণ্ড, (Axis) গ্রীবার দ্বিতীয় কশে-রুকা।

মধ্যদ্রোহী, (Intertrigo) ইণ্টারট্রাইগো।

মধ্যন্দিন, পু, বন্ধুক বৃক্ষ।

মধ্যপঞ্চমূলক, ন, মধ্যপঞ্চমূল, যথা—পুন-র্ণবা, বেড়েলা, এরণ্ড, মুগানি, মাষাণি।

মধ্যমাত্রিকা, (Arachnoid) অ্যারাক-নয়েড।

মধ্যযব, পু, ছয় শ্বেত সর্ষপ পরিমাণ।

মধ্যান্ত্র, (Mesentery) মেসেণ্টারী। অন্ত্রবেষ্ট বা পেরিটোনিয়মের যে দ্বিভাঁজ দ্বারা ক্ষুদ্রান্ত্র যথাস্থানে অব-স্থিত থাকে, ইহা কটির কশেরুকায় আবদ্ধ।

মধ্বালু, ন, মূলবিশেষ; (গুণ) রক্তপিত্ত-নাশী, গুরু, স্বাদু, শীতল, স্তন্য ও শুক্রকর।

মধ্বালুক, ন, মূলবিশেষ, মৌআলু।

মধ্বিজা, স্ত্রী, মদিরা।

মন, পু, জটামাংসী।

মনঃশিল, পু, মনঃশিলা।

মনঃশিলা, স্ত্রী, রক্তবর্ণ ধাতু বিশেষ; (গুণ) কটু, স্নিগ্ধ, লেখনক, বিষ ভূতাবেশ

ভয়োন্মাদ নাশক, বশ্যকর, তিক্ত, কফনাশী, সারক, ছর্দ্দিকর, কুষ্ঠজ্বর পাণ্ডু কাস শ্বাস নাশী, শুক্রমঙ্গলকর।

মনষ্টার, (Monster) অস্বাভাবিক আকৃতি বা বিজাতীয় অবয়ব বিশিষ্ট প্রাণী-দেহ, যথা—তিনটী হাত বা দুইটী মাথা বিশিষ্ট মনুষ্যশিশু।

মনাককর, ন, মঙ্গল্যা।

মন্থু, স্ত্রী, পৃক্কা।

মনো (Mono) একবাচক পূর্ব্বপদ।

মনোকিউলার, (Monocular) একনেত্র, একচক্ষু বিশিষ্ট।

মনোগুপ্তা, স্ত্রী, মনঃশিলা।

মনোজবা, স্ত্রী, অগ্নিজিহ্বা বৃক্ষ।

মনোজবৃদ্ধি, স্ত্রী, কামবৃদ্ধি ক্ষুপ।

মনোজ্ঞ, ন, সরল কাষ্ঠ।

মনোজ্ঞা, স্ত্রী, মনঃশিলা, আবর্ত্তকী, বন্ধ্যা-কর্কোটকী, স্থূলজীরক, মদিরা, জাতী।

মনোমেনিয়া, (Monomania) একা-শ্রয়োন্মাদ, এক বিষয়ে চিত্তবিপ্লব।

মনোরমা, স্ত্রী, গোরোচনা।

মনোহর, ন, স্বর্ণ। পু, কুন্দ বৃক্ষ।

মনোহরা, স্ত্রী, জাতী, স্বর্ণযূথী।

মনোহ্বা, স্ত্রী, মনঃশিলা।

মন্থ, (Cataract) ক্যাটার্যাক্ট, ফুলি।

মন্থলী কোর্শেশ, (Monthly courses) স্ত্রীলোকের মাসিক ঋতু।

মন্থজ, ন, নবনীত।

মন্থা, স্ত্রী, মেথিকা।

মন্থান, পু, আরগ্বধ।

মন্থানক, পু, তৃণবিশেষ; (গুণ) স্নিগ্ধ, দোগ্ধ্রাদিগের প্রিয়, মধুর, বল-বীর্য্যদ।

মন্দট, পু, পারিভদ্র বৃক্ষ।

মন্দবেগ, (Slow) ধীর গতি।

মন্দর, পু, পারিভদ্র বৃক্ষ।

মন্দাগ্নি, পু, অগ্নিমান্দ্য রোগ।

মন্দার, পু, পালিধা, আকন্দ বৃক্ষ।

মন্মথ, পু, কপিত্থ বৃক্ষ।

মন্মথফলা, স্ত্রী, সুরভি ফল, খোবানি।

মন্মথানন্দ, পু, মহারাজাম্র।

মন্মথালয়, পু, আম্র।

মন্স ভেনারিস, (Mons veneris) স্ত্রী-অঙ্গের ঊর্দ্ধদেশস্থ রোমাবৃত উন্নত স্থান।

মন্যামণি, পু, থুলকুড়ি।

মপষ্ট, মপষ্টক, মপূষ্টক, ময়ুষ্টক, পু, বনমুদ্গ।

ময়ূর, পু, ময়ূরশিখা ক্ষুপ, অপামর্গ।

ময়ূরক, পু, অপামার্গ, তুত্থক, ময়ূর-শিখা। ন, অঞ্জনবিশেষ, তুঁতিয়া।

ময়ূরগ্রীবক, পু, তুথ।

ময়ূরচূড়, ন, স্থৌলেয়ক।

ময়ূর চূড়া, স্ত্রী, ময়ূরশিখা।

ময়ূরজঙ্ঘ, স্ত্রী, শ্যোনাক।

ময়ূরজটা, স্ত্রী, অপামার্গ।

ময়ূরতুথ, ন, তুথ।

ময়ূরবিজলী, স্ত্রী, অম্বষ্ঠা।

ময়ূরশিখা, স্ত্রী, স্বনামখ্যাত ক্ষুপ বিশেষ; (গুণ) রসে স্বাদু, মূত্রকৃচ্ছ্র বাল-গ্রহাদি দোষ নাশী, বস্তিকর্ম্মে ন্যস্ত।

ময়ূরিকা, স্ত্রী, অম্বষ্ঠা।

ময়েষ্ট, (Moist) আর্দ্র, ভিজা।

মর, (Myrrh) গন্ধবোল। আরব্য ও আবিশিনিয়া দেশজ বৃক্ষবিশেষের বল্কল হইতে ক্ষরিত গঁদ ও ধূনাযুক্ত রস। ক্রিয়া—উত্তেজক, আগ্নেয় ও বলকারক, নবপ্রদাহে নিষিদ্ধ। মাত্রা—১০ হইতে ২০ গ্রেঃ।

মরকত, ন, হরিদ্বর্ণ মণিবিশেষ, পান্না; (গুণ) বিষঘ্ন, নশীতল, রসে মধুর, আমপিত্তহর, রুচ্য, পুষ্টিদ, ভূত-নাশী।

মরকতপত্র, স্ত্রী, পাটী।

মরক্ত, ন, মরকত মণি।

মরণ, ন, বৎসনাভ।

মরন্দ, মরন্দক, পু, মকরন্দ।

মরমর শব্দ, (Murmur) মর্ম্মরশব্দ দেখ।

মরাকালী, স্ত্রী, বৃশ্চিকালী, বিছাটী।

মরিচ, ন, স্বনামখ্যাত কটু দ্রব্য, গোল-মরিচ; (গুণ) কটু, তিক্ত, উষ্ণ, লঘু, শ্লেষ্মবিনাশী, সমীর কৃমি হৃদ্রোগ হর এবং রুচিকর। পু, মরুবক বৃক্ষ।

মরিচপত্রক, পু, সরল বৃক্ষ।

মরীব, ন, গোলমরিচ; (গুণ) পাকে স্বাদু, গুরু, শ্লেষ্মপ্রসেকী; (শুষ্কের গুণ) রুচ্য, অগ্নিদ, রুক্ষ, কটু, উষ্ণ, লঘু এবং শুক্রনাশী।

মরিবণ্ড, (Moribund) মৃতকল্প।

মরু, পু, মরুবকবৃক্ষ।

মরুজ, পু, নখীনামক গন্ধদ্রব্য।

মরুজা, স্ত্রী, মৃগের্ব্বারু।

মরুত, পু, ঘণ্টাপাটলী বৃক্ষ।

মরুৎ, ন, গ্রন্থিপর্ণ। স্ত্রী, পৃক্কা।

মরুৎকর, পু, রাজমাষ।

মরুত্তক, পু, মরুবক।

মরুদিষ্ট, পু, গুগ্‌গুলু।

মরুস্তবা, স্ত্রী, তাম্র মূলা ক্ষুপ, খিরাই।

মরুদ্রুম, পু, বিট্‌খদির।

মরুমালা, স্ত্রী, পৃক্কা।

মরুভূরুহ, পু, করীর বৃক্ষ।

মরুব, পু, বৃক্ষবিশেষ, নাগদানা; (গুণ)

কটু, তিক্ত, উষ্ণ, কৃমি কুষ্ঠ বিড়ম্বাগ্মান শূলমান্দ্য ও ত্বগ্দোষনাশী। ঝিণ্টী।

মরুবক, পু, কণ্টকী বৃক্ষ বিশেষ, ময়না।

মরুসম্ভব, ন, চাণক্য মূল।

মরুসম্ভবা, স্ত্রী, মহেন্দ্রবারুনী।

মরুস্থা, স্ত্রী, দুরালভা।

মরুক, পু, শঠী।

মরুদ্ভবা, স্ত্রী, কার্পাসী, যবাস, ক্ষুদ্র খদির।

মর্কট, পু, স্থাবর বিষভেদ।

মর্কটতিন্দুক, পু, কুপীলু।

মর্কটপিপ্পলী, স্ত্রী, অপামার্গ।

মর্কটপ্রিয়, পু, ক্ষীর বৃক্ষ।

মর্কটশীর্ষ, ন, হিঙ্গুল।

মর্কটাস্থ, ন, তাম্র।

মর্কটী, স্ত্রী, কপিকচ্ছু, অপমার্গ, অজমোদা করঞ্জভেদ, মাকড়া করঞ্জা।

মর্কটেন্দু, পু, কালতিন্দুক বৃক্ষ।

মর্কর, পু, ভৃঙ্গরাজ।

মর্ত্তবাসিনী, স্ত্রী, ধাতকী পুষ্প।

মর্দ্দন, ন, অঙ্গমর্দ্দন, গাচাপা ; (গুণ) ভ্রমহর, নিদ্রাশুক্রসুখপ্রদ, মাংসরক্তকর, প্রসন্নকর ও বায়ুপিত্তনাশী।

মর্টার, (Mortar) ঔষধাদি মর্দ্দনার্থ খল, উদখল।

মর্টিফিকেশন, (Mortification) জীবিত প্রাণীশরীরের কোন অংশের জীবিত শক্তির বিনাশ, পচা।

মর্টালিটী, (Mortality) মৃত্যুসংখ্যা।

মর্ফিয়া, (Morphia) আফিঙ্গের বীর্য্য। রূপান্তরে ব্যবহৃত।

মর্ফিয়্যাসিট্যাস,(Acetate of morphia) য়্যাসিটেট অফ মর্ফিয়া। হাইড্রোক্লোরেট অফ মর্ফিয়া ২ আং, য়্যামোনিয়া দ্রব, শির্কা দ্রাবক, পরিস্রুত জল যথা প্রয়োজন। মাত্রা,— আট ভাগের এক ভাগ হইতে অর্দ্ধ গ্রেঃ।

মর্ফি হাইড্রোক্লোরাস, (Hydrochlorate of morphia) হাইড্রোক্লোরেট অফ মর্ফিয়া। অহিফেন খণ্ড ১ পাউণ্ড, পরিশ্রুত জল যথা প্রয়োজন, ক্লোরাইড অফ ক্যাল্সিয়ম চার ভাগের তিন ভাগ আং, য়্যামোনিয়া দ্রব যথা প্রয়োজন, বিশুদ্ধ জান্তব অঙ্গার সিকি আং, জলমিশ্র লবণ দ্রাবক আবশ্যক মত।

মর্ম্ম, ন, জীবস্থান, সন্ধিস্থান।

মর্ম্মরী, স্ত্রী, পীতদারু, দারুহরিদ্রা।

মর্বাস, (Morbus) পীড়া, রোগ।

মর্বাস কক্সি, (Morbus coxy) উরু সন্ধির স্নৈহিক ঝিল্লির বন্ধনীর বা

অস্থির উপরিভাগের প্রাচীন কিম্বা গণ্ডমালাজনিত প্রদাহ। বজ্জণ ব্যাধি।

মর্বিড, (Morbid) রুগ্ন, বিকৃত।

মর্বিড য়্যানাটমী, (Morbid Anatomy) শরীরস্থ রুগ্ন যন্ত্রাদির প্রকৃতি। রুগ্ন দেহ ব্যবচ্ছেদ বিদ্যা।

মর্বিলাই, (Morbili) হাম।

মল, পু, ন, বাতপিত্তকফ। স্বেদপুরীষাদি; মণ্ডুরাদি, ধাতু দ্রব্যের চলক, কর্পূর।

মলঘ্ন, ন, শাল্মলীকন্দ।

মলঘ্নী, স্ত্রী, নাগদমনী।

মলজ, পু, পূয়।

মলদ্রাবী, পু, জয়পাল।

মলপূ, স্ত্রী, কাকোডুম্বরিকা।

মলভেদিনী, স্ত্রী, কটুকা।

মলয়জ, পু, ন, চন্দন।

মলয়া, স্ত্রী, ত্রিবৃতা।

মলয়ূ, স্ত্রী, মলপূ।

মলয়োদ্ভব, ন, চন্দন।

মলবিলাসিনী, স্ত্রী, শঙ্খপুষ্পী।

মলস্তম্ভ, (Constipation) কোষ্ঠবদ্ধ।

মলহন্তা, পু, শাল্মলীকন্দ।

মলহর, ন, জয়পালবীজ।

মলা, স্ত্রী, ভূম্যামলকী।

মলারি, পু, সর্ব্বক্ষার, সাবান।

মলিন, ন, টঙ্কণ, ঘোল।

মলীমস, ন, লৌহ, পুষ্পকাকীস।

মল্লজ, ন, গোলমরিচ।

মল্লা, স্ত্রী, পত্রবল্লী, মল্লিকা।

মল্লি, মল্লিকা, স্ত্রী, স্বনামখ্যাত পুষ্পবৃক্ষ বেলফুল; (গুণ) কটু, তিক্ত, চক্ষুষ্য, মুখপাক কুষ্ঠ বিস্ফোটক কণ্ডূতি বিষ ব্রণ নাশী, কফনাশী, উষ্ণ, লঘু, বৃষ্য, বাতপিত্তাস্র ও মরু বিনাশী।

মল্লিকাখ্যা, স্ত্রী, ত্রিপুরমালী পুষ্প।

মল্লিকাগন্ধ, ন, মঙ্গলাগুরু।

মল্লিকা পুষ্প, পু, কুটজ বৃক্ষ, করুণ বৃক্ষ, করুণা লেবু, স্বনামখ্যাত পুষ্প।

মল্লিগন্ধি, ন, অগুরু।

মল্লিপত্র, ন, ছত্রাক।

মল্লী, স্ত্রী, মল্লিকা।

মশক, পু, ক্ষুদ্র রোগবিশেষ, আঁচিল।

মশকী, পু, উড়ুম্বর বৃক্ষ।

মষীলেক্ষ্যদল, পু, শ্রীতাল বৃক্ষ।

মসক, পু, ক্ষুদ্র রোগভেদ, আঁচিল।

মসম, ন, সোমরাজী বৃক্ষ।

মসরা, স্ত্রী, মসূর।

মসিকা, স্ত্রী, শেফালিকা।

মসিনা, স্ত্রী, তিসি।

মসূর, পু, ব্রীহিবিশেষ, মসূর কলাই।

মসূর, পু, স্ত্রী, মসূর কলাই; (গুণ) মধুর, শীতল, সংগ্রাহী, কফপিত্তনাশী, বাতাময়কর, মূত্রকৃচ্ছ্রহর, লঘু, অস্র-হর, রুক্ষ এবং জ্বরনাশক; (যূসগুণ) সংগ্রাহী, স্বাদুপাকী, প্রমেহ পিত্ত শ্লেষ্মাজ্বরাতীসার নাশী।

মসূরবিদলা, স্ত্রী, কৃষ্ণ ত্রিবৃৎ, শ্যামা লতা।

মসূরা, স্ত্রী, মসূর কলাই।

মসূরিকা, স্ত্রী, বসন্ত রোগ।

মসূরী, স্ত্রী, ত্রিবৃৎ, রক্ত ত্রিবৃৎ, বসন্ত রোগ।

মসৃণা, স্ত্রী, মসিনা।

মস্তকাগ্র, (Vertex) মস্তকের শিখর।

মস্তকস্নেহ, পু, মস্তিষ্ক।

মস্তকী, স্ত্রী, গুহাবদরী ফলশস্য, রুমি-মস্তকী।

মস্তদারু, ন, দেবদারু।

মস্তিষ্ক, ন, মস্তকস্থ ঘৃতবৎ স্নেহদ্রব্য, মজগ। (Brain) মস্তকের মধ্যস্থ মজ্জা।

মস্তিষ্ক ঝিল্লিপ্রদাহ, (Meningitis) মস্তিষ্কের আবরণের প্রদাহ।

মস্তিষ্ক প্রচাপন, (Compression of the brain) আঘাতাদির জন্য মস্তিষ্কে চাপ লাগা।

মস্তিষ্ক বিকম্পন, (Concussion of the brain) আঘাতবশতঃ মস্তিষ্কের ক্রিয়া বিকৃতি; মস্তিষ্কের কম্পন ও কম্প্রেশনে প্রভেদ এই যে, কম্পনে রোগীকে জাগরিত করিতে পারা যায়, চক্ষুর তারা সঞ্চালিত হয়, শ্বাসে কখন কখন শব্দ হয়, মূত্র স্তম্ভিত বা আবরিত থাকে না। কিন্তু কম্প্রেশনে সম্পূর্ণ অচৈতন্য, চক্ষুর তারার নিশ্চলতা, শ্বাসের সশব্দতা এবং মূত্রের অবরুদ্ধতা বা অবারিতত্ব থাকে।

মস্তিষ্কাবরণ প্রদাহ, (Meningitis) মস্তিষ্কঝিল্লী প্রদাহ।

মস্তিষ্কোদক, (Hydrocephalus) মস্তিষ্কে জলসঞ্চয় রোগ।

মস্তু, ন, দধির মাত। (Serum) রক্তের জলীয়াংশ, মাত।

মস্তুক্ষরণ, (Effusion of serum) এফিউজন দেখ।

মস্তুলুঙ্গ, মস্তুলুঙ্গক, পু, মস্তিষ্ক।

মহতী, স্ত্রী, বৃহতী।

মহর্ষভী, স্ত্রী, কপিকচ্ছু।

মহা, স্ত্রী, গোরক্ষ চাকুল্যা।

মহাকণ্টকিনী, স্ত্রী, বিষসারক, মণিমনসা।

মহাকন্দ, পু, রসুন, মূলক, চাণক্য মূলক, রক্তলশুন, রাজ পলাণ্ডু।

মহাকপিথ, পু, বিল্ববৃক্ষ।

মহাকরঞ্জ, পু, করঞ্জবিশেষ, বড় করঞ্জ, ডহরকরঞ্জ; (গুণ) তীক্ষ্ণ, উষ্ণ, কটু, বিষ কণ্ডূ বিচর্চ্চিক কুষ্ঠ ত্বগ্দোষ ও ব্রণনাশী।

মহাকর্ণিকার, পু, আরগ্বধ।

মহাকাল, পু, মাকাল লতা।

মহাকুমুদা, স্ত্রী, কাশ্মরী।

মহাকুম্ভী, স্ত্রী, কটফল।

মহাকুষ্ঠ, ন, কাপাল, উডুম্বর, মণ্ডল ঋষ্য জীব।

মহাকোষফলা, স্ত্রী, মহাদেবদালী লতা।

মহাকোষাতকী, স্ত্রী, হস্তী ঘোষা।

মহাগদ, পু, জ্বর।

মহাগন্ধ, ন, হরিচন্দন, গন্ধবোল। পু, কুটজ বৃক্ষ, জলবেতস।

মহাগন্ধা, স্ত্রী, নাগবলা, কেবিকা পুষ্প।

মহাগুল্মা, স্ত্রী, সোমবল্লী।

মহাগুহা, স্ত্রী, পৃশ্নিপর্ণী।

মহাগোধুম, পু, বড় গম; (গুণ) মধুর, শীতবাত পিত্তহর, গুরু, কফ শুক্রপ্রদ, বল্য, স্নিগ্ধ এবং সন্ধান কৃৎসর।

মহার্ঘূনা, স্ত্রী, সুরা।

মহাঘোষা, স্ত্রী, কর্কটশৃঙ্গী, কুন্দরুকী।

মহাঙ্গ, পু, গোক্ষুরক, রক্তচিত্রক।

মহাচঞ্চু, পু, শাকবিশেষ; (গুণ) কটু, উষ্ণ, কষায়, মলশোধক, গুল্ম শূল উদর অর্শ ও বিষ নাশী এবং রসায়নক।

মহাচ্ছদ, পু, দেবতাড় বৃক্ষ।

মহাচ্ছায়, পু, বটবৃক্ষ।

মহাচ্ছিদ্রা, স্ত্রী, মহামেদা।

মহাজটা, স্ত্রী, রুদ্রজটা।

মহাজম্বু, মহাজম্বূ, স্ত্রী, বৃহজ্জম্বু বৃক্ষ; (গুণ) উষ্ণ, মধুর, কষায়, শ্রমহর, স্বরকর, বিষ্টম্ভী, শোষশমক, ভ্রমাতিসারার্ত্তি বর্দ্ধক, শ্বসিত কফ কাস প্রশমক।

মহাজাতি, স্ত্রী, বাসন্তী লতা।

মহাজালী, স্ত্রী, পীতবর্ণ ঘোষা, রাজকোষাতকী।

মহাজ্যোতিষ্মতী, স্ত্রী, লতাবিশেষ; (হিন্দী) বড়ীমাল কঙ্গিনী; (গুণ) তিক্ত, রুক্ষ, কিঞ্চিৎ কটু, বাত ও কফাপহ, দাহপ্রদ, দীপক, মেধ্য, প্রজ্ঞাকর।

মহাঢ্য, পু, কদম্ব।

মহাতরু, পু, স্নুহী বৃক্ষ।

মহাতালী, স্ত্রী, আবর্ত্তকী।

মহাতিক্ত, পু, মহানিম্ব।

মহাতিক্তা, স্ত্রী, যবতিক্তা, পাঠা, ভদ্রতিক্তা, মিসৃমিতিতা, কালমেঘ।

মহাতীক্ষ্ণা, স্ত্রী, ভল্লাতক বৃক্ষ।
মহাতেজ, ন, পারদ।
মহাদারু, ন, দেবদারু।
মহাদ্রাবক, পু, ঔষধবিশেষ, দ্রাপক।
মহাদ্রুম, পু, অশ্বত্থ বৃক্ষ।
মহাদ্রেকা, স্ত্রী, ঘোড়া নিম।
মহাদ্রোণা, স্ত্রী, দ্রোণপুষ্পীবিশেষ; (গুণ) কটু, তিক্ত, মেধ্য, ভূতার্ত্তি বাত কফ অগ্নিমান্দ্য নাশী, পারদদোষ শোধনক।
মহাদ্রোণী, স্ত্রী, দ্রোণপুষ্প বিশেষ।
মহাধন, ন, স্বর্ণ, সিহ্লক।
মহাধাতু, পু, স্বর্ণ।
মহানন্দা, স্ত্রী, সুরা।
মহানল, পু, দেবনল।
মহানাড়ী, স্ত্রী, কণ্ডরা।
মহানিম্ব, পু, নিম্ববৃক্ষ বিশেষ; (গুণ) পরমগ্রাহী, কষায়, অম্ল এবং শীতল।
মহানীল, পু, ভৃঙ্গরাজ।
মহানীলা, স্ত্রী, মহাজম্বু।
মহানীলী, স্ত্রী, নীল অপরাজিতা; (গুণ) গুণাঢ্য, রঙ্গশ্রেষ্ঠ, সুবর্ণদাতা, নীলিকা অপেক্ষা সর্ব্ব কর্ম্মে গুণকর।
মহাপঞ্চমূল, ন, বৃহৎ পঞ্চমূল অর্থাৎ বিল্ব, গনিয়ারী, সোনা, গাম্ভারী ও পারুল।
মহাপঞ্চবিষ, ন, বৃহদ্বিষ পঞ্চক, যথা— শৃঙ্গী, কালকূট, মুস্তক, বৎসনাভ ও শঙ্খকর্ণী।
মহাপত্রা, স্ত্রী, মহাজম্বু।
মহাপদ্ম, ন, শুক্লপদ্ম।
মহাপারেবত, ন, ফলবৃক্ষ বিশেষ, বড়া-পারেবত; (গুণ) মধুর, বলকর, পুষ্টিবর্দ্ধক, বৃষ্য, মূর্চ্ছাভ্রমহর, পারেবত হইতে অধিক গুণকর;
মহাপিণ্ডীতক, পু, কৃষ্ণবর্ণ মহামদন বৃক্ষ; (গুণ) শ্রেষ্ঠ, কটুতিক্তরসান্বিত, ছর্দ্দিনক, কফ হৃদ্রোগ পক্কাশয় শোধনক।
মহাপিণ্ডীতরু, পু, বৃক্ষবিশেষ; (হিন্দী) পেড়িরা; (গুণ) কষায়, উষ্ণ, ত্রিদোষনাশক, চর্ম্মরোগাপহ, বিশেষরূপে রক্তদোষ নাশক।
মহাপীলু, পু, পীলুবৃক্ষ বিশেষ; (গুণ) মধুর, বৃষ্য, বিষনাশী, পিত্তপ্রশমনক, রুচ্য, আমঘ্ন এবং দীপনীয়ক।
মহাপুরুষদন্তা, স্ত্রী, শতমূলী, আপাঙ্গ।
মহাপুরুষদন্তিকা, স্ত্রী, মহাশতমূলী।
মহাপুষ্পা, স্ত্রী, অপরাজিতা।
মহাফল, পু, বিল্ববৃক্ষ।
মহাফলা, স্ত্রী, ইন্দ্রবারুণী।
মহাফেণা, স্ত্রী, হিণ্ডির।

মহাবল, ন, সীসক।

মহাবলা, স্ত্রী, পীত বাট্যালক।

মহাব্যাধি, (Leprosy) কুষ্ঠ।

মহাভদ্রা, স্ত্রী, কাশ্মরী।

মহাভীতা, স্ত্রী, লজ্জালু বৃক্ষ।

মহাভৃঙ্গ, পু, নীল ভৃঙ্গরাজ।

মহামারী, (Plague) মড়ক, প্লেগ।

মহামাষ, পু, রাজমাষ।

মহামুনি, ন, ধন্যাক।

মহামূল, পু, রাজ পলাণ্ডু।

মহামেদ, পু, অষ্টবর্গ প্রসিদ্ধ ঔষধ।

মহামেদা, স্ত্রী, অষ্টবর্গ প্রসিদ্ধ ঔষধ; (গুণ) হিম, রুচ্য, কফ শুক্রবৃদ্ধিকর, দাহাস্র পিত্ত ক্ষয় বাতজ্বর নাশক।

মহাম্ল, ন, তিন্তোড়ীক।

মহারজত, ন, স্বর্ণ, ধুস্তূর।

মহারঞ্জন, ন, কুসুম্ভ পুষ্প, স্বর্ণ।

মহারস্ত, ন, জড়লবণ।

মহারস, ন, কঞ্জিক। পু, খর্জ্জুর, কোষকারা, কশেরু, ইক্ষু, পারদ।

মহারাজবৃত, পু, উৎকৃষ্ট অম্ল; (গুণ) কটু, অম্ল, পিত্তদাহদাতা; (সুপক্ক ফলের গুণ) স্বাদু, মধুর, পুষ্টি বীর্য্য বলপ্রদ।

মহারাজদ্রুম, পু, আরগ্বধ।

মহারাষ্ট্রি, স্ত্রী, জলপিপ্পলী, শাকভেদ, মারাটী; (গুণ) কফ ও বায়ুনাশক।

মহারিষ্ট, পু, মহানিম্ব বিশেষ; (গুণ) কটু, তিক্ত, কষায়, শীতল, লঘু, সন্তাপ শোষ কুষ্ঠাস্র কৃমিভূত বিষাপহ।

মহারোগ, পু, উন্মাদ, ত্বক্‌দোষ, রাজযক্ষ্মা, শ্বাস, মধুমেহ, ভগন্দর, উদর, অশ্মরী, এই অষ্ট প্রকার রোগ।

মহার্দ্ধি, পু, বৃক্ষবিশেষ, মহাজা।

মহার্দ্রক, ন, বনার্দ্রক, বন আদা; (গুণ) অগ্নিদীপক, ধারক, রুক্ষ, বায়ু ও কফ নাশী।

মহার্হ, ন, শ্বেত চন্দন।

মহালিকটভী, স্ত্রী, শ্বেতকিনীহী বৃক্ষ।

মহালোধ, পু, লোধ্র বিশেষ, পাটিয়া লোধ।

মহালৌহ, ন, অয়স্কান্ত।

মহাবপ, পু, মহামেদ।

মহাবরা, স্ত্রী, দূর্ব্বা।

মহাবল্লী, স্ত্রী, মাধবীলতা।

মহাবর, পু, একবীর বৃক্ষ।

মহাবীরা, স্ত্রী, ক্ষীর কাকোলী, কুশ।

মহাবীর্য্য, পু, বারাহীকন্দ।

মহাবীর্য্যা, স্ত্রী, বনকার্পাসী, মহা শতাবরী।

মহাবৃহতী, স্ত্রী, বার্তাকী।

মহাবৃক্ষ, পু, স্নুহী বৃক্ষ।

মহাব্যাধি, পু, কুষ্ঠাদি রোগ।

মহাব্রণ, ন, দুষ্টব্রণ, নালী ঘা।

মহাশঙ্খ, পু, মানুষাস্থি, ললাট।

মহাশর্ণ, পু, রাজ ধস্তুর।

মহাশর্ণপুষ্পিকা, স্ত্রী, বৃহচ্ছণ পুষ্পী; (গুণ) কষায়, উষ্ণ, স্বস্ত, রসনিয়ামক, কুতুহল মোহন স্তম্ভনাদিতে প্রশস্ত।

মহাশতা, স্ত্রী, মহাশতাবরী।

মহাশতাবরী, স্ত্রী, বৃহচ্ছতাবরী; (গুণ) বল্য, মধুর, পিত্তনাশী, হিম, মেহ কফ বাতঘ্ন, তিক্ত, শ্রেষ্ঠ, রসায়নক।

মহাশর, পু, স্থূলশর।

মহাশাক, ন, বৃহচ্ছাক বিশেষ।

মহাশাখা, স্ত্রী, নাগবলা।

মলাশালি, পু, স্থূলশালি।

মহাশিরা, (Vena cave) ভেনাকেভা।

মহাশীতা, স্ত্রী, শতমূলী।

মহাশুভ্র, ন, রজত।

মহাশৌণ্ডী, স্ত্রী, শ্বেত কিনিহী বৃক্ষ।

মহাশ্যামা, স্ত্রী, শ্যামালতা, শিংশপা বৃক্ষ।

মহাশ্রাবণিকা, স্ত্রী, ক্ষুপবিশেষ, বড় থুলকুঁড়ি; (গুণ) উষ্ণ, তিক্ত, ঈষন্মধুর, বায়ুশমনক, স্বরকৃৎ, রেচক, হেমকৃৎ, রসায়নক।

মহাশ্বেতা, স্ত্রী, কৃষ্ণ ভূমিকুষ্মাণ্ড।

মহাসঙ্গমা, স্ত্রী, বৃক্ষবিশেষ; (হিন্দী) কগহিয়া; (গুণ) মধুর, অস্রদোষত্রয় নাশী, জ্বর এবং দাহ বিনাশক।

মহাসর্জ, পু, পনস, অসন বৃক্ষ।

মহাসহ, পু, কুব্জক বৃক্ষ।

মহাসহা, স্ত্রী, মাষপর্ণী, অম্লান বৃক্ষ।

মহাসার, পু, দুস্খদির।

মহাসুগন্ধা, স্ত্রী, গন্ধনাকুলী।

মহাসুগন্ধা, স্ত্রী, বালিকা।

মহাস্কন্ধা, স্ত্রী, জম্বুবৃক্ষ।

মহাস্নায়ু, পু, কণ্ডরা।

মহাহিগন্ধা, স্ত্রী, গন্ধনাকুলী।

মহাহ্রস্বা, স্ত্রী, কপিকচ্ছু।

মহিলা, স্ত্রী, প্রিয়ঙ্গু লতা, রেণুকা।

মহিলাহ্বয়া, স্ত্রী, প্রিয়ঙ্গু লতা।

মহিষকন্দ, পু, মহাকন্দ বিশেষ, শুভ্রালু; (গুণ) কটু, উষ্ণ, কফবাতাময় নাশী, মুখজাড্যহর, রুচ্য, মহাসিদ্ধিকর।

মহিষবল্লী, স্ত্রী, লতাবিশেষ; (গুণ) রস-বীর্য্য পাকে সোমবল্লীশমনক।

মহিষাসুর সম্ভব, পু, ভূমিজ গুগ্গুলু।

মহিষাক্ষ, মহিষাক্ষক, পু, গুগ্গুলু।

মহিষী, স্ত্রী, ওষধিভেদ।

মহিষীপ্রিয়া, স্ত্রী, শূলীতৃণ।

মহী, স্ত্রী, হিলমোচিকা।

মহীজ, ন, আর্দ্রক।
মহীরুহ, পু, শাকবৃক্ষ।
মহীলতা, (Earth worm) কেঁচো।
মহেন্দ্র কদলী, স্ত্রী, কদলীভেদ।
মহেন্দ্রবারুণী, স্ত্রী, লতাবিশেষ; (গুণ) ইন্দ্রবারুণীর ন্যায়, রসে বীর্য্যে ও বিপাকে কিঞ্চিৎ গুণাধিক্য।
মহেরণা, মহেরুণা, স্ত্রী, শল্লকী বৃক্ষ।
মহেশবন্ধু, পু, শ্রীফল বৃক্ষ।
মহেশ্বর, ন, স্বর্ণ।
মহেশ্বরী, স্ত্রী, অপরাজিতা, কাংস্যরাজনীতি।
মহেরণ্ড, পু, স্থূলৈরণ্ড।
মহৈলা, স্ত্রী, স্থূলৈলা।
মহোটিকা, স্ত্রী, বৃহতী।
মহোৎপল, ন, পদ্ম।
মহোদয়া, স্ত্রী, নাগবলা।
মহোদরী, স্ত্রী, মহাশতাবরী।
মহোন্নত, পু, তালবৃক্ষ।
মহোরগ, ন, তগর মূল।
মহৌষধ, ন, ভূম্যাহ্বলা, শুণ্ঠী, লশুন, বারাহীকন্দ, বৎসনাভ, পিপ্পলী, অতিবিষা।
মহৌষধী, স্ত্রী, দূর্ব্বা, লজ্জালু ক্ষুপ, শ্বেতকন্টকারী, ব্রাহ্মী, কটুকা, অতিবিষা, হিলমোচিকা।

মহাকন্দ, ম্লেচ্ছকন্দ, পু, পিয়াজ বৃক্ষ।
মাংসকন্দ, (Proud flesh) ক্ষতাদি উত্থিত উপমাংস।
মাংসচ্ছদা, স্ত্রী, মাংসরোহিণীবিশেষ।
মাংসজ, মাংসতেজ, ন, মেদ।
মাংসদলন, পু, প্লীহঘ্ন বৃক্ষ।
মাংসদ্রাবী, পু, অম্লবেতস।
মাংসপেশী, স্ত্রী, দেহস্থ মাংসখণ্ড সমুদায়। (Muscle)।
মাংসাঙ্কুর, (Granulation) গ্র্যানুলেশন।
মাংসক্ষয়, (Mar as mus) শীর্ণতা।
মাংসফলা, স্ত্রী, বার্ত্তাকী।
মাংসমাষা, স্ত্রী, সুগন্ধি দ্রব্য বিশেষ; (গুণ) বৃষ্য, সারক, দোষত্রয় নাশী।
মাংসরোহী, স্ত্রী, সুগন্ধ দ্রব্যবিশেষ।
মাংসলফলা, স্ত্রী, বৃন্তাকী।
মাংসসার, মাংসস্নেহ, পু, মেদ।
মাংসহাসা, স্ত্রী, চর্ম্ম।
মাংসিনী, স্ত্রী, জটামাংসী।
মাংসী, স্ত্রী, জটামাংসী, কক্কোলী, মাংসচ্ছদা।
মাংসেষ্টা, স্ত্রী, বলগুলা, বাকুচী।
মাইআইটিস, (Myitis) পেশীর প্রদাহ।
মাইএস্থিনিয়া, (Myasthenia) পেশীর দৌর্ব্বল্য।

মাইওটিক, (Myotic) চক্ষুর তারার আকুঞ্চক ঔষধ।

মাইওপিয়া, (Myopia) নিকট দৃষ্টি রোগ।

মাইওমিয়া, (Tyomia) পেশীর ন্যায় পদার্থ বিশিষ্ট অর্ব্বুদ।

মাইওলিন, (Myoline) পেশীর নির্ম্মাণ বিধান।

মাইওসিস, (Myosis) চক্ষুর তারার অতিশয় সঙ্কুচিত ও অচল অবস্থা।

মাইওসেস, (Myoses) পেশীর রোগ।

মাইক্রস, (Mycros) অণু, ক্ষুদ্র।

মাইক্রসকোপ, (Microscope) অণুবীক্ষণ যন্ত্র।

মাইক্রসপোর, মাইক্রসপোরণ, (Microspore, Microsporon) বিবিধ চর্ম্ম রোগে দৃষ্ট উদ্ভিজ্জ পরাঙ্গপুষ্টির সাধারণ নাম।

মাইক্রোফথ্যালমিয়া,(Microphthalmia) চক্ষুর অস্বাভাবিক ক্ষুদ্রত্ব।

মাইগেল অফ কিউলেরিয়া, মাকড়সা বিশেষ।

মাইগেল ল্যাসিডডেরা, কিউবন স্পাইডার, মাকড়শা বিশেষ।

মাইরেকা সেরিকরা, (Bay-Berry) বেবেরি, গুল্মবিশেষ।

মাইরিসিন, মাইবিকার বীর্য্য।

মাইরিষ্টিকা, (Nutmeg) নাটমেগ, জায়ফল।

মাইট্র্যাল, (Mitral) দ্বিকপাটীর।

মাইড্রিয়েসিস, (Mydriasis) চক্ষুর তারার অস্বাভাবিক প্রসারণ।

মাইণ্ড, (Mind) মন, মনুষ্যের বৃহৎ মস্তিষ্ক জনিত সমস্ত ক্রিয়া সম্পাদন শক্তি।

মাইনরা, মাইনার, (Minora, Minor) ক্ষুদ্রতর।

মাইনার্স, (Miners) খনিতে কার্য্য করে যে ব্যক্তি।

মাইবোমিয়ান গ্ল্যাণ্ডস, (Meibomian glands) চক্ষুর পাতার প্রান্তস্থিত মোমের ন্যায় পদার্থস্রাবী ক্ষুদ্র ক্ষুদ্র গ্রন্থি।

মাইয়্যালজিয়া, (Myalgia) পেশীশূল, পেশীবেদনা।

মাইরিঞ্জাইটিস্, (Myringitis) কর্ণপটহের ঝিল্লীর বা কর্ণপটহেরই প্রদাহ।

মাইলয়েড, (Myeloid) মজ্জাসদৃশ।

মাইলাইটিস্, (Myelitis) মস্তক ও পৃষ্ঠবংশের মজ্জার প্রদাহ।

মাইলোমা, (Myeloma) মজ্জার ন্যায় অর্ব্বুদ।

মাইসিটোমা, (Mycitoma) মাদুরা প্রদেশের পাদরোগ; ভারতবর্ষের অন্যত্রও এই রোগ জন্মিয়া থাকে। ইহাতে হাত পা স্ফীত হয় ও উহার উপর মৎস্যের অণ্ডের ন্যায় ক্ষুদ্র ক্ষুদ্র থোপা থোপা গুটিকা জন্মে এবং বহু সংখ্যক মুখ হইয়া তদ্বারা পাতলা স্রাব নিঃসৃত হয়।

মাইয়্যাজম, মাইএজমা, (Miasm, Miasma) দূষিত বাষ্প।

মাইয়্যাজমেটা, (Miasmata) মাইয়্যাজমা শব্দের বহুবচন।

মাইয়্যাজমেটিক, (Miasmatic) পূতিবাষ্প সম্বন্ধীয়।

মাউথ, (Mouth) মুখমধ্য, মুখগহ্বর।

মাকন্দ, পু, আম্র বৃক্ষ।

মাকন্দী, স্ত্রী, আমলকী, পীত চন্দন; (গুণ) কটু, তিক্ত, মধুর, দীপক, রুচ্য, অল্প বাতকর, পথ্য। বর্ষাতে ন সিতাধিকত্ব।

মাগধ, পু, শুক্লজীরক।

মাগধী, স্ত্রী, যূথিকা, পিপ্পলী, ছোট এলাইচ, শর্করা।

মাঘ্য, ন, কুন্দপুষ্প।

মাঙ্গলার্হা, স্ত্রী, ত্রায়মানা লতা।

মাচিকা, স্ত্রী, অম্বষ্ঠা।

মাচীপত্র, ন, স্থূরপর্ণ।

মাটাম্রক, পু, বৃক্ষভেদ।

মাটারিং, (Muttering) অস্পষ্ট ও অসংলগ্ন শব্দোচ্চারণ।

মাড়, পু, বৃক্ষবিশেষ, মাড়বৈশে নামে কোকনে প্রসিদ্ধ; (গুণ) মোহকর, শ্লেষ্মহর ও শ্রমনাশক।

মাঢ়ী, স্ত্রী, দন্তশিরা।

মাণক, ন, কন্দবিশেষ, মানকচু; (গুণ) স্বাদু, শীতল, গুরু, শোথহর ও কটু। পু, মানকচু গাছ, স্থলপদ্ম, মণি, বৃহচ্ছদ, ছত্রপত্র।

মাণিকা, স্ত্রী, আট পল পরিমাণ, এক সের।

মাণিক্য, ন, রত্নবিশেষ, মাণিক; (গুণ) মধুর, স্নিগ্ধ, বাতপিত্তনাশী, রত্নপ্রয়োগে প্রধান ও মণিময় রসায়নক।

মণিবন্ধ, ন, সৈন্ধব লবণ।

মাণ্ডুক, ন, অহিফেণ।

মাতুঙ্গ, পু, অশ্বত্থ বৃক্ষ।

মাতুল, পু, ধুস্তুর, ব্রীহিভেদ, মদন বৃক্ষ।

মাতুলক, পু, ধুস্তুর বৃক্ষ।

মাতুলপুত্রক, পু, ধুতুরা ফল।

মাতুলানী, পু, কলাই, শণ, প্রিয়ঙ্গু বৃক্ষ, সিদ্ধি।

মাতুলুঙ্গক, পু, ছোলাঙ্গ বৃক্ষ; (গুণ)

তিক্ত, দুর্জর, কফবাতনাশী, বিগত-রস; (তন্মাংস গুণ) স্বাদু, শীতল, গুরু এবং বায়ুপিত্তনাশী।

মাতুলুঙ্গা, স্ত্রী, মধুকর্কটী।

মাতুলুঙ্গিকা, স্ত্রী, বনবীজপুর।

মাতৃসিংহী, স্ত্রী, বাসক।

মাত্রা, (Dose) ঔষধের পরিমাণ।

মাত্রিকা, (Meninges) মস্তিষ্কাবরক ঝিল্লী।

মাদন, ন, লবঙ্গ। পু, মদন বৃক্ষ, ধুতূরা।

মাদনী, স্ত্রী, বিজয়া, মাকন্দী।

মাদক, (Narcotic) মত্ততাজনক।

মাদার টীংচার, (Mother tincture) মুল, অরিষ্ট, আদত আরক।

মাদার্শ মার্ক, (Mothers mark) জটুল, জন্মদাগ, মাতৃচিহ্ন।

মাদ্রী, স্ত্রী, অতিবিষা।

মাধব, পু, মধুক বৃক্ষ, কৃষ্ণমুদ্গ।

মাধবিকা, স্ত্রী, মাধবী লতা।

মাধবী, স্ত্রী, স্বনামখ্যাত পুষ্পলতা; (গুণ) কটু, তিক্ত, কষায়, মদগন্ধী, পিত্ত কাস ব্রণ দাহ শোথ নাশী।

মাধবীলতা, স্ত্রী, স্বনামখ্যাত পুষ্প-লতিকা।

মাধবেষ্টা, স্ত্রী, বারাহীকন্দ।

মাধবোচিত, ন, কক্কোলক।

মাধবোদ্ভব, পু, রাজাদনী।

মাধুর, ন, মল্লিকা।

মাধুরী, স্ত্রী, মদ্য।

মাধুর্য্য, (Mildness) অনুগ্রতা, মৃদুতা।

মাধ্যাকর্ষণ, (Gravitation) গ্রাভিটেশন দেখ।

মাধ্যান্ত্রিক, (Mesenteric) মধ্যান্ত্র সম্বন্ধীয়।

মাধ্যান্ত্রিক ক্ষয়, (Tabes mesenteric) মধ্যান্ত্রে গুটিকা উৎপাদন ও তজ্জন্য শরীরক্ষয়কর রোগ।

মামড়ি, (Crust) চমটী, চিপিটিকা।

মার্কিউরী, মার্করী, (Mercury) পারদ।

মার্কিউরিয়েল, (Mercurial) পারদসম্বন্ধীয়।

মার্কিউরিয়াস, মার্কিউরী, (Mercurius) পারদ, পারা। ইহার অন্য নাম হাইড্রার্জিরাম এবং কুইক সিল্‌ভার। প্রয়োগরূপ—হাইড্রর্জিরম কম ক্রিটা, ইংরাজীতে মার্কারী উইথ চক, অথবা সাধারণতঃ গ্রে-পাউডার কহে। পারদ ১ আং, বিশুদ্ধ খটিকা ২ আং, উত্তমরূপে একত্র মর্দ্দন করিলে পারা অদৃশ্য হইবে। মাত্রা—২ হইতে ৫ গ্রেঃ।

মার্কিউরিয়াস আইওডেটাস্, (Iodide of

murcury) আইওডাইড অফ মার্করী। ইহা দুই প্রকার—(Green Iodide of mercury) গ্রীন আইওডাইড অফ মার্করী এবং (Red Iodide of mercury) রেড আইওডাইড অফ মার্করী। প্রথমোক্ত ঔষধে পারদ ১ আং, আইওডিন ২৭৮ গ্রেঃ, শোধিত সুরা প্রয়োজনমত দিয়া প্রস্তুত করিতে হয়। ক্রিয়া—পরিবর্ত্তক ও লালানিঃসারক। মাত্রা—তিন ভাগের এক ভাগ হইতে অর্দ্ধ গ্রেঃ বালকের পক্ষে এবং পূর্ণ বয়স্কের পক্ষে ১ হইতে ৩ গ্রেঃ। শেষোক্ত প্রকার আইওডাইড অফ মার্করীতে রসকর্পূর ৪ আং, আইওডাইড অফ পটাসিয়ম ৫ আং, স্ফুটিত এবং পরিস্কৃত জল ৪ পাইন্ট থাকে। ক্রিয়া—পরিবর্ত্তক, শোধক ও দাহক। মাত্রা—কুড়ি ভাগের একভাগ হইতে আটভাগের এক ভাগ গ্রেঃ।

মার্কিউরিয়াস এসিটাস, (Acitate of mercury) য়্যাসিটেট অফ মাকুরী।

মাধ্বক, ন, মাধ্বী।

মাধ্বী, স্ত্রী, মদ্য, মধ্বাদিকৃত সুরা।

মাধ্বীক, ন, মধূক পুষ্পকৃত মদ্য, মধু।

মাধ্বীকফল, পু, মধু নারিকেল।

মাধ্বীমধুরা, স্ত্রী, মধ খর্জুরিকা।

মানক, ন, পু, মানকচু ; (গুণ) স্বাদু, শীতল, গুরু, শোথহর ও কটু।

মানধানিকা, স্ত্রী, কর্কটী।

মানিকা, স্ত্রী, একসের পরিমাণ, মদ্য।

মানিনী, স্ত্রী, কলীবৃক্ষ।

মায়াফল, ন, ফলবিশেষ, মাইফল ; (গুণ) বাতহর, কটু, উষ্ণ, শৈথিল্য সঙ্কোচক কেশকার্ষ্ণ্যদায়ক।

মায়িক, ন, ফলবিশেষ, মাইফল।

মায়ু, পু, পিত্ত।

মায়ূরী, স্ত্রী, অজমোদা।

মার, পু, ধুস্তুর।

মারিষ, পু, তণ্ডুলীয় শাকবিশেষ ; (গুণ) মধুর, শীতল, বিষ্টম্ভী, পিত্তনাশক এবং গুরু।

মারুতাপহ, পু, বরুণ বৃক্ষ।

মার্ক, পু, ভৃঙ্গরাজ।

মার্কণ্ডিকা, স্ত্রী, লতাবিশেষ; (হিন্দী) ভুইখৎসা। কাকরোল বিশেষ; (গুণ) কুষ্ঠহর, উর্দ্ধাধঃকায়শোধক, বিষ দুর্গন্ধ কাস গুল্মোদর নাশী।

মার্কণ্ডী, স্ত্রী, বামুনহাটী।

মার্কণ্ডীয়, ন, ভূম্যাহল্য।

মার্কর, পু, ভীমরাজ।

মার্কব, পু, ভৃঙ্গরাজ।

মার্গ, পু, কস্তুরী।

মার্জন, পু, লোধ্রবৃক্ষ, শ্বেতলোধ্র, রক্তলোধ্র।

মার্জার, পু, রক্তচিত্রক, খট্টাস।

মার্জারগন্ধা, স্ত্রী, মুদ্গপর্ণী।

মার্জারী, স্ত্রী, কস্তুরী, গন্ধগোকুলা; (গুণ) বাস্তিধারক, চাক্ষুষ্য এবং কফবাতনাশী।

মার্তণ্ড, পু, অর্কবৃক্ষ।

মার্তণ্ড বল্লভা, স্ত্রী, আদিত্য ভক্তা।

মার্শ, (Marsh) ম্যালেরিয়া।

মার্ষ, পু, মারিষ শাক।

মার্ষিক, পু, মারিষ শাক।

মাল, পু, মালতী।

মালক, ন, স্থলপদ্ম। পু, নিম্ববৃক্ষ।

মালচক্রক, ন, শক্থি ও উরুর পর্ব্বসন্ধি, মালাইচাকি।

মালতী, স্ত্রী, স্বনামখ্যাত পুষ্প লতা; (গুণ) কফ পিত্ত মুখরোগ ব্রণ কৃমি এবং কুষ্ঠনাশী।

মালতিতীরজ, পু, টঙ্কন।

মালতিতীয় সম্ভব, ন, শ্বেত টঙ্কন।

মালতি পত্রিকা, স্ত্রী, জাতীপত্রী।

মালতীফল, ন, জাতীফল।

মালয়, পু, চন্দন বৃক্ষ, দেশবিশেষ।

মালবিকা, স্ত্রী, ত্রিবৃৎ।

মালবেরী ক্যালকিউলাস, (Mulberry calculus) তুঁতফলের ন্যায় আকৃতি বিশিষ্ট মূত্রজ অশ্মরী।

মাল্ট, মাল্টী, (Mult, Multy) বহুবাচক পূর্ব্বপদ।

মল্টি ফিডাস-স্পাইনা, (Multi fidus spinæ) পৃষ্ঠবংশের পেশীবিশেষ।

মাম্পস, (Mumps) কর্ণমূল ফুলা, পাষাণ গর্দ্দভ।

মারমার, (Murmur) ফুস্‌ফুসাদি যন্ত্রে বায়ু যাতায়াতের শব্দ। গর্ভবতী স্ত্রীলোকদিগের জরায়ুতে প্রায় চতুর্থ মাসের সময় এই শব্দ শুনা যায়। ভিনাস মর্ম্মর বায়ুপ্রধান বা রক্তহীন ব্যক্তিদিগের গ্রীবাদেশে ষ্টেথ্‌সকোপ দ্বারা যে শব্দ শুনিতে পাওয়া যায়।

মার, মারেণ, (Mur, Murrain) মেষাদি পশুর বসন্তের ন্যায় এক প্রকার সংক্রামক রোগ।

মাস্ক, মাস্কাস, (Musk, Moschus) মৃগনাভি, কস্তুরী।

মাস্কিউলার সিষ্টেম, (Muscular system) শরীরের সমগ্র পেশী, পেশীমণ্ডল।

মাংসেল, (Muscle) মাংসপেশী, শরীরের যে মাংসল অংশ দ্বারা গতি আকুঞ্চন ও প্রসারণাদি জন্মে। এই

সকল পেশীর যে গুলি ইচ্ছানুসারে চালনা করা যায়—যেমন মুখমণ্ডল, বাহু ও জঙ্ঘা প্রভৃতির পেশী, তাহাদিগকে ঐচ্ছিক পেশী বা voluntary muscle বলে। যে সকল পেশীর ক্রিয়া অবিরাম ও ইচ্ছাধীন নহে—যেমন হৃৎপিণ্ড পাকাশয়াদির পেশী, তাহাদিগকে অনৈচ্ছিক বা Involuntary muscle ইনভোলাণ্টরী মাঃসেল বলে।

মালসী, স্ত্রী, কেশপুষ্ট বৃক্ষ।

মালাকণ্ট, পু, অপামার্গ।

মালাকন্দ, পু, মূলবিশেষ; (গুণ) সুতীক্ষ্ণ গণ্ডমালা নাশী, দীপক, গুল্মহর, বাতশ্লেষ্মাপকর্ষক।

মালাগ্রন্থি, পু, মালাদূর্ব্বা।

মালাতৃণ, মালাতৃণক, ন, ভূতৃণ, গন্ধ খড়।

মালাদূর্ব্বা, স্ত্রী, গাঁঠিয়া দূর্ব্বা; (গুণ) সুমধুর, তিক্ত, শিশির, পিত্তদোষ প্রশমক, কফবাস্তি তৃষ্ণাপহ।

মালরিষ্টা, স্ত্রী, পাটী।

মালালিকা, মালালী, স্ত্রী, পৃক্কা।

মালিকা, স্ত্রী, সপ্তলা, সুরা, মসিনা।

মালিনী, স্ত্রী, অগ্নিশিখা বৃক্ষ, দুরালভা।

মালুধানী, স্ত্রী, লতাবিশেষ।

মালূক, পু, কৃষ্ণার্জক।

মালূর, পু, বিল্ববৃক্ষ, কপিত্থ বৃক্ষ।

মালেয়া, স্ত্রী, স্থূলৈলা।

মাল্যপুষ্প, পু, শণবৃক্ষ।

মাল্যপুষ্পিকা, স্ত্রী, শণপুষ্পী।

মাষ, পু, ব্রীহিভেদ, মাষকলাই; (গুণ) স্নিগ্ধ, বহু মলকর, শোষণক, শ্লেষ্মাকর, অনুষ্ণবীর্য্য, ঝটিতি, রক্তপিত্ত কোপনক, বাতহর, গুরু, বলকর, রোচক, স্বাদু, শ্রমসুখবিশিষ্ট মানব দিগের নিত্য সেবনীয়।

মাষক, পু, এক মাষা পরিমাণ।

মাষকলাই, পু, স্বনামখ্যাত শস্য।

মাষপর্ণী, স্ত্রী, বনমাষ, মাষাণী; (গুণ) তিক্তরস, বৃষ্য, দাহজ্বরাপহ এবং শুক্রবৃদ্ধিকর।

মাষা, স্ত্রী, মাষার পরিমাণ শুশ্রুত মতে ৫ রতি, ৭ রতি ও ৮ রতি, বৈদ্যকান্তরে ১০ রতি। জ্যোতিষ ও স্মৃতির মতে ১২ রতি; অধুনা বৈদ্যগণ ১২ রতিতে মাষা ধরিয়া থাকেন।

মাষাণি, পু, স্বনামখ্যাত উদ্ভিদ; (গুণ) মাষপর্ণী দেখ।

মাস, মাসক, পু, মাষ পরিমাণ, মাষা।

মাসন, ন, সোমরাজী।

মাহেশ্বরী, স্ত্রী, যবতিক্তা।

মাক্ষিক, ন, নীলবর্ণ মধ্যমাক্ষিকা কৃত

তৈলবর্ণ মধু; (গুণ) রুক্ষ, শ্রেষ্ঠ, শ্বাসাদি রোগে বিশেষ উপকারক। ধাতুবিশেষ। ইহা দ্বিবিধ—স্বর্ণমাক্ষিক ও রৌপ্যমাক্ষিক; (গুণ) মধুর, তিক্ত, অম্ল, কফভ্রম হৃল্লাস মূর্চ্ছার্তি শ্বাস কাস ও বিষাপহ।

মাক্ষিকজ, ন, সিক্থক।

মাক্ষিক ফল, পু, মধু নারিকেল;

মাক্ষীক, ন, মধু।

মাক্ষীক শর্করা, স্ত্রী, সিতাখণ্ড।

মিউকাস, (Mucus) শ্লেষ্মা।

মিউকাস, (Mucous) শ্লৈষ্মিক।

মিউকাস মেম্ব্রেণ, (Mucous membrane) শরীরাভ্যন্তরস্থ আবরক বা শ্লেষ্মাস্রাবী ঝিল্লি, শ্লৈষ্মিক ঝিল্লি।

মিউকো, (Muco) মিউকাস বাচক পূর্ব্ব-পদ।

মিউকিউনা প্রুরিয়েন্স, (Cow hage) কাউহেজ। মিকিউনা প্রুরিয়েন্স নামক বৃক্ষের ফলের গাত্রলোম। মার্কিন খণ্ডে এবং এদেশেও জন্মে। মহীলতার ন্যায় কৃমিরোগে ১—২ ড্রাং কিঞ্চিৎ গুড় বা শর্করার পাকের সহিত ব্যবহার্য্য।

মিউকো এণ্টিরাইটিস, (Muco entiritis) অন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লীর প্রদাহ।

মিউকো কটেনিয়াস, (Muco cutaneus) চর্ম্ম ও শ্লেষ্মাস্রাবী ঝিল্লী এতদুভয় হইতে উৎপন্ন।

মিউকো পিউরুলেণ্ট, (Muco purulent) শ্লেষ্মা ও পূয উভয়ের আকৃতি ও প্রকৃতি বিশিষ্ট।

মিউকোসিল, (Mucocele) অশ্রুকোষের বিবর্দ্ধন বা শোথ।

মিউটিটাস, (Mutitus) মূকতা, বোবাত্ব।

মিউরেক্স, মীনজ বর্ণক পদার্থ বিশেষ।

মিউলাইব্রিটী, (Muliebrity) স্ত্রীলোকের বয়ঃপ্রাপ্তি।

মিউসিন, (Mucin) অণ্ডের শ্বেতাংশের ন্যায় শ্লেষ্মার উৎপাদন।

মিউসিভল্যাণ্টাণ্টিস, (Muscæ volintantes) চক্ষুর সম্মুখে কৃষ্ণবর্ণ বিন্দু, মক্ষিকার পাখার ন্যায় ধূসর বর্ণ পদার্থ, অথবা মাকড়সার জালের ন্যায় অৰ্দ্ধ স্বচ্ছ সূত্রবৎ পদার্থ দর্শন। জাল-দৃষ্টি, মক্ষিদৃষ্টি।

মিউসিলেজ, (Mucilage) আঠাবৎ পদার্থের জলীয় দ্রব, মণ্ড, রক্তের বা স্নেহের জলীয় উপাদান।

মিউসিলেগো, (Mucilago) মণ্ড।

মিউসিলেগো ট্যাগাকান্থ, (Tragacanth) অ্যাষ্ট্রাগেলসবিরম ও অন্যান্য আষ্ট্র-

গেলস বৃক্ষের গঁদ; এসিয়া মাইনর-আর্মেনিয়া ও পারস্ত দেশে জন্মে।

মিউসিলেগো একেশি, (Gum acacia) গম একেশিয়া, আরবী গঁদ। একেশিয়া বৃক্ষ হইতে নির্গত গঁদ। আফ্রিকা খণ্ডের পূর্ব্বদেশে, উত্তমাশা অন্তরীপে, বোম্বাই ও নিউ হল্যাণ্ড দেশে উৎপন্ন হয়। ক্রিয়া—স্নিগ্ধ ও আর্দ্রকারক এবং আবরক ও পোষক। মাত্রা—৩০ হইতে ৬০ গ্রেঃ।

মিউসিলেগো এমিলাই, (Mucilage of Amyli) মিউসিলেজ অফ এমিলাই।

মিএটাস, (Meatus) গহ্বর বা নালীর দ্বার।

মিকেনিয়া গোয়াটো, গোয়াকো, আমেরিক ক্ষুপ বিশেষ।

মিকোমিটার, (Mecometer) শরীরের দীর্ঘতা পরিমাপক যন্ত্র।

মিক্টারিশন, (Micturition) মূত্রত্যাগ করণ।

মিক্শ্চার, (Mixture) মিশ্রিত তরল ঔষধ, মিশ্র।

মিগ্রিম, (Megrim) আধকপালে, মাথাব্যথা, অৰ্দ্ধশিরঃ শূল।

মিচেলারিপেন্স, আমেরিক ক্ষুপ বিশেষ।

মিজিয়েল লাইন, (Mesial line) মধ্যরেখা।

মিটামরফোসিন, (Metamorphosin) স্বাভাবিক বিকাশ। ক্রিয়াবশতঃ জীবিত দেহের আকার ও ক্রিয়াগত পরিবর্ত্তন। আকার পরিবর্ত্তন।

মিটিঅরিজম, (Metiorism) আধ্মান, উদরে বায়ুর উৎপত্তি।

মিট্রা, (Metra) জরায়ু।

মিট্রাইটিস, (Metritis) জরায়ু প্রদাহ।

মিট্র্যালজিয়া, (Metralgia) জরায়ুবেদনা।

মিট্র্যাল, (Metral) খৃষ্টান ধর্ম্মাচার্য্য অর্থাৎ বিশপের মুকুটের আকার।

মিট্রোটমি, (Metrotomy) জরায়ুচ্ছেদ।

মিট্রোডিনিয়া, (Metrodynia) জরায়ুশূল।

মিট্রোপেরিটোনাইটিস, (Metro-peritonitis) জরায়ুবেষ্টক আবরণের প্রদাহ।

মিট্রোপ্যাথি, (Metropathy) জরায়ুর সর্ব্বপ্রকার রোগ।

মিট্রোফ্লিবাইটিস, (Metrophlebitis) জরায়ুর শিরা প্রদাহ।

মিট্রোমেনিয়া, (Metro-mania) কামোন্মাদ।

মিট্রোরেজিয়া, (Metro-ragia) জরায়ু হইতে অতিরিক্ত রক্তস্রাব।

মিট্রোরিয়া, (Metrorrhoea) জরায়ু হইতে তরল স্রাব নিঃসরণ।

মিট্রোস্কোপ, (Metroscope) গর্ভাবস্থায় জরায়ু গ্রীবার গাত্রে সংলগ্ন করিয়া জ্রূণের হৃৎপিণ্ডের শব্দ শুনিবার এক প্রকার যন্ত্র, জরায়ু গহ্বরে আলোক প্রবিষ্ট করাইবার যন্ত্র।

মিড ওয়াইফ, (Mid-wife) ধাত্রী, প্রসবকার্য্যে নিপুণা স্ত্রীলোক।

মিডওয়াইফারী, (Mid-wifery) ধাত্রীবিদ্যা।

মিডিয়াস, (Medius) মধ্য।

মিডিয়েট, (Mediate) ব্যবহিত।

মিডিয়ান, (Median) মধ্যস্থ।

মিডিয়ান লাইন, (Median line) কল্পিত মধ্য রেখা।

মিডিয়াষ্টাইনম, (Mediastinum) ফুস্‌ফুসবেষ্টদ্বয়ের মধ্যবর্ত্তী বক্ষঃস্থলের মধ্যবর্ত্তী স্থান।

মিড্রিফ, (Midriff) ডায়াফ্রাম।

মিনিঞ্জিস, (Meninges) মস্তিষ্কের আবরক ঝিল্লীত্রয়, মাত্রিকা।

মিনিঞ্জিয়্যাল, (Meningial) মাত্রিকা সম্বন্ধীয়।

মিনিম, (Minim) তরল পদার্থের ষাইট ভাগের এক ভাগ, এক বিন্দু।

মিনিম গ্ল্যাস, (Minim glass) বিন্দুপরিমাপক গ্লাস।

মিনিমাস, (Minimus) ক্ষুদ্রতম।

মিনিমিটার, (Minimeter) মিনিম পরিমাপক পিচ্‌কারীর ন্যায় যন্ত্রবিশেষ।

মিম্মিন, স্ত্রী, সানুনাসিক বাক্যবিশেষ, খোনা; বায়ু কফসংযুক্ত হইয়া শব্দবাহিনী ধমনীকে আবরণ করিলে মিম্মিনত্ব উৎপত্তি হয়।

মিলাইটিস্ (Militis) গালের প্রদাহ।

মিলন্‌কোলি, মিলন্‌কোলিয়া, (Melancholy, Melancholia) সাধারণতঃ এক বিষয়ে নিবদ্ধ ও মানসিক অবসাদ বিশিষ্ট মনোবিকার; বিষাদবায়ু।

মিলাস, (Melas) কৃষ্ণবর্ণ, আরব দেশের কৃষ্ণ চিহ্ন বিশিষ্ট এক প্রকার রোগ, কুষ্ঠরোগ।

মিলিএরিয়া, (Miliaria) ক্ষুদ্র ক্ষুদ্র পীড়কা বিশিষ্ট এক প্রকার চর্ম্মরোগ, প্রিয়ঙ্গু, ঘামাচি।

মিলিনা, (Melæna) আলকাতরার ন্যায় কৃষ্ণবর্ণ মল বা বমন; কৃষ্ণবর্ণ রক্ত বিরেচন।

মিলিফোরিয়ম ইয়ারো, ইউরোপীয় বৃক্ষ বিশেষ।

মিলিয়ারি গ্লাণ্ডস, (Meliary glands) চর্ম্মের বসাস্রাবী গ্রন্থি।

মিলিয়ারী য়্যাজমা, (Meliary asthma) শিশুদিগের আক্ষেপিক বা তরুণ শ্বাস কাস রোগ।

মিল্যানয়েড, (Milanoid) মেলেনোসিস সদৃশ।

মিল্যানোটিক, মেলানোটিক, (Melanotic) কৃষ্ণবর্ণ।

মিলেনোমা, মেলেনোমা, (Melanoma) কৃষ্ণার্ব্বুদ।

মিলেনোসিস, (Melanosis) শরীরের নানা স্থানে কৃষ্ণবর্ণ পদার্থের সঞ্চয়যুক্ত এক প্রকার রোগ। কৃষ্ণচর্ম্মরোগ।

মিল্ক, (Milk) স্তন্য, দুগ্ধ।

মিল্ক গ্লোবিউল্স্, (Milk globules) দুগ্ধস্থ তৈলময় গোলাকার পদার্থ।

মিল্ক নট, (Milk knot) প্রদাহ বা দুগ্ধ-লোপবশতঃ স্তনে যে গাঁইট জন্মে।

মিল্ক ফিবার, (Milk fever) প্রসূতি-দিগের দুগ্ধস্রাবের পরবর্ত্তী বা সহ-বর্ত্তী জ্বর, দুগ্ধজ্বর।

মিল্ক য়্যাবশেশ, (Milk abcess) প্রসূতি-দিগের স্তনব্রণ।

মিল্কলেগ, (Milk-leg) প্রসবের পর স্ত্রীলোকদিগের জঙ্ঘাস্ফীতিরোগ। ফ্লেগ্মেশিয়া ডোলেন্স।

মিল্ক সুগার, (Milk sugar) দুগ্ধ হইতে উৎপন্ন চিনি।

মিল্ক স্ক্যাব বা স্কল, (Milk scab or scoll) দুগ্ধকণ্ডু, পেরাইগো, লার্বে-লিশ।

মিল্ক স্পট, (Milk spot) এক প্রকার ষ্ট্রফিউলাস রোগ।

মিশি, স্ত্রী, মধুরিকা, শতপুষ্পা, জটা-মাংসী।

মিশী, স্ত্রী, জটামাংসী, মধুরিকা।

মিশ্চুরা, (Mistura) মিকশ্চার, মিশ্র।

মিশ্ল্স্, (Measles) মিলমিলে।

মিশ্র, ন, চাণক্য মূলক।

মিশ্রক, ন, ঔষধ লবণ।

মিশ্রপুষ্পা, স্ত্রী, মৈথিকা।

মিশ্রবণ, ন, কৃষ্ণাগুরু।

মিশ্রবণফলা, স্ত্রী, বার্ত্তাকী।

মিশ্রশব্দ, পু, খেসর।

মিশ্রেয়া স্ত্রী, মধুরিকা, মৌরী, শাকভেদ, শুল্ফা; (গুণ) মধুর, স্নিগ্ধ, কটু, গরম কফহর, বাতপিত্তোথদোষ প্লীহ জন্তুবিনাশী।

মিষি, স্ত্রী, জটামাংসী, মধুরিকা, শতপুষ্পা।

মিষিকা, স্ত্রী, জটামাংসী।

মিষ্ট লেবার, (Miosed labor) গর্ভে ভ্রূণের মৃত্যু এবং জরায়ুতে গর্ভকালের অতিরিক্ত সময় উহার অবস্থান।

মিষ্টপাক, পু, শর্করারসপক্ক ফলাদি; মিষ্টান্ন। ন, মধুর দ্রব্য, মোরব্বা।

মিস্‌ক্যারেজ, (Miscarriage) গর্ভধারণের ছয় সপ্তাহ মধ্যে গর্ভস্রাব।

মিহির, পু, অর্কবৃক্ষ

মীননেত্রা, স্ত্রী, গণ্ডদূর্ব্বা।

মীনবল্কিকা, (Ichthysosis) ইক্‌থিওসিস্‌ রোগ।

মীনাণ্ডী, স্ত্রী, শর্করা।

মীনাক্ষী, স্ত্রী, মৎস্যাক্ষী, গণ্ডদূর্ব্বা।

মুকুট ধমনী, (Coronary artery) করোনারী আর্টারী।

মুকুন্দক, পু, পলাণ্ডু, ষষ্টিক ব্রীহি।

মুকুন্দ, পু, কুন্দরু, পারদ।

মুকুর, পু, বকুল বৃক্ষ, মল্লিকাপুষ্প বৃক্ষ।

মুকুষ্ট, পু, বনমুদ্গ, মুগানি; (গুণ) শীতল, গ্রাহী, রক্তপিত্ত জ্বরনাশী।

মুকুষ্টক, পু, বনমুদ্গ, মুগানি।

মুকুলক, পু, দন্তীবৃক্ষ।

মুক্তরসা, স্ত্রী, রাস্না।

মুক্তা, স্ত্রী, রাস্না। স্বনামপ্রসিদ্ধ শুক্তিসম্ভূত রত্ন; (গুণ) সারক, শীতল, কষায়, স্বাদু, লেখনক, চক্ষুস্য এবং তন্ধারণক।

মুক্তাগার, ন, শুক্তি, ঝিনুক।

মুক্তাগৃহ, ন, ঝিনুক।

মুক্তাপুষ্প, ন, কুন্দবৃক্ষ।

মুক্তাপ্রসূ, স্ত্রী, ঝিনুক।

মুক্তাফল, ন, কর্পূর, মৌক্তিক, লবলী ফল।

মুক্তাস্ফোট, মুক্তস্ফোটা, পু, শুক্তি।

মুক্তিযুক্ত, পু, শিহ্লক।

মুখ, ন, ওষ্ঠদ্বয়, দন্তমূল, দন্ত, জিহ্বা ও গল এই অঙ্গ সমুদায়। পু, লকুচ।

মুখগন্ধক, মুখদূষণ, পু, পলাণ্ডু।

মুখদূষিকা, স্ত্রী, মুখজাত ক্ষুদ্র রোগ বিশেষ, বয়স ফোড়া। (acne)

মুখধাবন, ন, আস্য প্রক্ষালন, মুখ ধোয়া। পটোল, নিম্ব, জম্বু, আম্র, মালতী, বনপ্লক্ষ এই পঞ্চ পল্লবে দন্তধাবন করা প্রশস্ত।

মুখধৌতা, স্ত্রী, ব্রাহ্মণযষ্টিকা।

মুখপূরণ, ন, গণ্ডূষ।

মুখপ্রিয়, পু, নারাঙ্গ।

মুখপ্রসেক (Water brash) মুখ দিয়া জল উঠা।

মুখভঙ্গি, (Expression) মুখের ভাব।

মুখভূষণ, ন, তাম্বুল।

মুখমণ্ডনক, পু, তিলক বৃক্ষ।

মুখমোদ, পু, শোভাঞ্জন।

মুখরাগ, (Flush) মনোভাব বশতঃ মুখমণ্ডলের অস্থায়ী আরক্ততা।

মুখরোগ, পু, ওষ্ঠ, দন্তমূল ও দন্তবেষ্টাদি অঙ্গসপ্তক সম্ভূত ৬৭ প্রকার রোগ।

মুখশায়ী গ্রন্থি, (Prostate) প্রষ্টেট।

মুখবল্লভ, পু, দাড়িম্ব বৃক্ষ।

মুখবাচিকা, স্ত্রী, অম্বষ্ঠা।

মুখবাস, পু, গন্ধতৃণ।

মুখশোধন, ন, গুড়ত্বক।

মুখশোধী, পু, জম্বীর।

মুখসুর, ন, তালসুরা, তাড়ী।

মুখস্রাব, পু, লালা।

মুখার্জ্জক, পু, অর্জ্জক।

মুখ্য, (Proximate) নিকটবর্ত্তী প্রধান।

মুখ্য উপদংশ, (Primary syphlis) উপদংশের প্রথমাবস্থা, প্রাথমিক উপদংশ।

মুখ্যকারণ, (Primary cause) প্রধান বা মুখ্য কারণ।

মুখ্যক্রিয়া, (Direct action) অব্যবহিত ক্রিয়া, অর্থাৎ যে দুইটি ক্রিয়ার মধ্যে অপর কোন ক্রিয়া হয় নাই।

মুচকুন্দ, পু, পুষ্প বৃক্ষ বিশেষ, মোচকন্দ; (গুণ) কটু, তিক্ত, কফবাতনাশী, কণ্ঠকর, তগ্দোষ শোষ শমনক, জীর্ণজ্বর নাশক, শিরঃপীড়া পিত্তাসৃ বিষ নাশী।

মুঞ্চক, পু, মুষ্কক বৃক্ষ।

মুঞ্জ, পু, তৃণবিশেষ, মুজ; (গুণ) মধুর, শীতল, কফপিত্তজ দোষনাশী, গ্রহরক্ষা ও দীক্ষায় পাবক এবং ভূতনাশী।

মুঞ্জর, ন, শালুক।

মুঞ্জাতক, পু, পুষ্পশাকভেদ ; (গুণ) স্বাদু, বৃষ্য, পিত্তানিলাপহ।

মুণ্ড, ন, বোল, লৌহ। পু, স্থানুবৃক্ষ।

মুণ্ডচনক, পু, কলাই।

মুণ্ডফল, পু, নারিকেল বৃক্ষ।

মুণ্ডশালি, পু, শালিবিশেষ, (গুণ) মধুরাম্ল, ত্রিদোষনাশী, রুচিকর, বলপ্রদ, পথ্য, মুখজাড্যরুজাপহ।

মুণ্ডা, স্ত্রী, মণ্ডীরিকা।

মুণ্ডাখ্যা, স্ত্রী, মহাশ্রাবণিকা।

মুণ্ডারস, ন, লৌহ।

মুণ্ডিতিকা, স্ত্রী, বৃক্ষবিশেষ, মুণ্ডিরী।

মুণ্ডীরিকা, বৃক্ষবিশেষ, মুণ্ডিরী, ভূমিকদম্ব।

মুৎ, স্ত্রী, বৃদ্ধিনামক ঔষধ।